শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা



# বার্ষিক প্রতিবেদন



## ২০২১-২০২২





প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা

মুজিব শতবর্ষ MUJIB 100

# বার্ষিক প্রতিবেদন

## ২০২১-২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

www.probashi.gov.bd

বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২

# প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

## সম্পাদনা পর্ষদ


নির্দেশনায়

ড. আহমেদ মুনিরুছ সালেহীন
সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

আহ্বায়ক

মো: আব্দুল মান্নান
অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ

সদস্য

সন্দীপ কুমার সরকার
উপসচিব, অভিবাসন ও দক্ষতা উন্নয়ন তহবিল

দীপক কুমার রায়
সিনিয়র সহকারী সচিব, সেবা ও প্রটোকল

মো. আবু রায়হান
সিস্টেম এনালিস্ট

সদস্য সচিব

মির্জা শাকিলা দিল হাছিন
উপসচিব, সংসদ ও সমন্বয়

প্রকাশনা ও সর্বস্বত্ব

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রকাশকাল

অক্টোবর, ২০২২



"আমাদেরকে সোনার দেশের সোনার মানুষ হতে হবে"

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



“প্রবাসীরা অনেক দিয়েছেন এবার দেশ তাদের দেবে”

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা



**মন্ত্রী**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত। নিরাপদ অভিবাসন, প্রবাসী ও বিদেশ গমনেচ্ছু কর্মীদের কল্যাণ নিশ্চিতকরণ, দক্ষ জনশক্তি সৃষ্টি এবং বৈদেশিক কর্মসংস্থান সম্প্রসারণের লক্ষ্যে ২০০১ সালের ২০ ডিসেম্বর এ মন্ত্রণালয় প্রতিষ্ঠা করা হয়। আমি অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, ২০২১-২২ অর্থবছরে প্রায় ৯,৬৭,০০০ জন কর্মীর বৈদেশিক কর্মসংস্থান হয়েছে এবং ২১ বিলিয়ন ডলারের বেশি বৈদেশিক মুদ্রা অর্জিত হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সংক্রান্ত জাতীয় স্টিয়ারিং কমিটির ১ম সভায় দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের উপর গুরুত্ব আরোপ করেন। ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় উপজেলা পর্যায়ে একটি করে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) স্থাপন ও প্রশিক্ষণের মাধ্যমে দক্ষকর্মী তৈরীর নির্ধারিত লক্ষ্যমাত্রা প্রদান করা হয়েছে। সরকারের নির্বাচনী ইশতেহারে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী গড়ে প্রতি উপজেলা থেকে এক হাজার দক্ষ কর্মী বিদেশ প্রেরণের বিষয়ে উল্লেখ রয়েছে। এসব লক্ষ্য পূরণের জন্য সারাদেশে ৪০টি উপজেলায় ৪০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও চট্টগ্রামে একটি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং ইতোমধ্যে বিগত ২৮ জুন ২০২২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী ২৪টি নতুন টিটিসি উদ্বোধন করেছেন। এরই ধারাবাহিকতায় মুজিববর্ষ উপলক্ষ্যে আরো ১০০টি উপজেলায় ১০০টি টিটিসি নির্মাণ প্রকল্প প্রণয়নপূর্বক অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরিত হয়েছে।

প্রবাসী কর্মী এবং তাদের পরিবারের জন্য কল্যাণমূলক কাজের অংশ হিসেবে ২০২১-২২ অর্থ বছরে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের ৫,০০০ জনের মধ্যে ৯ কোটি টাকার বেশি বৃত্তি প্রদান, মৃতদেহ পরিবহণ ও দাফন বাবদ প্রায় ৩,৮০০ জনকে ১৩ কোটি ২৫ লক্ষ টাকা, মৃত্যুজনিত ক্ষতিপূরণ ও বকেয়া অর্থ বাবদ ৬,০০০ জনকে প্রায় ১৮০ কোটি ১০ লক্ষ টাকাসহ সর্বমোট ১১ লক্ষ ১০ হাজার জনকে আনুমানিক ৪০২ কোটি ৩৯ লক্ষ টাকার অধিক আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। প্রবাসী কর্মীদের দুর্ভোগ লাঘবের জন্য বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টার নির্মাণ করা হয়েছে। বাংলাদেশ ওভারসীজ এমপয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল) কর্তৃক শূন্য অভিবাসন ব্যয়ে ১৩,৭৫৭ জন কর্মী প্রেরণ করা হয়েছে। নারী কর্মীর সংখ্যা শতকরা ৮৫ ভাগে উন্নীত করা হয়েছে। করোনাকালীন যে সকল বাংলাদেশী কাজ হারিয়ে দেশে ফেরত এসেছেন তাদের কল্যাণ ও পুনর্বাসনের জন্য প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে ২০২১-২২ অর্থবছরে ৩৭,১১১ জনকে ৮৪১.৫৮ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে।

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সবসময় সমৃদ্ধ বাংলাদেশের স্বপ্ন দেখেছেন। তাঁর দুঃসাহসিক এবং দৃঢ় বিশ্বাসী আত্মপ্রত্যয়ের মাধ্যমেই আমরা পেয়েছি স্বাধীনতা। জাতির পিতার সুযোগ্য কণ্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্ব বাংলাদেশকে এগিয়ে নিয়েছে এক অনন্য উচ্চতায়। আজ বাংলাদেশ বিশ্বের ৪১তম বৃহৎ অর্থনীতির দেশ এবং দক্ষিণ এশিয়ায় দ্বিতীয়। উন্নয়নের এ অগ্রযাত্রায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় আগামীতে আরো জোরালো ভূমিকা রাখবে এ আশাবাদ ব্যক্ত করছি। পরিশেষে বার্ষিক প্রতিবেদন ২০২১-২২ প্রকাশনার সাথে সম্পৃক্ত সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

ইমরান আহমদ, এমপি



## সচিব

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

"শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা, অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা"- নৈতিক ও মর্যাদাপূর্ণ শ্রম অভিবাসনের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় অঙ্গীকারবদ্ধ। আমাদের কৌশলগত উদ্দেশ্য হচ্ছে দক্ষ জনশক্তি তৈরি, প্রবাসী বাংলাদেশি কর্মীদের কল্যাণ, নিরাপত্তা ও অধিকার নিশ্চিতকরণ, রেমিটেন্স প্রবাহ বৃদ্ধি এবং বৈদেশিক কর্মসংস্থান এর নতুন নতুন ক্ষেত্র ও স্থান চিহ্নিতকরণ। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্ব, অকৃত্রিম দেশপ্রেম, সাধারণ মানুষের প্রতি মমত্ববোধ এবং কঠোর পরিশ্রমের ফলে বাংলাদেশে দারিদ্র বিমোচন এবং অর্থনৈতিক উন্নয়ন সম্ভব হয়েছে। বৈদেশিক কর্মসংস্থানের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য কাজ করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

এই মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এর আওতাধীন ০৬ টি ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি (আইএমটি)'র মাধ্যমে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এবং ৬৪টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের (টিটিসি) মাধ্যমে বিভিন্ন মেয়াদী কোর্সে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ২০২১-২২ অর্থবছরে ৯,৬৬,৫০৫ জন কর্মীর বৈদেশিক কর্মসংস্থান হয়েছে, আর প্রবাসীদের প্রেরিত রেমিটেন্সের পরিমাণ ছিল ২১.০৩ বিলিয়ন মার্কিন ডলার। ২০২১ সালে বিশ্বব্যাংকের রিপোর্ট অনুযায়ী প্রবাসী আয়ে সারা বিশ্বে বাংলাদেশ সপ্তম স্থান অর্জন করেছে। বৈধপথে রেমিটেন্স প্রেরণের ক্ষেত্রে সরকার বর্তমানে ২.৫% প্রণোদনা প্রদান করছে।

নিরাপদ অভিবাসন সংক্রান্ত তথ্য ও সুযোগ-সুবিধা জনগণকে অবহিত করার জন্য জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) এবং কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) সমূহ ব্যাপক প্রচার-প্রচারণা অব্যাহত রেখেছে। এ লক্ষ্যে জনসচেতনতা বৃদ্ধির জন্য ০৫টি টিভিসি ও ০৫টি ওভিসি নির্মাণ করা হয়েছে। এছাড়া ৩৩,৬০০টি পোস্টার ও ১,৬৮,০০০টি লিফলেট প্রস্তুতপূর্বক প্রচারের ব্যবস্থা করা হয়েছে। বিভিন্ন টিভি চ্যানেল এবং পত্রিকায় নিরাপদ অভিবাসন সংক্রান্ত প্রচারণা জোরদার করা হয়েছে। এ মন্ত্রণালয় ও বিদেশের ৩০টি শ্রম কল্যাণ উইংয়ের মাধ্যমে গত এক বছরে ৪২,৯১২টি অভিযোগ পাওয়া গেছে; তন্মধ্যে ৪২,৭৬৮টি আইনি সহায়তা প্রদানপূর্বক সমাধান করা হয়েছে।

এ বছর প্রথম কোনো ইউরোপীয় দেশ হিসেবে গ্রীসের সাথে বৈদেশিক কর্মসংস্থান বিষয়ে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। মাননীয় মন্ত্রীর নেতৃত্বে প্রতিনিধিদল আয়ারল্যান্ডে গ্লোবাল ডায়াসপোরা সামিট, আবুধাবিতে আবুধাবি ডায়ালগের মন্ত্রী পর্যায়ের সম্মেলনে অংশ নিয়েছে। এছাড়া, মন্ত্রণালয়ের একটি প্রতিনিধি দল জাতিসংঘের সদর দপ্তরে অনুষ্ঠিত International Migration Review Forum (IMRF)-এ অংশগ্রহণ করে।

বিদেশগামী ও বিদেশে অবস্থানরত কর্মীদের বিভিন্ন সেবা জোরদার করার পাশাপাশি বিদেশ প্রত্যাগত কর্মীদের রিইন্টিগ্রেশন সেবা বিস্তৃত করা হয়েছে। বিদেশগামী ও বিদেশ প্রত্যাগত কর্মীদের স্বল্পকালীন অবস্থানের জন্য ঢাকা বিমানবন্দরের অদূরে স্থাপন করা হয়েছে বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টার। ২০২১-২২ অর্থবছরে প্রবাসী কল্যাণ ব্যাংকের শাখার সংখ্যা ৮৩ (তিরাশি) হতে ১০০ (একশত)তে উন্নীত করা হয়েছে। বর্তমানে দেশের প্রতিটি জেলায় এ ব্যাংকের শাখা খোলা হয়েছে। ২০২০-২১ অর্থবছরের তুলনায় ২০২১-২২ অর্থবছরে প্রবাসী কল্যাণ ব্যাংকে ঋণ বিতরণে প্রবৃদ্ধির হার ২৩৫.৯৩% এবং ঋণ আদায়ের প্রবৃদ্ধির হার ২১১.৫৯%।

ভবিষ্যতে বৈদেশিক কর্মসংস্থানের সকল চ্যালেঞ্জ মোকাবেলা করে সুষ্ঠু, নিরাপদ, নৈতিক ও দায়িত্বশীল শ্রম অভিবাসনের লক্ষ্যে আমাদের প্রচেষ্টা অব্যাহত থাকবে। বার্ষিক প্রতিবেদন ২০২১-২২ প্রকাশনার সাথে সম্পৃক্ত সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

ড. আহমেদ মুনিরুছ সালেহীন




অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


## আহ্বায়কের কথা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে পেরে আমি আনন্দিত। বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারণ, প্রবাসী বাংলাদেশী কর্মীদের কল্যাণ ও অধিকার নিশ্চিতকরণ এবং নিরাপদ অভিবাসনের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন আমাদের অঙ্গীকার। আন্তর্জাতিক শ্রমবাজারে চাহিদা অনুযায়ী প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল তৈরি, বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারণ, প্রবাসী বাংলাদেশী কর্মীদের অধিকতর কল্যাণ ও স্বার্থ সংরক্ষণ এবং নিরাপদ অভিবাসন নিশ্চিতকরণের লক্ষ্যে অভিবাসন ব্যবস্থাপনার উন্নয়ন সাধনের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় নিয়োজিত রয়েছে।

এ মন্ত্রণালয়ের অক্লান্ত প্রচেষ্টায় ২০২১-২২ অর্থ বছরে বাংলাদেশ বৈধ চ্যানেলের প্রায় ২১.৩ বিলিয়ন মার্কিন ডলার রেমিটেন্স আহরণ করেছে। উক্ত সময়ে সর্বমোট ৮,৫৬,৩০৫ জন প্রশিক্ষণার্থীকে বিভিন্ন কোর্সের আওতায় প্রশিক্ষণ প্রদান এবং ৯.৬৬.৩৩৯ জন কর্মীর বৈদেশিক কর্মসংস্থান হয়েছে। ২০২১-২২ অর্থবছরে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান, মৃত কর্মীর প্রতি পরিবারকে ৩ লক্ষ টাকা করে আর্থিক অনুদান, প্রবাসে কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ ও বকেয়া অর্থ বিতরণ, অসুস্থ্য কর্মীর চিকিৎসার্থে আর্থিক সহায়তাসহ অন্যান্য কল্যাণমূলক সেবা বাবদ সর্বমোট ১১,১০,৩২১ জনকে ৪০২,৩৯,৬৩,৫৩১/- টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

প্রশিক্ষণ ও বৈদেশিক কর্মসংস্থান, শ্রম বাজার সম্প্রসারণ, শ্রমবাজার গবেষণা, নৈতিক শ্রম অভিবাসন, সর্বোপরি উন্নয়নের জন্য শ্রম অভিবাসন নিশ্চিত করাই এ মন্ত্রণালয়ের মূল্য লক্ষ্য। বিশ্বের বিভিন্ন দেশে কর্মরত প্রবাসী বাংলাদেশি কর্মী ও তাঁদের পরিবারকে সার্বিক কল্যাণ সাধনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মাধ্যমে প্রবাসী কর্মীদের বিভিন্ন  কল্যাণমূলক সেবা প্রদান করা হয়ে থাকে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সম্মানিত সচিব মহোদয়ের দক্ষতা, বিচক্ষণতা, সমপোযোগী সিদ্ধান্ত এ মন্ত্রণালয়কে অনন্য গতিশীলতা দান করেছে ।

২০২১-২২ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়নের এ শ্রমসাধ্য কাজের সাথে জড়িত সকল সহকর্মীকে আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

মো: আব্দুল মান্নান

# নির্বাহী সার-সংক্ষেপ

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও এর আওতাধীন তিনটি সংস্থা- জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল) এবং ২৬টি দেশের বাংলাদেশ মিশনে ৩০টি শ্রম কল্যাণ উইং প্রবাসী কর্মীদের কল্যাণ ও কর্মসংস্থান ত্বরান্বিত করার জন্য নিয়োজিত রয়েছে। এছাড়াও, প্রবাসী কল্যাণ ব্যাংক প্রবাসীদের বিদেশ গমনকালে নমনীয় শর্তে ও সুদে এবং দেশে ফেরার পর স্থায়ী কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় ঋণ সুবিধা প্রদান করে থাকে।

বর্তমানে বিশ্বের প্রায় ১৭৪টি দেশে প্রায় এক কোটি বিশ লক্ষ প্রবাসী কর্মী কর্মরত রয়েছে। মন্ত্রণালয়ের অব্যাহত প্রচেষ্টা ও সময়োপযোগী গৃহীত সিদ্ধান্ত এবং পদক্ষেপের কারণে ২০২১-২২ অর্থবছরে ৯,৬৬,৩৩৯ জন কর্মী বৈদেশিক কর্মসংস্থান হয়েছে। ২০২০-২১ অর্থবছরে সারা বিশ্বে ২.৭২ লক্ষ কর্মীর বৈদেশিক কর্মসংস্থান হলেও ২০২১-২২ অর্থবছরে ৯.৬৭ লক্ষ কর্মী বৈদেশিক কর্মসংস্থান হয়েছে এবং বাংলাদেশ বৈধ চ্যানেলে প্রায় ২১.০৩ বিলিয়ন মার্কিন ডলার রেমিটেন্স আহরণ করেছে। ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও এসডিজি লক্ষ্যমাত্রা বাস্তবায়নে পুরুষ কর্মীদের পাশাপাশি নারী কর্মীদের নিরাপদ ও শোভন পেশায় বিদেশে কর্মসংস্থানের জন্য মন্ত্রণালয় থেকে নানামুখী কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করা হচ্ছে। এ মন্ত্রণালয়ের আওতায় ২০২১-২২ অর্থবছরে ১,০৫,২৪২ জন নারী কর্মীর বৈদেশিক কর্মসংস্থান হয়েছে। গার্মেন্টস ট্রেডে প্রশিক্ষণ প্রাপ্ত নারীগণ দেশীয় কর্মসংস্থানের পাশাপাশি জর্ডান, মরিশাস, সিশেলস, কুয়েত, ক্রোয়েশিয়া, জাপান ও হংকংসহ বিভিন্ন দেশে কর্মসংস্থানের সুযোগ পাচ্ছে। এছাড়াও A2i প্রকল্পের উদ্যোগে E-Learning Platform for Migrant Workers নামে Innovation প্রকল্পের আওতায় বিদেশগামী নারী কর্মীদের ট্রেনিং প্রদান করা হচ্ছে।

৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নের জন্য বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি, পিছিয়ে পড়া জেলাসমূহ হতে অভিবাসনের হার বৃদ্ধি, বৈদেশিক কর্মসংস্থানের জন্য দক্ষতা উন্নয়নের মাধ্যমে প্রশিক্ষিত ও দক্ষ কর্মী তৈরী এবং অভিবাসী কর্মীর সুরক্ষা ও অধিকার নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বাস্তবায়ন করা হচ্ছে। এ লক্ষ্যে ০৬ টি ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি'র (আইএমটি) মাধ্যমে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (মেরিন টেকনোলজি ও শিপবিল্ডিং) এবং ৬৪টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের (টিটিসি) মাধ্যমে এসএসসি ভোকেশনাল ও বিভিন্ন স্বল্পমেয়াদী কোর্সে ৫৫টি কর্মসংস্থান উপযোগী ট্রেড/অকুপেশনে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। উল্লেখ্য, ২০২১-২০২২ অর্থবছরে ৮,১৭,৭২৬ জন পুরুষ ও ৩৮,৫৭৯ জন নারীসহ সর্বমোট ৮,৫৬,৩০৫ জন প্রশিক্ষণার্থীকে বিভিন্ন কোর্সের আওতায় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উপজেলা পর্যায়ে আরো ৪০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও চট্টগ্রামে ১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপনের কাজ বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়া ১০০ টি উপজেলায় ১০০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন সংক্রান্ত প্রকল্প অনুমোদনের অপেক্ষায় রয়েছে। বিভিন্ন আইএমটি ও টিটিসিতে পরিচালিত দক্ষতা উন্নয়ন কোর্স, হাউজ কিপিং ও প্রি-ডির্পারচার ওরিয়েনটেশন কোর্সের ভর্তি প্রক্রিয়া অন লাইনের মাধ্যমে করা হচ্ছে। ভর্তিচ্ছু প্রশিক্ষণার্থীরা যে কোন স্থান থেকে অনলাইন প্রক্রিয়ায় তাদের পছন্দ অনুসারে প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও কোর্সে ভর্তি হওয়ার সুযোগ পাচ্ছে।

২০২১-২২ অর্থবছরে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান, মৃত কর্মীর প্রতি পরিবারকে ৩ লক্ষ টাকা করে আর্থিক অনুদান, প্রবাসে মৃত কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ ও বকেয়া অর্থ বিতরণ, অসুস্থ্য কর্মীর চিকিৎসার্থে আর্থিক সহায়তাসহ অন্যান্য কল্যাণমূলক সেবা বাবদ সর্বমোট ১১,১০,৩২১ জনকে ৪০২,৩৯,৬৩,৫৩১/- টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়াও করোনাকালীন বিদেশ ফেরত প্রবাসী কর্মীদের

পুন:একত্রীকরণে বিশ্বব্যাংকের অর্থায়নে "Recovery and Advancement of Informal Sector Employment (RAISE)" Reintegration of Returning Migrants শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ২ লক্ষ কর্মীকে আর্থিক সহায়তা প্রদান করা হবে।

অভিবাসী সংশ্লিষ্ট আন্তর্জাতিক প্রতিষ্ঠান IOM, ILO এবং মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত সচেতনতা বৃদ্ধিমূলক ভিডিও চিত্রসমূহ প্রদর্শিত হচ্ছে। তৃণমূল পর্যায়ে জনগণকে অবহিত করার লক্ষ্যে প্রতি জেলায় উপজেলা পর্যায়ে নিরাপদ অভিবাসন সংক্রান্ত সেমিনার এবং জনসচেতনতামূলক টিভিসি প্রচার করা হচ্ছে। সচেতনতামূলক লিফলেট, পোস্টার বিতরণ ও ব্যানার প্রদর্শন করা হচ্ছে। এছাড়াও নিরাপদ অভিবাসন সংক্রান্ত তথ্য ও সুযোগ-সুবিধা জনগণকে অবহিত করার জন্য জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস এবং কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহ ব্যাপক প্রচার-প্রচারণা অব্যাহত রেখেছে। নিরাপদ অভিবাসনের লক্ষ্যে জনসচেতনতা বৃদ্ধির জন্য ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা ব্যয়ে ০৫টি টিভিসি ও ০৫টি ওভিসি নির্মাণ করা হয়েছে। এছাড়া ৩৫,০০,০০০/- (পঁয়ত্রিশ লক্ষ) টাকা ব্যয়ে ৩৩,৬০০টি পোস্টার ও ১,৬৮,০০০টি লিফলেট তৈরিপূর্বক প্রচারের ব্যবস্থা করা হয়েছে। বিভিন্ন টিভি চ্যালেন এবং পেপার-পত্রিকায় নিরাপদ অভিবাসন সংক্রান্ত প্রচার প্রচারণা বাবদ প্রায় ১ কোটি ১৭ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক প্লাটফর্মে অংশগ্রহণের মাধ্যমে কর্মী গ্রহণকারী দেশসমূহের সাথে আলোচনা ও নেগোসিয়েশন অব্যাহত রেখেছে। গত ২৫-২৭ অক্টোবর ২০২১ তারিখে সংযুক্ত আরব আমিরাতের দুবাই-এ "Sixth Ministerial Consultation of the Abu Dhabi Dialogue" অনুষ্ঠিত হয়। উক্ত Consultation এ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে তিন সদস্যের প্রতিনিধি দল অংশগ্রহণ করেন। উক্ত সময়ে সংযুক্ত আরব আমিরাতে অবস্থানরত বাংলাদেশি কর্মীদের করোনা পরবর্তীতে সৃষ্ট বিভিন্ন সমস্যার সমাধান ও তাদের সুযোগ সুবিধা এবং বৈধপথে রেমিট্যান্স এর পরিমান বৃদ্ধিকরণের বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা ও পদক্ষেপ গ্রহণ করা হয়। এছাড়া অভিবাসনে সুশাসন নিশ্চিত করার উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনার জন্য গত ১৭-২০ মে ২০২২ তারিখে মন্ত্রণালয়ের একটি প্রতিনিধি দল যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্কে অবস্থিত জাতিসংঘের সদর দপ্তরে অনুষ্ঠিত IMRF-এ অংশগ্রহণ করেন।

২০২১-২২ অর্থবছরে প্রবাসী কল্যাণ ব্যাংকের ৮৩ (তিরাশি)টি শাখা হতে ১০০ (একশত)টি শাখায় উন্নীত করা হয়েছে। বর্তমানে দেশের প্রতিটি জেলায় অত্র ব্যাংকের শাখা রয়েছে। ২০২০-২১ অর্থবছরের তুলনায় ২০২১-২২ অর্থবছরে প্রবাসী কল্যাণ ব্যাংকে ঋণ বিতরণে প্রবৃদ্ধির হার ২৩৫.৯৩% এবং ঋণ আদায়ের প্রবৃদ্ধির হার ২১১.৫৯%। বিদেশগামী পুরুষ ও নারী কর্মীদের ৯%সরল সুদে মাত্র ৩ দিনের মধ্যে জামানতবিহীন সর্বোচ্চ ৩ লক্ষ টাকা অভিবাসন ঋণ প্রদান করা হয়। বাণিজ্যিকভাবে লাভজনক উৎপাদনশীল/বাণিজ্যিক/সেবামূলক যে কোন অর্থনৈতিক কর্মকান্ডে প্রত্যাগত পুরুষ ও নারী কর্মীদের যথাক্রমে ৯% এবং ৭% সরল সুদে জামানতবিহীন ৩লক্ষ টাকা এবং জামানতসহ সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা পুনর্বাসন ঋণ প্রদান করা হয়। এছাড়াও বঙ্গবন্ধু অভিবাসী বৃহৎ পরিবার ঋণ, বিশেষ পুনর্বাসন ঋণ, আত্মকর্মসংস্থানমূলক ঋণ, নারী উদ্যোক্তা কর্মসংস্থান ঋণের আওতায় বিদেশগামী নারী কর্মীদের জন্য "নারী অভিবাসন ঋণ" এবং বিদেশ ফেরত নারী কর্মীদের জন্য"নারী পুনর্বাসন ঋণ" প্রদান করা হয়ে থাকে।

করোনা এবং ইউক্রেন-রাশিয়া যুদ্ধ পরবর্তী সার্বিক বিশ্ব মন্দা পরিস্থিতি মোকাবেলা করে এ মন্ত্রণালয় অত্যন্ত দক্ষতা ও বিচক্ষণতার সাথে প্রতিতেযাগিতামূলক শ্রমবাজারে দক্ষ জনশক্তি অব্যাহত রেখেছে। নিরাপদ ও দায়িত্বশীল শ্রম অভিবাসনের মাধ্যমে বাংলাদেশের আর্থ সামাজিক উন্নয়নের জন্য মন্ত্রণালয়ের সর্বাত্মক প্রচেষ্টা আগামী দিনেও অব্যাহত থাকবে।

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | অধ্যায়-১ | ১৪ |
| বৈদেশিক কর্মসংস্থান ও রেমিটেন্স | অধ্যায়-২ | ২২ |
| বৈদেশিক কর্মসংস্থানের জন্য শ্রমবাজার সম্প্রসারণ ও অনুসন্ধান | অধ্যায়-৩ | ২৮ |
| দক্ষতা উন্নয়ন ও প্রশিক্ষণ | অধ্যায়-৪ | ৩১ |
| অভিবাসন প্রক্রিয়ায় সুশাসন প্রতিষ্ঠাকল্পে আইন, নীতি, বিধি ও কৌশলগত ব্যবস্থা | অধ্যায়-৫ | ৩৯ |
| গবেষণা | অধ্যায়-৬ | ৪১ |
| উন্নয়ন প্রকল্প | অধ্যায়-৭ | ৪৪ |
| নিরাপদ, সুষ্ঠু, দায়িত্বশীল ও নিয়মিত অভিবাসনে গৃহীত কার্যক্রম | অধ্যায়-৮ | ৪৯ |
| কর্মপরিকল্পনা ও কর্মকৌশল বাস্তবায়ন | অধ্যায়-৯ | ৫১ |
| শ্রম কল্যাণ উইং | অধ্যায়-১০ | ৬৬ |
| আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২১ | অধ্যায়-১১ | ৬৯ |
| প্রবাসী কল্যাণমূলক কার্যক্রম | অধ্যায়-১২ | ৭১ |
| অভিবাসন সহায়তায় প্রবাসী কল্যাণ ব্যাংক | অধ্যায়-১৩ | ৭৩ |
| প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি | অধ্যায়-১৪ | ৭৮ |
| মুজিববর্ষ | অধ্যায়-১৫ | ৮০ |
| মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের তালিকা(জেষ্ঠতার ক্রমানুসারে নয়) | পরিশিষ্ট-১ | ৮২ |
| মন্ত্রণালয়ের দপ্তর সংস্থা এবং জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর আওতায় পরিচালিত প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও অফিসসমূহ | পরিশিষ্ট-২ | ৮৯ |

অধ্যায়
১

# প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়



## রূপকল্প (Vision)

বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারণ, প্রবাসী বাংলাদেশী কর্মীদের কল্যাণ ও অধিকার নিশ্চিতকরণ এবং নিরাপদ অভিবাসনের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন।

## অভিলক্ষ্য (Mission)

আন্তর্জাতিক শ্রম বাজারের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল তৈরি, বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারণ, প্রবাসী বাংলাদেশি কর্মীদের অধিকতর কল্যাণ ও স্বার্থ সংরক্ষণ এবং নিরাপদ অভিবাসন নিশ্চিতকরণের লক্ষ্যে অভিবাসন ব্যবস্থাপনার উন্নয়ন সাধন।

## কৌশলগত উদ্দেশ্যসমূহ

- দক্ষ জনবল তৈরি;
- প্রবাসী বাংলাদেশি কর্মীদের কল্যাণ, নিরাপত্তা ও অধিকার নিশ্চিতকরণ;
- রেমিটেন্স প্রবাহ বৃদ্ধি;
- বৈদেশিক কর্মসংস্থান এর নতুন নতুন ক্ষেত্র ও স্থান চিহ্নিতকরণ।

## লক্ষ্য

রূপকল্প -২০২১, টেকসই উন্নয়ন অভীষ্ট এবং ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত দেশ হিসেবে গড়ে তুলতে অভিবাসন ও দক্ষতা উন্নয়ন ব্যবস্থাপনায় অধিক গতিশীলতা আনয়ন ও সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়কে শ্রেষ্ঠ মন্ত্রণালয় হিসেবে উন্নীতকরণ।

## Allocation of Business
## অনুযায়ী মন্ত্রণালয়ের দায়িত্ব

### [1][42.] MINISTRY OF EXPATRIATES' WELFARE AND OVERSEAS EMPLOYMENT

| | |
|---|---|
| 1. | Welfare of Bangladeshi expatriates and protection of their rights. |
| 2. | Complaint of expatriates and their redress. |
| 3. | Facilitation of investment by expatriates in Bangladesh. |
| 4. | Projects for the participation of expatriates in economic and social welfare activities in Bangladesh. |
| 5. | Registration of recruiting agencies. |
| 6. | Overseas employment at all levels. |
| [2][6A. | Training and skill development relating to overseas employment.] |
| 7. | Matters relating to Bangladesh Overseas Employment Services Limited. |
| 8. | Organisations and Companies in the public sector dealing with overseas employment including BMET. |
| 9. | Administration of Labour Wing in Bangladesh Missions abroad and appointment of officers and staff thereo of . |
| 10. | Administration of Wage Earners' Welfare Fund. |
| 11. | Promotion of Bangladeshi culture among expatriates abroad. |
| 12. | Liaison with Associations of Bangladeshi abroad. |
| 13. | Secretarial administration including financial matters. |
| 14. | Administration and control of subordinate offices and organisations under this Ministry. |
| 15. | Liaison with International Organisations and matters relating to treaties and agreements with other countries and world bodies relating to subjects allotted to this Ministry. |
| 16. | All laws on subjects allotted to this Ministry. |
| 17. | Inquiries and statistics on any of the subjects allotted to this Ministry. |
| 18 | Fees in respect of the subjects allotted to this Ministry except fees taken in courts.] |

*Note:* [1]Amended vide Cabinet Division Notification No. CD-4/2/2001-Rulcs/156, Dated 20 December 2001 & S.R.O No. 231-Law/2008-CD-4/5/2008-Rules, Dated 24 July 2008.

[2]Amended vide S.R.O No. 224-Law/2010, Dated 20 June 2010.

## মন্ত্রণালয়ের কার্যাবলী

- বৈদেশিক কর্মসংস্থান ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা করা ;
- বৈদেশিক কর্মসংস্থানে আগ্রহী বাংলাদেশের নাগরিকদের জন্য প্রচলিত শ্রমবাজার টিকিয়ে রাখাসহ নতুন শ্রমবাজার সৃষ্টির উদ্যোগ গ্রহণ ;
- বৈদেশিক শ্রমবাজারের চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ ট্রেডে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি ;
- আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন ;
- এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিষয়ে অন্যান্য দেশ ও সংস্থার সাথে চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষর সম্পর্কিত বিষয়াদি ;
- মন্ত্রণালয়ের উপর অর্পিত বিষয় সংশ্লিষ্ট আইন, বিধিমালা ও নীতি প্রণয়ন / সংশোধন ;
- মন্ত্রণালয়ের আওতাধীন বিএমইটি, প্রবাসী কল্যাণ ব্যাংক, বোয়েসেল এবং ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিল পরিচালনা কার্যক্রম পরিবীক্ষণ, মূল্যায়ন এবং তত্ত্বাবধান ;
- বিদেশস্থ বাংলাদেশ মিশনে শ্রম উইং-এর কর্মকর্তা-কর্মচারি নিয়োগ ও তাদের প্রশাসনিক বিষয়াদি সম্পাদন ;
- রিক্রুটমেন্ট এজেন্টসমূহের নিবন্ধন ও লাইসেন্স প্রদান এবং তাদের কার্যক্রম পরিবীক্ষণ ;
- বাংলাদেশের অর্থনৈতিক ও সমাজকল্যাণমূলক কার্যক্রমে প্রবাসী বাংলাদেশিদের অংশগ্রহণ ও বিনিয়োগে সহযোগিতা প্রদান ;
- প্রবাসী বাংলাদেশি কর্মীদের রেমিটেন্স প্রেরণে সহায়তা প্রদান ;
- বিদেশে নিয়োগকৃত কর্মী, নিয়োগকারী দেশ ও প্রাসঙ্গিক তথ্যাদি সংরক্ষণ ;
- অভিবাসী বাংলাদেশিদের কল্যাণ ও অধিকার নিশ্চিতকরণ ;
- প্রবাসী বাংলাদেশিদের মধ্যে বাংলাদেশের সংস্কৃতি চর্চায় পৃষ্ঠপোষকতা প্রদান ;
- রি-ইন্টিগ্রেশন ;
- বিদেশ থেকে প্রত্যাবর্তনকারী অভিবাসী কর্মী এবং তাদের পরিবারের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য বিভিন্ন প্রকল্প ও কার্যক্রম।

# প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন শ্রম কল্যাণ উইং ও দপ্তর/সংস্থাসমূহ

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন শ্রম কল্যাণ উইং ও দপ্তর/সংস্থাসমূহ বৈদেশিক কর্মসংস্থানের উদ্দেশ্যে প্রবাসে গমনকারী ও প্রবাসে অবস্থানরত কর্মীদের স্বার্থ রক্ষার জন্য এ মন্ত্রণালয়ে অধীনে ৩০টি শ্রম কল্যাণ উইং রয়েছে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন বিদেশের বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন/কনস্যুলেট জেনারেলের ৩০টি শ্রম কল্যাণ উইংয়ের মাধ্যমে প্রবাসী বাংলাদেশীদের সেবা প্রদান করা হয়। বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩ এর বিধান অনুযায়ী শ্রম কল্যাণ উইংসমূহ মূলত নিম্নোক্ত দায়িত্ব পালন করে থাকে:

১) নতুন শ্রমবাজার সৃষ্টি ও বিদ্যমান শ্রমবাজারের সম্প্রসারণ;

২) বিদেশ নিয়োগকর্তাদের সাথে নিয়মিত যোগাযোগের মাধ্যমে বৈদেশিক কর্মসংস্থান সৃষ্টি;

৩) অভিবাসী কর্মীদের কর্মপরিবেশ, সুবিধা ও সমস্যাবলী সরেজমিনে পর্যবেক্ষন;

৪) অভিবাসী কর্মীদের বিরুদ্ধে আনীত মামলাসমূহ পরিচালনায় আইনগত সহায়তা প্রদান;

৫) বিদেশে কারাদন্ডপ্রাপ্ত বাংলাদেশি কর্মীদের বিবরণ সরকারের নিকট প্রেরণ এবং কারাভোগরত কর্মীদের আইনানুগ সহায়তা প্রদান;

৬) যে সকল অভিবাসী কর্মীর মৃত্যু হয়েছে তাদের মৃতদেহ দেশে প্রেরণ এবং নিয়োগকর্তার নিকট থেকে ক্ষতিপুরণ আদায়;

৭) সংশ্লিষ্ট দেশে বাংলাদেশী কর্মীর প্রয়োজনীয়তা বিষয়ে সরকারের নিকট নিয়মিত তথ্য প্রেরণ;

৮) বিদেশে আটককৃত বা বিপদগ্রস্ত কর্মীকে দেশে ফিরিয়ে আনতে সহায়তা প্রদান।

### শ্রম কল্যাণ উইংয়ের তালিকাঃ

| অঞ্চল | শ্রম কল্যাণ উইং |
|---|---|
| এশিয়া | আবুধাবী, দুবাই-সংযুক্ত আরব আমিরাত, কুয়েত, দোহা-কাতার, টোকিও-জাপান, সিউল-সাউথ কোরিয়া, মাস্কাট-ওমান, রিয়াদ, জেদ্দা-সৌদি আরব, মানামা-বাহরাইন, কুয়ালালামপুর-মালয়েশিয়া, সিঙ্গাপুর, বন্দর সেরী বেগওয়ান-ব্রুনাই, বাগদাদ-ইরাক, আম্মান-জর্ডান, মালে-মালদ্বীপ, ব্যাংকক-থাইল্যান্ড, হংকং, বৈরুত-লেবানন |
| আফ্রিকা | আফ্রিকা কায়রো-মিশর, ত্রিপলী-লিবিয়া, পোর্ট লুইস-মরিশাস, প্রিটোরিয়া-দক্ষিণ আফ্রিকা/রোমানিয়া |
| ইউরোপ | ইউরোপ জেনেভা-সুইজারল্যান্ড, রোম-ইতালি, মিলান-ইতালি, এথেন্স-গ্রীস, মাদ্রিদ-স্পেন, মস্কো-রাশিয়া |
| অস্ট্রেলিয়া | ক্যানবেরা-অস্ট্রেলিয়া |




প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমদ এমপি'র সঙ্গে জাপানের রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ

## জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (BMET)

বিশ্ব শ্রমবাজারের চাহিদার ভিত্তিতে যথাযথ কারিগরি প্রশিক্ষণ প্রদান এবং সুষ্ঠু ও সুসংহত অভিবাসন ব্যবস্থাপনার মাধ্যমে কর্মপ্রত্যাশী জনগোষ্ঠীর বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি এবং অভিবাসী কর্মীদের সুরক্ষা, অধিকতর কল্যাণ ও অধিকার নিশ্চিত করার লক্ষ্যে ১৯৭৬ সালে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) প্রতিষ্ঠা করা হয়। প্রতিষ্ঠার পর থেকেই জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো সামগ্রিকভাবে বৈদেশিক কর্মসংস্থানের সাথে সামঞ্জপূর্ণ দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান এবং বিদেশে কর্মী প্রেরণ শুরু করে। বেসরকারি খাতকে উৎসাহিত করার লক্ষ্যে ১৯৮৪ সাল থেকে রিক্রুটিং এজেন্টসমূহকে কর্মী প্রেরণের অনুমতি প্রদান করা হয় যার সার্বিক নিয়ন্ত্রণ ব্যুরোর উপর ন্যস্ত করা হয়। মন্ত্রণালয়ের অনুমোদনপ্রাপ্ত সকল ধরনের চাহিদার অনুকূলে ব্যুরো বহির্গমন ছাড়পত্র প্রদান করে থাকে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন এ দপ্তরটি বাংলাদেশি দক্ষ, আধা-দক্ষ ও অদক্ষ সকল শ্রেণির কর্মীর দেশে-বিদেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, আত্মকর্মসংস্থানে সহায়তা, শ্রম বাজারের তথ্যাবলি সংগ্রহ ও গবেষণামূলক কার্যক্রম, আধুনিক বিশ্বের চাহিদা অনুযায়ী জনশক্তির দক্ষতা বৃদ্ধিসহ প্রবাসীদের জন্য বিভিন্ন কল্যাণমূলক কর্মকাণ্ড পরিচালনা করছে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় নামে একটি স্বতন্ত্র মন্ত্রণালয় গঠিত হলে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোকে এ মন্ত্রণালয়ের অধিভুক্ত করা হয়। এই ব্যুরোকে একটি অধিদপ্তর হিসেবে রূপান্তরিত করার কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে আছে।

## ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

বিশ্বের বিভিন্ন দেশে কর্মরত প্রায় ১ কোটি ২০ লক্ষ প্রবাসী বাংলাদেশি কর্মী ও তাঁদের পরিবারের সার্বিক কল্যাণ সাধনে ১৯৯০ সালে ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিল গঠিত হয়। ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিল বিধিমালা, ২০০২ অনুযায়ী একটি পরিচালনা বোর্ডের মাধ্যমে প্রতিষ্ঠানটির কার্যক্রম পরিচালিত হতো। পরবর্তীতে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আইন, ২০১৮ পাসের মাধ্যমে পূর্ণাঙ্গ বোর্ড গঠন করা হয়। আইন অনুসারে ১৬ সদস্যের একটি পরিচালনা পরিষদ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কার্যক্রম পরিচালনা করছে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব পরিচালনা পরিষদের (বোর্ড) সভাপতি। সদস্য হিসেবে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা ও সেবা বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিঃ (বোয়েসেল), বাংলাদেশ ব্যাংক, বিদেশ প্রত্যাগত ০১ জন নারীসহ ০৩ জন কর্মী এবং বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সী (বায়রা) প্রতিনিধি রয়েছে। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক পরিচালনা পরিষদের সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করেন।

## বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (BOESL)

বাংলাদেশের কর্মক্ষম ও বিদেশে চাকুরি প্রত্যাশীদের স্বল্প/বিনা খরচে বিদেশে কর্মসংস্থানের লক্ষ্যে ১৯৮৪ সালে কোম্পানি আইনের অধীনে বাংলাদেশ ওভারসিজ এমপয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল) নামে একটি সরকারি জনশক্তি প্রেরণ কোম্পানি প্রতিষ্ঠা করা হয়। মেমোরেন্ডাম এবং আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন অনুযায়ী বোয়েসেল-এর নীতি/নির্ধারণ ও সার্বিক ব্যবস্থাপনার জন্য একটি পরিচালনা বোর্ড রয়েছে। বর্তমানে বোর্ডের সকল সদস্য সরকার কর্তৃক মনোনীত। পরিচালনা বোর্ড কর্তৃক প্রণীত ও অনুমোদিত আর্থিক, প্রশাসনিক নীতিমালা অনুযায়ী বোয়েসেল পরিচালিত হয়।

১৯৮৪ সালে বোয়েসেল প্রতিষ্ঠার পর হতে বিশ্বের প্রায় ৩১ টি দেশে বৈদেশিক কর্মসংস্থানের লক্ষ্যে এ প্রতিষ্ঠান অভিবাসী প্রত্যাশীদের জন্য দক্ষতা ও বিশ্বাসযোগ্যতার সাথে কাজ করে যাচ্ছে। বোয়েসেল দেশের স্বল্প দক্ষ, দক্ষ ও পেশাজীবী প্রায় ১ লক্ষ ৩০ হাজার কর্মীদের নৈতিক, নিরাপদ ও স্বল্প ব্যয়ে বৈদেশিক কর্মসংস্থান নিশ্চিত করে বৈদেশিক কর্মসংস্থানের মাধ্যমে মূল্যবান রেমিটেন্স আহরণের সুযোগ সৃষ্টি করে জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

## প্রবাসী কল্যাণ সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান

**প্রবাসী কল্যাণ ব্যাংক**

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বপ্ন ও ব্যক্তিগত আগ্রহের ফসল এই ব্যাংক। বিদেশে গমনেচ্ছু বাংলাদেশী কর্মক্ষম বেকার জনশক্তিকে সহায়তা প্রদান, প্রবাসী বাংলাদেশিদের দেশে বিনিয়োগে উৎসাহিতকরণ, প্রবাসি বাংলাদেশিদের দেশে প্রত্যাগমনের পর কর্মসংস্থানের সহায়তা প্রদান এবং আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে দ্রুত ও ব্যয়-সাশ্রয়ী পন্থায় সহজে রেমিটেন্স

প্রেরণে প্রবাসী বাংলাদেশিদের সহায়তা প্রদানের লক্ষ্যে ১২ অক্টোবর ২০১০ তারিখে জারীকৃত প্রবাসী কল্যাণ ব্যাংক আইন, ২০১০ (২০১০ সনের ৫৫ নং আইন) দ্বারা ব্যাংকটি প্রতিষ্ঠা করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১১ সালের ২০ শে এপ্রিল ঢাকায় কলম্বো প্রসেস এর ৪র্থ সম্মেলন চলার সময় প্রবাসী কল্যাণ ব্যাংকের শুভ উদ্বোধনের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে ব্যাংকিং কার্যক্রম শুরু হয়। সৃষ্টিলগ্নে এই ব্যাংকের পরিশোধিত মূলধন ছিল ১০০ (একশত) কোটি টাকা। বর্তমানে পরিশোধিত মূলধন ৫০০ (পাঁচশত) কোটি টাকায় উন্নীত করা হয়েছে। তন্মধ্যে সরকার ২৫ (পঁচিশ) কোটি এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ৪৭৫ (চারশত পঁচাত্তর) কোটি টাকা প্রদান করেছে। বাংলাদেশ ব্যাংক ৩০ জুলাই ২০১৮ তারিখে প্রবাসী কল্যাণ ব্যাংককে তফসিলি বিশেষায়িত ব্যাংকরূপে তালিকাভুক্ত করেছে। তফসিলি ব্যাংকের সুবিধা মানুষের দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে শাখা সম্প্রসারণ করা হচ্ছে এবং এই ব্যাংক প্রতিষ্ঠার অন্যতম উদ্দেশ্য বাস্তবায়নের নিমিত্ত আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে দ্রুত ও ব্যয়-সাশ্রয়ী পন্থায় সহজে রেমিটেন্স আনয়নের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বর্তমানে প্রবাসী কল্যাণ ব্যাংকের ১০০টি শাখা রয়েছে। ২০২২-২০২৩ অর্থবছরে এ ব্যাংকের আরোও ২০ টি শাখা খোলার পরিকল্পনা রয়েছে।



প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ইমরান আহমদ এমপি'র সাথে কাতারের রাষ্ট্রদূতের সাক্ষাৎ। সঙ্গে ছিলেন ড. আহমেদ মুনিরুছ সালেহীন, সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, জনাব মোঃ আব্দুল কাদের, অতিরিক্ত সচিব এবং জনাব মো: শহীদুল আলম (এনডিসি), মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।

অধ্যায়
২

# বৈদেশিক কর্মসংস্থান ও রেমিটেন্স

## ২.১। বৈদেশিক কর্মসংস্থান

বর্তমানে বিশ্বের প্রায় ১৭৪টি দেশে এক কোটি বিশ লক্ষ প্রবাসী কর্মী কর্মরত রয়েছে। মন্ত্রণালয়ের অব্যাহত প্রচেষ্টা ও সময়োপযোগী গৃহীত সিদ্ধান্ত এবং পদক্ষেপের কারণে ২০২১-২২ অর্থবছরে ৯,৬৬,৫০৫ জন কর্মীর বৈদেশিক কর্মসংস্থান হয়েছে। ২০২০-২১ অর্থবছরে সারা বিশ্বে ২.৭২ লক্ষ কর্মীর বৈদেশিক কর্মসংস্থান হলেও ২০২১-২২ অর্থবছরে ৯.৬৭ লক্ষ কর্মীর বৈদেশিক কর্মসংস্থান হয়েছে। কোভিড-১৯ পরবর্তী পরিস্থিতিতে বিশ্বের বিভিন্ন দেশের শ্রমবাজার বিশ্লেষণ এবং সে আলোকে ট্রেডভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ কর্মী তৈরি করে বৈদেশিক শ্রমবাজারে সম্পৃক্ত করার জন্য মন্ত্রণালয়ের প্রচেষ্টা অব্যহত রয়েছে। এছাড়া বাংলাদেশের অন্যতম শ্রমবাজার মালয়েশিয়ার সাথে MoU স্বাক্ষর হওয়ায় ব্যাপকহারে কর্মী প্রেরণ সম্ভব হবে। বিশ্বের বিভিন্ন দেশের সাথে নিবিড় যোগাযোগ ও প্রয়োজনীয় সহযোগিতার ফলে কোন দেশেই বাংলাদেশের শ্রমবাজার বন্ধ হয়ে যায়নি। আশা করা যায় চলতি অর্থবছরে আরো অধিক পরিমাণে জনশক্তি রপ্তানি করা সম্ভব হবে।

## ২.২। জেলাভিত্তিক অভিবাসী কর্মী, ২০২১-২২

| জেলার নাম | বিদেশে গমন | জেলার নাম | বিদেশে গমন | জেলার নাম | বিদেশে গমন | জেলার নাম | বিদেশে গমন |
|---|---|---|---|---|---|---|---|
| ব্রাহ্মণবাড়িয়া | ৬১৬৮৯ | মুন্সীগঞ্জ | ২২৬২২ | কুষ্টিয়া | ৮১৮৫ | খুলনা | ৪০৯৩ |
| কুমিল্লা | ১০০৪৬৮ | নারায়নগঞ্জ | ২০৯৩৪ | চাঁপাইনবাবগঞ্জ | ৭৯৭০ | রাজশাহী | ৪০০৭ |
| চট্টগ্রাম | ৫১৭৫৫ | গাজীপুর | ১৮৮৬৮ | গোপালগঞ্জ | ৭০৩৬ | ঝালকাঠি | ৩৫৬০ |
| চাঁদপুর | ৪১৯৮৩ | মাদারীপুর | ১৬৪৩২ | বরগুনা | ৬৩১২ | জয়পুরহাট | ৩৩৫৬ |
| নোয়াখালী | ৪১৪৭০ | মানিকগঞ্জ | ১৬০৩৫ | পিরোজপুর | ৬০২৪ | কুড়িগ্রাম | ৩১৭২ |
| কিশোরগঞ্জ | ৩৮৩৯৫ | বগুড়া | ১৩২৪৫ | মেহেরপুর | ৫৬৮০ | রংপুর | ২৭৯২ |
| টাঙ্গাইল | ৩৬৯৬৫ | শরীয়তপুর | ১২৫৩১ | নেত্রকোনা | ৫৫৫৩ | দিনাজপুর | ২৪৮৭ |
| নরসিংদী | ৩৩৫৪৫ | কক্সবাজার | ১২২৫৫ | সিরাজগঞ্জ | ৫৫৪৪ | শেরপুর | ২০৯১ |
| ঢাকা | ৩১৩৫০ | বরিশাল | ১১৯০৫ | চুয়াডাঙ্গা | ৫১৮২ | ঠাকুরগাঁও | ১৭৩৩ |

| জেলার নাম | বিদেশে গমন | জেলার নাম | বিদেশে গমন | জেলার নাম | বিদেশে গমন | জেলার নাম | বিদেশে গমন |
|---|---|---|---|---|---|---|---|
| সিলেট | ২৯৯৪৮ | জামালপুর | ৯৫৯৫ | নড়াইল | ৪৭৭২ | নীলফামারী | ১৫৫৫ |
| লক্ষ্মীপুর | ২৮৬৭৫ | যশোর | ৯৫৮১ | সাতক্ষীরা | ৪৫৪৪ | খাগড়াছড়ি | ১৩১২ |
| হবিগঞ্জ | ২৭১৭৬ | ভোলা | ৯৫৭২ | বাগেরহাট | ৪৪৬৬ | রাঙ্গামাটি | ৮৩৫ |
| সুনামগঞ্জ | ২৪১৯৯ | নওগাঁ | ৯৫২৫ | পটুয়াখালী | ৪২৮০ | লালমনিরহাট | ৭২৮ |
| ময়মনসিংহ | ২৩৯০৭ | রাজবাড়ী | ৯২০৭ | নাটোর | ৪২১১ | পঞ্চগড় | ৬৮৩ |
| ফরিদপুর | ২৩৬৫৫ | ঝিনাইদহ | ৮৯১৮ | গাইবান্ধা | ৪১৮০ | বান্দরবান | ৬৫৮ |
| ফেনী | ২২৮২৮ | পাবনা | ৮২৪৮ | মাগুরা | ৪১২৯ | | |
| | | | | | | সর্বমোট= | ৯,৬৬,৫০৫ |

[তথ্যসূত্র: বিএমইটি]




মালদ্বীপের মাননীয় ভাইস প্রেসিডেন্ট জনাব ফয়সাল নাসিম বাংলাদেশ কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করেন। সঙ্গে ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমদ (এমপি) এবং ড. আহমেদ মুনিরুছ সালেহীন, সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

## ২.৩। দেশভিত্তিক অভিবাসী কর্মী, ২০২১-২২

| দেশের নাম | বৈদেশিক কর্মসংস্থান | দেশের নাম | বৈদেশিক কর্মসংস্থান | দেশের নাম | বৈদেশিক কর্মসংস্থান | দেশের নাম | বৈদেশিক কর্মসংস্থান |
|---|---|---|---|---|---|---|---|
| সৌদি আরব | ৬৫৩৪১৪ | লেবানন | ৪৩০ | হংকং | ৭৪ | বতসোয়ানা | ১৯ |
| ওমান | ১১৯৭২৯ | সাইপ্রাস | ৩৯৯ | ইউক্রেন | ৭৪ | চাদ | ১৯ |
| সংযুক্ত আরব আমিরাত | ৮৩৬৫৬ | কানাডা | ৩৯৫ | মোজাম্বিক | ৬৩ | কিরগিজ প্রজাতন্ত্র | ১৯ |
| সিঙ্গাপুর | ৪৪৭৫৫ | সোয়াজিল্যান্ড | ৩১৩ | পাপুয়া নিউ গিনি | ৬১ | বসনিয়া-হার্জেগোভিনা | ১৮ |
| কাতার | ১৮৩১৪ | বলিভিয়া | ২৭৩ | আইভরি কোস্ট | ৫৩ | পাকিস্থান | ১৬ |
| জর্ডান | ১৫৭৬৪ | সার্ভিয়া | ২৪১ | দক্ষিণ সুদান | ৫১ | অ্যাঙ্গোলা | ১৫ |
| কুয়েত | ৮০৮৫ | যুক্তরাজ্য | ২৩৯ | স্লোভেনিয়া | ৪৭ | গ্যাবন | ১৪ |
| রোমানিয়া | ৫৫৩৩ | কঙ্গো | ২৩৭ | জার্মানি | ৪৩ | সলোমানদ্বীপপুঞ্জ | ১৪ |
| মরিশাস | ২৪২১ | জাপান | ২১০ | সুইডেন | ৪০ | গায়ানা | ৫৮১ |
| কোরিয়া (দক্ষিণ) | ২৩৮৩ | ব্রুনাই দারুসসালাম | ২০৯ | ইথিওপিয়া | ৩৭ | পোল্যান্ড | ৫০৬ |
| মাল্টা | ১৭১৩ | সোমালিয়া | ১৬৭ | চেক প্রজাতন্ত্র | ৩৫ | সুদান | ৮০ |
| ইতালি | ১২৭২ | আলজেরিয়া | ১৩৪ | জিবুতি | ৩৪ | শ্রীলংকা | ৭৬ |
| কম্বোডিয়া | ১১১৩ | হাঙ্গেরি | ১১৬ | ইকোয়েটেরিয়াল গিনি | ৩০ | ইকুয়েডর | ২৪ |
| আলবেনিয়া | ৯০০ | মালয়েশিয়া | ১০২ | ইয়েমেন | ২৮ | নাইজেরিয়া | ২২ |
| সিশেলস | ৭৮২ | পর্তুগাল | ৯৫ | লাওস | ২৭ | | |
| ক্রোয়েশিয়া | ৭০৭ | ফিজি | ৯৩ | নেদারল্যান্ডস | ২৫ | | |
| | | | | | | সর্বমোট= | ৯,৬৬,৫০৫ |

[তথ্য সূত্র: বিএমইটি]

## ২.৪। বৈদেশিক শ্রমবাজারের চাহিদা অনুযায়ী দক্ষ কর্মী প্রেরণ

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো-এর আওতাধীন ৬টি ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজী, ৬৪টি টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (টিটিসি)সহ মোট ৭০ টি প্রশিক্ষণ প্রতিষ্ঠান কাজ করে যাচ্ছে। এসব কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র হতে দেশে ও বিদেশে কর্মসংস্থান উপযোগী ৫৫টি ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। বিশ্বের বিভিন্ন দেশের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ ক্যারিকুলামের মানোন্নয়ন এবং দক্ষতা সনদ আন্তর্জাতিকভাবে স্বীকৃত ও গ্রহণযোগ্য করার লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করা হচ্ছে। দেশের সকল আইএমটি ও টিটিসিতে পরিচালিত বিভিন্ন দক্ষতা উন্নয়ন কোর্স, হাউজ কিপিং ও প্রি-ডির্পারচার ওরিয়েনটেশন কোর্সের ভর্তি প্রক্রিয়া অনলাইনের মাধ্যমে করা হচ্ছে। ভর্তিচ্ছু প্রশিক্ষণার্থীরা যেকোন স্থান থেকে অনলাইন প্রক্রিয়ায় তাদের পছন্দ অনুসারে প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও কোর্সে ভর্তি হওয়ার সুযোগ পাচ্ছে এবং প্রশিক্ষণ সমাপনান্তে অনলাইনের মাধ্যমে সনদপত্র গ্রহণ করছে। ২০২১-২০২২ অর্থবছরে ৮,১৭,৭২৬জন পুরুষ ও ৩৮,৫৭৯জন মহিলা সর্বমোট ৮,৫৬,৩০৫ জন প্রশিক্ষণার্থীকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণসহ প্রাক বহির্গমন ওরিয়েন্টেশন (পিডিও) এর সনদ প্রদান করা হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে দক্ষ কর্মী- ১,৯৭,১৯৫ জন, স্বল্প দক্ষ কর্মী- ২৪,৩৪৩ জন, পুরুষ কর্মীর সংখ্যা-৮,৬১,২৬৩ জন এবং মহিলা কর্মীর সংখ্যা-১,০৫,২৪২ জনকে বৈদেশিক কর্মসংস্থান হয়েছে। এছাড়া সরকারী রিক্রুটিং এজেন্সী বোয়েসেলের মাধ্য ৯৩ জন পেশাজীবী বিদেশে গমন করেছেন।




তথ্যসূত্র: জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (BMET)

## ২.৫ নারী কর্মীর বৈদেশিক কর্মসংস্থান, নিরাপদ অভিবাসন ও দক্ষতা

- ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও এসডিজি লক্ষ্যমাত্রা বাস্তবায়নে পুরুষ কর্মীদের পাশাপাশি নারী কর্মীদের নিরাপদ ও শোভন পেশায় বিদেশে কর্মসংস্থানের জন্য মন্ত্রণালয় থেকে নানামুখী কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এ মন্ত্রণালয়ের আওতায় ২০২১-২২ অর্থবছরে ১,০৫,২৪২ জন নারী কর্মীর বৈদেশিক কর্মসংস্থান করা হয়েছে। গার্মেন্টস ট্রেডে প্রশিক্ষণ প্রাপ্ত নারীগণ দেশীয় কর্মসংস্থানের পাশাপাশি জর্ডান, মরিশাস, সিশেলস, কুয়েত, ক্রোয়েশিয়া, জাপান ও হংকংসহ বিভিন্ন দেশে কর্মসংস্থানের সুযোগ পাচ্ছে।

- বিদ্যমান শ্রম বাজার জোরদার করার লক্ষ্যে ও অধিক কর্মী নির্বাচনের নিমিত্ত প্রচার কার্য হিসেবে বিগত অর্থবছরে ১৩ জেলায়- জেলা প্রশাসক কার্যালয়ে ও টিটিসিতে জব ফেয়ার আয়োজন করা হয়েছে।

- গৃহকর্মী পেশায় সৌদিআরবসহ মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশে গমনেচ্ছু নারী কর্মীদের গৃহস্থালী কাজের ব্যবহারিক প্রশিক্ষণসহ গন্তব্য দেশের ভাষা, আইন, খাদ্যাভাস, স্বাস্থ্য এবং সামাজিক রীতিনীতি ইত্যাদি বিষয়ে ধারণা প্রদানের জন্য ৪৩টি টিটিসিতে ৩০ দিন মেয়াদী বাধ্যতামূলক আবাসিক হাউজকিপিং প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ শেষে যথাযথ মূল্যায়ণের মাধ্যমে উত্তীর্ণদের সনদ প্রদান করা হয়। হংকংগামী নারী গৃহকর্মীদের জন্য House keeping & Cantonese Language কোর্সে প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত হংকংস্থ এজেন্সির সাথে যৌথ ব্যবস্থাপনায় প্রশিক্ষণ পরিচালনা করা হচ্ছে।

- এছাড়াও A2i প্রকল্পের উদ্যোগে বিকেটিটিসি, ঢাকায় E-Learning Platform for Migrant Workers নামে Innovation প্রকল্পের আওতায় বিদেশগামী নারী কর্মীদের ট্রেনিং প্রদান করা হচ্ছে। উল্লেখ্য যে, ২০২১-২০২২ অর্থ বছরে ২২,৬২৭ জন নারীকর্মীকে হাউজ কিপিং কোর্সে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

- বিদেশগামী নারী কর্মীদের অধিকতর সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে ০৪ সদস্যবিশিষ্ট "নারী কর্মী সুরক্ষা সেল" গঠন করা হয়েছে।

- বাংলাদেশ মিশনসমূহের শ্রম কল্যাণ উইংয়ের তত্ত্বাবধানে পরিচালিত সেইফ হোমে বিপদগ্রস্ত নারী কর্মীদের উদ্ধার করে আশ্রয় প্রদান করা হয়;

## ২.৬ সরকারিভাবে বৈদেশিক কর্মসংস্থান

বাংলাদেশ ওভারসিজ এমপয়মেন্ট সার্ভিসেস লিঃ (বোয়েসেল) Employment Permit System এর আওতায় স্বল্প খরচে/বিনা খরচে বিদেশে কর্মসংস্থানের লক্ষ্যে কর্মী প্রেরণ করছে। ২০২১-২২ অর্থবছরে বোয়েসেলের মাধ্যমে ২,৩৬৮ জন কর্মী দক্ষিণ কোরিয়া গমন করেছে। এছাড়া জর্ডান, কুয়েত, মরিশাস, জাপান, হংকং এবং সিশেলস ১৫,৮৮৬ জন কর্মী প্রেরণ করা হয়েছে। এর মধ্যে শূন্য অভিবাসন ব্যয়ে প্রেরিত কর্মী ১৩৭৫৭ জন। এসময়কালে প্রেরিত শতকরা ৮৫.০০ ভাগই নারী কর্মী। বোয়েসেল কর্তৃক বৈদেশিক কর্মসংস্থান এর পরিসংখ্যান নিম্নরূপঃ

| কার্যক্রম | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ |
|---|---|---|---|---|
| কার্যক্রম | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ |
| কর্মী প্রেরণের মোট সংখ্যা | ১১,৫১৯ | ৮,৫২৫ | ৫৫৫৬ | ১৮২৫৪ |
| শুন্য অভিবাসন ব্যয়ে বৈদেশিক নিয়োগ | ৬৩৬৩ | ৬৩০৮ | ৪২৯৯ | ১৩,৭৫৭ |
| নারী কর্মী প্রেরণ | ৯২২০ | ৭৩৬৪ | ৫৪৮৯ | ১৫,৬৪৬ |
| প্রেরিত মোট কর্মীর মধ্যে নারী কর্মীর হার (%) | ৮০.০৪% | ৮৬.৩৯% | ৯৮.৭৯% | ৮৫.০০% |




গোপালগঞ্জ জেলায় বোয়েসেল কর্তৃক অনুষ্ঠিত জবফেয়ার




বাংলাদেশ থেকে মালয়েশিয়ায় কর্মী নিয়োগে নতুন সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে মালয়েশিয়ার মাননীয় মানবসম্পদ মন্ত্রী এম সারাভানান এবং বাংলাদেশের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ইমরান আহমদ, এমপি



প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমদ, এম.পি কাতারে সরকারি সফরকালীন সময়ে কাতারের মাননীয় শ্রম মন্ত্রী জনাব DR ALI SAEED S.B. AL-SAMIKH-কে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর উপর প্রকাশিত বই উপহার। উক্ত সভায় আরো উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী কার্যালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া, কাতারে নিযুক্ত মান্যবর রাষ্ট্রদূত জনাব মো: জসীম উদ্দিন, এনডিসি।

অধ্যায়

৩

# বৈদেশিক কর্মসংস্থানের জন্য শ্রমবাজার সম্প্রসারণ ও অনুসন্ধান

বিদ্যমান শ্রমবাজার সম্প্রসারণ ও নতুন শ্রমবাজার অন্বেষণের জন্য মন্ত্রণালয়ের গবেষণা ও নীতি, মিশন ও কল্যাণ এবং কর্মসংস্থান অনুবিভাগ নানবিধ কাজ করছে। নতুন নতুন দেশ যেমন: কম্বোডিয়া, সিশেলস, বসনিয়া-হার্জেগোভিনা, রোমানিয়া, উজবেকিস্তান, ইউক্রেন, হাঙ্গেরি, পোল্যাণ্ড, চীন ইত্যাদি দেশে বাংলাদেশ থেকে কর্মী প্রেরণ শুরু হয়েছে।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতিমালা-২০১৬ বাস্তবায়নের জন্য কর্মপরিকল্পনাতে (Action Plan) নতুন শ্রমবাজার সম্প্রসারণের নীতি-নির্দেশনা অনুসারে কর্মসংস্থানের সম্ভাব্যতা যাচাইয়ের লক্ষ্যে প্রতি বছর ৪টি দেশের শ্রমবাজারভিত্তিক গবেষণা পরিচালনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন, মালয়েশিয়া, সিঙ্গাপুরসহ মোট ২৫টি দেশের শ্রমবাজার বিশ্লেষণ করে করোনা পরিস্থিতিতে দেশভিত্তিক পরিবর্তিত কর্মসংস্থানের চাহিদা ও সুযোগ সম্পর্কে ধারণার প্রেক্ষিতে ট্রেডভিত্তিক প্রশিক্ষণ প্রদান করে দক্ষ কর্মী তৈরির কর্মপরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। বর্তমান সরকারের নানামুখী কূটনৈতিক তৎপরতার কারণে ইতোমধ্যে বাংলাদেশের অন্যতম শ্রমবাজার মালয়েশিয়া এবং গ্রীস এর সাথে কর্মী প্রেরণের বিষয়ে MoU স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশের সাথে মালয়েশিয়ার সমঝোতা স্মারক স্বাক্ষরিত হওয়ায় বর্তমানে কর্মী প্রেরণ শুরু হয়েছে। এছাড়াও মালদ্বীপের সাথে কর্মী প্রেরণের বিষয়ে সমঝোতা স্মারক স্বাক্ষর হয়েছে। কম্বোডিয়ার সাথে Record of Discussion (RoD), জাপানের সাথে স্পেশালাইজড স্কিলড ওয়ার্কার প্রেরণের জন্য Memorandum of Co-operation (MoC) এবং সিশেলস এর সাথে Agreement on Labour Co-operation (ALC) স্বাক্ষরিত হয়েছে।

### ৩.১ বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল) ISO9001:2015 সনদপ্রাপ্ত একটি সরকারি প্রতিষ্ঠান। ২০২১-২২ অর্থ বছরে বোয়েসেলের মাধ্যমে প্রেরণকৃত মোট ৫,৫৫৬ জন কর্মীর দেশ ও পেশাওয়ারী তথ্য নিম্নে ছকে প্রদান করা হলো:

| দেশ | পেশাজীবী | দক্ষ | স্বল্প দক্ষ | মোট |
|---|---|---|---|---|
| জর্ডান | - | ১৫,৭৩৫ জন | - | ১৫,৭৩৫ জন |
| কুয়েত | ৯৩ জন | - | - | ৯৩ জন |
| সিশেলস | - | ২৪ জন | - | ২৪ জন |

| দেশ | পেশাজীবী | দক্ষ | স্বল্প দক্ষ | মোট |
|---|---|---|---|---|
| দক্ষিণ কোরিয়া | - | - | ২,৩৬৮ জন | ২,৩৬৮ জন |
| মরিশাস | - | ১৯ জন | - | ১৯ জন |
| ক্রোয়েশিয়া | - | ১০ জন | - | ১০ জন |
| জাপান | - | ০২ জন | - | ০২ জন |
| হংকং | - | ০৩ জন | - | ০৩ জন |
| **মোট** | **৯৩ জন** | **১৫,৭৯৩ জন** | **২,৩৬৮ জন** | **১৮,২৫৪ জন** |

## ৩.২ দক্ষিণ কোরিয়ায় কর্মী নিয়োগ সংক্রান্ত তথ্য:

Employment Permit System এর আওতায় বাংলাদেশ ও দক্ষিণ কোরিয়া সরকারের মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী বোয়েসেলের মাধ্যমে ২০০৮ খ্রি. হতে দক্ষিণ কোরিয়ায় কর্মী প্রেরণ করা হচ্ছে। এ পদ্ধতির প্রধান বৈশিষ্ট্য নিম্নরূপ:

- কর্মীদের অভিবাসন ব্যয় ১১৫০ (এগার'শ পঞ্চাশ) মার্কিন ডলার মাত্র।
- কর্মীগণ দক্ষিণ কোরিয়ায় ওভারটাইমসহ মাসিক ২ (দুই) লক্ষ টাকার উপরে আয় করে থাকে এবং তাদের থাকা-খাবার ব্যবস্থা নিয়োগকারী কোম্পানি করে থাকে।
- EPS এর মাধ্যমে দক্ষিণ কোরিয়ায় গমনের জন্য কর্মী নির্বাচন এবং কর্মী প্রেরণসহ সকল প্রক্রিয়া Online এ অত্যন্ত স্বচ্ছতার সঙ্গে সম্পন্ন করা হয়।
- ২০২১-২০২২ অর্থবছরে প্রেরিত ১৮,২৫৪ জন কর্মীর মধ্যে EPS এর মাধ্যমে মোট ২৩৬৮ জন কর্মী চাকরি নিয়ে কোরিয়া গমন করেছে।

## ৩.৩ জর্ডানে গার্মেন্টস কর্মী নিয়োগ সংক্রান্ত তথ্য:

২০০৬ সাল হতে জর্ডান সরকার বাংলাদেশ হতে কর্মী নিয়োগ বন্ধ করে দেয়। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং জর্ডানস্থ বাংলাদেশ দূতাবাসের বিশেষ চেষ্টায় ২০১০ সালের সেপ্টেম্বর মাস হতে জর্ডান সরকার বাংলাদেশ হতে শুধুমাত্র মহিলা গার্মেন্টস কর্মী নিয়োগের অনুমতি প্রদান করায় বোয়েসেলের মাধ্যমে দক্ষ নারী কর্মীর পাশাপাশি কিছু সংখ্যক দক্ষ পুরুষ গার্মেন্টস কর্মী জর্ডানে প্রেরণ করা হয়ে থাকে।

- জর্ডানের গার্মেন্টস কোম্পানির প্রতিনিধির তত্ত্বধানে ব্যবহারিক পরীক্ষার মাধ্যমে দক্ষ মহিলা গার্মেন্টস কর্মী নির্বাচন করে থাকে।
- প্রত্যেক মহিলা গার্মেন্টস কর্মীর মাসিক ২৫,০০০/- টাকা আয় করে থাকে এবং কর্মীদের থাকা, খাবার এবং চিকিৎসার ব্যবস্থা কোম্পানি করে থাকে।
- বোয়েসেলের কোন এজেন্ট বা সাব এজেন্ট নাই, বিধায় নারী কর্মীরা সরাসরি বোয়েসেল অফিসে যোগাযোগ করে কোন প্রকার প্রতারণা বা হয়রানি ছাড়াই বিদেশ যেতে পারছে।
- ২০২১-২০২২ অর্থবছরে বোয়েসেলের মাধ্যমে প্রেরিত ১৮,২৫৪ জন কর্মীর মধ্যে জর্ডানের বিভিন্ন গার্মেন্টস কোম্পানিতে ১৫,৬৪৬ জন নারীকর্মী চাকুরি গ্রহণ করেছে।

## ৩.৪ বোয়েসেলের অন্যান্য অর্জন:

- ২০২১-২০২২ অর্থবছরে সর্বকালের সেরা রেকর্ড ১৮,২৫৪ জন কর্মীকে বিদেশে চাকরির সুযোগ প্রদান।
- ৩০ জুন, ২০২২ পর্যন্ত বোয়েসেলের মাধ্যমে ৫১ জন মহিলা এবং ৪২জন পুরুষ সহ মোট ৯৩ জন দক্ষ ও পেশাজীবী নার্সকে কুয়েত-এ প্রেরণ করা হয়;
- বিশেষ ব্যবস্থায় বাংলাদেশ থেকে ২৩৬৮ জন ইপিএস কর্মীকে দক্ষিণ কোরিয়ায় প্রেরণ।
- অর্থ মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত Individual Performance Evaluation (IPE)-এর জন্য নির্বাচিত ১ম ৫টি State Owned Enterprise (SOE)-এর ১টি হিসেবে বোয়েসেল মনোনীত।
- পররাষ্ট্র মন্ত্রণালয় আয়োজিত দেশের ১ম Economic Diplomacy Week-এ অন্যতম আলোচক হিসেবে বোয়েসেল-এর অংশগ্রহণ।
- বীর মুক্তিযোদ্ধার ১০০জন সন্তান / পোষ্যকে বিনা অভিবাসন ব্যয়ে বৈদেশিক চাকরির সুযোগ প্রদান।
- এক বছরে রেকর্ড ১৩টি জেলায় জব ফেয়ার ও মতবিনিময় সভা অনুষ্ঠান।
- ইউরোপের শ্রমবাজারে (ক্রোয়েশিয়া) বোয়েসেল-এর মাধ্যমে কর্মী প্রেরণ।

- কোরিয়ান ভাষা ও সংস্কৃতি বিষয়ে ৮৪ ঘন্টার নিবিড় প্রশিক্ষণ পরিচালনা করা হচ্ছে;
- দক্ষিণ কোরিয়াগামী কর্মীদের দক্ষতা বৃদ্ধির জন্য ৩ দিন ব্যাপী ২০ ঘন্টা ভাষা প্রশিক্ষণ কোর্স চালু করা হয়েছে।
- বিদেশগামী কর্মীদের সচেতনতা ও আচরণগত প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে;
- বোয়েসেল-এর মাধ্যমে বৈদেশিক নিয়োগ তথ্য জানার জন্য মোবাইল অ্যাপ'স চালু করা হয়েছে;



প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমদ এমপি ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া মহোদয়ের কাতার সফরের স্থিরচিত্র

অধ্যায়

৪

# বৈদেশিক কর্মসংস্থান ও রেমিটেন্স

## ৪.১: দক্ষতা উন্নয়ন ও প্রশিক্ষণ

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এর আওতাধীন ০৬ টি ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি'র (আইএমটি) মাধ্যমে ডিপোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (মেরিন টেকনোলজি ও শিপবিল্ডিং) এবং ৬৪টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের (টিটিসি) মাধ্যমে এসএসসি ভোকেশনাল ও বিভিন্ন স্বল্পমেয়াদী কোর্সে ৫৫টি কর্মসংস্থান উপযোগী ট্রেড/অকুপেশনে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। উল্লেখ্য, ২০২১-২০২২ অর্থবছরে ৮,১৭,৭২৬ জন পুরুষ ও ৩৮,৫৭৯ জন নারীসহ সর্বমোট ৮,৫৬,৩০৫ জন প্রশিক্ষণার্থীকে বিভিন্ন কোর্সের আওতায় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এর মধ্যে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং কোর্সে ৫৭০ জন, এসএসসি (ভোক) ১৪,৪২৩ জন, স্বল্পমেয়াদী কোর্সে ৩২,০৩৫, SEIP এর অর্থায়নে পরিচালিত কোর্সে ১৫,২৬৫, ভাষা প্রশিক্ষণ কোর্সে ১,৫১৭, প্রি-ডিপারচার ওরিয়েন্টেশন কোর্সে ৭,৬৯,৮৬৮ এবং হাউজকিপিং কোর্সে ২২,৬২৭ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উপজেলা পর্যায়ে আরো ৪০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও চট্রগ্রামে ১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপনের কাজ বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়া ১০০ টি উপজেলায় ১০০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন সংক্রান্ত প্রকল্প অনুমোদনের অপেক্ষায় রয়েছে। বিভিন্ন আইএমটি ও টিটিসিতে পরিচালিত দক্ষতা উন্নয়ন কোর্স, হাউজ কিপিং ও প্রি-ডির্পারচার ওরিয়েনটেশন কোর্সের ভর্তি প্রক্রিয়া অন লাইনের মাধ্যমে করা হচ্ছে। ভর্তিচ্ছু প্রশিক্ষণার্থীরা যে কোন স্থান থেকে অনলাইন প্রক্রিয়ায় তাদের পছন্দ অনুসারে প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও কোর্সে ভর্তি হওয়ার সুযোগ পাচ্ছে। প্রশিক্ষার্থীরা প্রশিক্ষণ সমাপনান্ড়ে অনলাইনে সনদপত্র গ্রহণ করছে।



হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর পরিদর্শন করেন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমদ এমপি ও দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত এবং পরিচালক এইচ.আর.ডি কোরিয়া

## ৪.২ ২০২০-২০২১ অর্থবছরের প্রশিক্ষণ পরিসংখ্যান

- **৩-৪ মাস মেয়াদী স্বল্পমেয়াদী কোর্স:**

  প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়য়ের তত্ত্বাবধানে বিএমইটি'র আওতাধীন ৭০টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে নিয়মিত কোর্সের আওতায় ৫৫টি ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। উক্ত কোর্সের মধ্যে অধিক প্রচলিত শর্টটাম মার্কেট রেসপনসিভ ১৮ টি ট্রেডে (ইলেকট্রিক্যাল, পাম্বিং, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং, আইটি সাপোর্ট টেকনিশিয়ান, ওয়েল্ডিং, ইত্যাদি) দক্ষতা ভিত্তিক NTVQF অনুযায়ী প্রশিক্ষণ প্রদান, এ্যাসেসমেন্ট ও BTEB কর্তৃক সনদায়ন করা হচ্ছে।

- **৪ বছর মেয়াদী ডিপোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (মেরিন এবং শিপবিল্ডিং টেকনোলজি):**

  বিএমইটি'র আওতাধীন ৬টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজিতে (বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, নারায়ণগঞ্জ, ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, মুন্সিগঞ্জ, ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, সিরাজগঞ্জ, ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, ফরিদপুর, ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, বাগেরহাট, ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, চাঁদপুর) ৪ বছর মেয়াদী ডিপোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (মেরিন এবং শিপবিল্ডিং টেকনোলজি) কোর্স পরিচালিত হচ্ছে। এ সকল প্রতিষ্ঠানগুলোতে ঘএঠছঋ লেভেলে স্বল্পমেয়াদী ট্রেড কোর্সসমূহ পরিচালিত হচ্ছে।

- **২ বছর মেয়াদী এসএসসি (ভোকেশনাল) কোর্স:**

  এ মন্ত্রণালয়ের তত্ত্বধানে বিএমইটি্র আওতাধীন ৪৭ টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে ২ বছর মেয়াদী এসএসসি (ভোকেশনাল) কোর্স পরিচালিত হচ্ছে। এ সকল প্রতিষ্ঠানে ইলেকটিক্যাল, ইলেকট্রনিক্স, আর্কিচেকচারাল ড্রাফটিং উইথ অটোক্যাড, ওয়েল্ডিং, আরএসি, সিভিল কনট্রাকশনসহ বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। বৈদেশিক শ্রমবাজারের চাহিদা অনুযায়ী দক্ষ জনশক্তি তৈরি করার লক্ষ্যে কিছু সংখ্যক টিটিসিতে বর্তমানে এসএসসি ভোকেশনাল কোর্সের পরিবর্তে বিভিন্ন ট্রেডে নিয়মিত কোর্স হিসেবে স্বল্প মেয়াদী কোর্স পরিচালনা করা হচ্ছে। পর্যায়ক্রমে সকল টিটিসিতে স্বল্প মেয়াদী নিয়মিত কোর্স পরিচালনা করা হবে।

- **ড্রাইভিং প্রশিক্ষণ:**

  দেশে ও বিদেশে দক্ষ ড্রাইভারের ব্যাপক চাহিদা রয়েছে। দক্ষ ড্রাইভারের চাহিদা পূরণে Skills for Employment Investment Program (SEIP) এর সহায়তায় ৬১টি টিটিসিতে ৪ মাস মেয়াদী মোটর ড্রাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স কোর্স পরিচালিত হচ্ছে। প্রশিক্ষণ গ্রহণকারীদের ড্রাইভিং প্রশিক্ষণের পাশাপাশি কর্মক্ষেত্রে সচরাচর ব্যবহৃত ইংরেজি ও আরবী ভাষার উপর প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ সম্পন্নকারীরা স্ব-স্ব প্রতিষ্ঠানে BRTA এর মূল্যায়ণ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ড্রাইভিং লাইসেন্স গ্রহণ করছে। প্রশিক্ষণ গ্রহণকারীগণ স্থানীয়ভাবে কর্মসংস্থানসহ বৈদেশিক কর্মসংস্থানে সুযোগ পাচ্ছে। ২০২১-২০২২ অর্থ বছরে মোট ৭,৩৫৮ জনকে BRTA কর্তৃক লাইসেন্স প্রদান করা হয়েছে।

  দেশে বিদেশে দক্ষ ড্রাইভারের চাহিদা পূরণে সরকারি (এড়ই) অর্থায়নে ১,০২,৪০০ জন প্রশিক্ষিত দক্ষ ড্রাইভার তৈরির লক্ষ্যে "দেশে-বিদেশ কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান" শীর্ষক একটি প্রকল্পের মাধ্যমে ৬৪টি টিটিসিতে ৩ মাস মেয়াদী প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। এ প্রকল্পের আওতায় ১৩৩ জন খন্ডকালীন ড্রাইভিং প্রশিক্ষক ও ৬৪ জন স্কীল ওয়ার্কার কর্মরত আছে। ২০২১-২০২২ অর্থ বছরে মোট ৯,৩২০ জনকে ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

- **হাউজ কিপিং প্রশিক্ষণ:**

  গৃহকর্মী পেশায় সৌদিআরবসহ মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশে গমনেচ্ছু নারী কর্মীদের গৃহস্থালী কাজের ব্যবহারিক প্রশিক্ষণসহ গন্তব্য দেশের ভাষা, আইন, খাদ্যাভাস, স্বাস্থ্য এবং সামাজিক রীতিনীতি ইত্যাদি বিষয়ে ধারণা প্রদানের জন্য ৪৩টি টিটিসিতে ৩০ দিন মেয়াদী বাধ্যতামূলক আবাসিক হাউজকিপিং প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ শেষে যথাযথ মূল্যায়ণের মাধ্যমে উত্তীর্ণদের সনদ প্রদান করা হয়। হংকংগামী নারী গৃহকর্মীদের জন্য House keeping & CantoneseLanguage কোর্সে প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত হংকংস্থ এজেন্সির সাথে যৌথ ব্যবস্থাপনায় প্রশিক্ষণ পরিচালনা করা হচ্ছে। এছাড়াও ২য় প্রকল্পের উদ্যোগে বিকেটিটিসি, ঢাকায় E-Learning Platform for Migrant Workers bv‡g Innovation প্রকল্পের আওতায় বিদেশগামী নারী কর্মীদের ট্রেনিং প্রদান করা হচ্ছে। উল্লেখ্য যে, ২০২১-২০২২ অর্থ বছরে ২২,৬২৭ জন নারীকর্মীকে হাউজ কিপিং কোর্সে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

- **RPL কার্যক্রম:**

  দেশে ও বিদেশে বাংলাদেশি কর্মীদের কর্মস্থলে দীর্ঘদিন সংশ্লিষ্ট পেশায় কাজের মাধ্যমে দক্ষতা অর্জিত হলেও তাদের

কোন প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ বা সনদ না থাকায় উচ্চতর পদে পদোন্নতি, মজুরীসহ সামাজিক মর্যাদা বৃদ্ধির ক্ষেত্রে দক্ষতার স্বীকৃতি স্বরূপ বিএমইটির আওতায় বিভিন্ন টিটিসিতে Recognition of Prior Learning (RPL) এর আওতায় সনদায়ন কার্যক্রম পরিচালিত হচ্ছে। বর্তমানে প্রত্যাগত অভিবাসী কর্মীদের পূর্ব দক্ষতার স্বীকৃতি প্রদানের লক্ষ্যে অভিবাসন ও দক্ষতা উন্নয়ন তহবিল এর আওতায় ৩৩টি টিটিসিতে এবং আইএলও'র অর্থায়নে ২০ টি টিটিসিতে RPL এর মাধ্যমে স্ব-স্ব পেশায় কর্মীদের সনদায়ন করা হচ্ছে। RPL কর্তৃক সনদায়নের ফলে কর্মক্ষেত্রে কর্মীদের যোগ্যতার স্বীকৃতি, উচ্চতর পদে উন্নীত হওয়ার সুযোগসহ অর্থনৈতিক উন্নয়ন ও সামাজিক মর্যাদা বৃদ্ধি পাবে।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অভিবাসন ও দক্ষতা উন্নয়ন তহবিলের অর্থায়নে ৭১৫জন বিদেশ প্রত্যাগত কর্মীকে, আইএলও'র অর্থায়নে ৪০০ জন এবং স্ব-অর্থায়নে ৪,৬৫৯ জন কর্মীকে অর্থাৎ ২০২১-২০২২ অর্থ বছরে সর্বমোট ৫,৮৮৪ জনকে RPL এর আওতায় সনদায়ন করা হয়েছে।

- **City & Guilds এর আওতায় প্রশিক্ষণ:**

আন্তর্জাতিক সনদায়ন সংস্থা City and Guilds, যুক্তরাজ্য এর আওতায় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। প্রশিক্ষণ প্রাপ্তরা যথাযথ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে City and Guilds কর্তৃক সনদ প্রাপ্ত হয়েছে। ৬টি টিটিসিতে City and Guilds এর আওতায় ২০২১-২০২২ অর্থবছরে ১৮৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে:

City and Guilds এর আওতায় ৬ মাস মেয়াদী ডিপ্লোমা কোর্স চালুর লক্ষ্যে SEIPGi আর্থিক সহায়তায় ২১ জন প্রশিক্ষককে উচ্চতর লেভেলে ToT প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এক্ষেত্রে City and Guilds সার্টিফাইড মাস্টার ট্রেইনারের মাধ্যমে টিটিসি'র প্রশিক্ষকদের মাধ্যমে ৭ দিন ব্যাপি প্যাডাগোজি ট্রেনিং ও ৮ দিন ব্যাপি স্কিল ট্রেনিং প্রদান করা হবে। এছাড়া উক্ত ২১ জন প্রশিক্ষকের মধ্যে নির্বাচিত ১০ জনকে শ্রীলংকায় ৪ দিনের প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রেরণ করা হবে।

- **হেভি ইকুইপমেন্ট অপারেশন প্রশিক্ষণ:**

নির্মাণখাতে হেভি ইকুইপমেন্ট অপারেশন পরিচালনায় দক্ষ কর্মীর দেশে ও বিদেশে ব্যাপক চাহিদা রয়েছে। উক্ত চাহিদা অনুযায়ী দক্ষ কর্মী প্রেরণের লক্ষ্যে SEIP এর সহায়তায় প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত নির্মাণখাতে ব্যবহৃত হেভি ইকুইপমেন্ট (রোড রোলার, ট্রাক ক্রেন, ফর্ক লিফট) সংগ্রহ, কারিকুলাম প্রস্তুত ও দক্ষ প্রশিক্ষক নিয়োগ প্রদানের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। বর্তমানে চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া ও নীলফামারী টিটিসিতে ০৩ মাস মেয়াদী হেভী ইকুইপমেন্ট অপারেশন কোর্সে প্রশিক্ষণ চালু করা হয়েছে। এ প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় টিটিসিতে ২০০ ঘন্টা ইন-হাউজ ট্রেনিং এবং ১২০ ঘন্টা কন্সট্রাকশন ফিল্ডে এটাচমেন্ট হিসেবে প্রশিক্ষণ গ্রহণ করে থাকে। ২০২১-২০২২ অর্থ বছরে ২৪০ জন কর্মীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

- **হোটেল ম্যানেজমেন্ট কোর্স:**

ট্যুরিজম এন্ড হসপিটালিটি সেক্টরে দক্ষ কর্মী তৈরীর লক্ষ্যে SEIP এর সহযোগিতায় মৌলভীবাজার, পাবনা, চট্টগ্রাম মহিলা ও খুলনা মহিলা টিটিসিতে ৪ মাস (৩৬০ ঘন্টা) মেয়াদী ফুড এন্ড বেভারেজ প্রোডাকশন, ফুড এন্ড বেভারেজ সার্ভিস ও হোটেল হাউজকিপিং প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার পদক্ষেপ নেওয়া হয়েছে। এক্ষেত্রে ০৩ মাস (২৬০ ঘন্টা) প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ এবং ১ মাস (১০০ ঘন্টা) বিভিন্ন স্বনামধন্য হোটেলে এটাচমেন্ট হিসেবে ব্যবহারিক প্রশিক্ষণের ব্যবস্থা রাখা হয়েছে।

ইতোমধ্যে যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে এবং সংশিষ্ট অকুপেশনে খন্ডকালীন দক্ষ প্রশিক্ষক নিয়োগের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

- **KOICA এর কারিগরি ও আর্থিক সহায়তায় প্রশিক্ষণ:**

বিএমইটির দক্ষতা উন্নয়ন কার্যক্রমে Korea International Cooperation Agency (KOICA) কারিগরি ও আর্থিক সহায়তা প্রদান করছে। KOICAএর আর্থিক সহায়তায় বিএমইটির আওতাধীন বাংলাদেশ-কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা, বাংলাদেশ-কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম ও রাজশাহী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে অত্যাধুনিক যন্ত্রপাতি সমন্বয়ে আধুনিকায়ন করা হয়েছে। এছাড়া KOICA এর কারিগরি ও SEIP এর আর্থিক সহায়তায় বিজি টিটিসি ঢাকা, খুলনা টিটিসি এবং সিলেট টিটিসির সংস্কার ও আধুনিকায়ন কার্যক্রম শুরু করা হয়েছে। এছাড়া KOICAএর সহায়তায় আইএমটি ও টিটিসির প্রশিক্ষকদের দক্ষতার বিভিন্ন লেভেলে ইলেকট্রিক্যাল, ওয়েল্ডিং, আরএসি, ইএমআই, পাম্বিং ইত্যাদি বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

- **Jiansu Maritime Institute (JMI) Nanjing, China এ প্রশিক্ষণ কার্যক্রম:**

ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি (আইএমটি)

প্রশিক্ষণার্থীদের মেরিটাইম সেক্টরে উচ্চতর প্রশিক্ষণের সুযোগ তৈরিতে Jiangsu Maritime Institute (JMI), China এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর মধ্যে ২০১৭ সালে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়। উক্ত MoUএর আওতায় বর্তমানে প্রথম ব্যাচে আইএমটির প্রশিক্ষণার্থীদের ২৪ জন সমুদ্রগামী জাহাজে অন জব ট্রেনিং-এ অংশগ্রহণের প্রস্তুতি পর্যায়ে রয়েছে এবং দ্বিতীয়ব্যাচের ৩১ জন JMI China তে প্রশিক্ষণরত রয়েছে। Jiangsu Maritime Institute টি STCW ও IMO রেগুলেশনে পরিচালিত চীনের একটি স্বনামধন্য মেরিটাইম শিক্ষা প্রতিষ্ঠান।

- **ভাষা শিক্ষা প্রশিক্ষণ:**

বিএমইটির অধীন বিভিন্ন টিটিসি/আইএমটিতে জাপানিজ, কোরিয়ান, ইংরেজি এবং চায়নিজ (ক্যান্টনিজ/ম্যান্ডারিন) ভাষা প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা হচ্ছে। ভাষা প্রশিক্ষণ কোর্স সমাপ্তি পর প্রশিক্ষণার্থীরা জাপান, কোরিয়া, চীন, ম্যাকাও, হংকংসহ বিভিন্ন দেশে কর্মসংস্থানের সুযোগ পাচ্ছে। ২০২১-২০২২ অর্থবছরে ৬৮৪ জন জাপানিজ ভাষা, ৩৯৬ জন কোরিয়ান ভাষা, ৩৮৭ জন ইংরেজি ভাষা, ৩৮ জন চাইনিজ ক্যান্টনিজ এবং ১২ জন চাইনিজ ম্যান্ডারিন ভাষায় প্রশিক্ষণ গ্রহণ করেছে।

### ৪.৩ বিনা অভিবাসন খরচে জাপানে কর্মী প্রেরণ:

#### (ক) IM Japan এর মাধ্যমে জাপানে টেকনিক্যাল ইন্টার্ন প্রেরণ:

২০১৭ সাল থেকে বিএমইটি ও International Manpower Development Organization, Japan (IM Japan) এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক (MoU) এর আওতায় জাপানে টেকনিক্যাল ইন্টার্ন হিসেবে বিনা অভিবাসন ব্যয়ে কর্মী প্রেরণ করা হচ্ছে। ইতোমধ্যে ২৩০ জন টেকনিক্যাল ইন্টার্ন জাপানে গমন করেছে। এক্ষেত্রে ৩২টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ৬ মাস মেয়াদী জাপানী ভাষা প্রশিক্ষণ সম্পন্ন করে। পরবর্তীতে প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে ভাষা প্রশিক্ষণ গ্রহণকারীদের ওগ Japan এর প্রতিনিধি কর্তৃক ভাষাগত দক্ষতা ও শারীরিক সক্ষমতা যাচাইয়ের মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হয়। নির্বাচিত প্রার্থীরা অধিকতর ভাষাগত দক্ষতা, জাপানের খাদ্যাভাস, কৃষ্টি-কালচার ও নিয়ম নীতির বিষয়ে সম্যক জ্ঞান ও দক্ষতা প্রদানের লক্ষ্যে বাংলাদেশ জার্মান কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ও কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মানিকগঞ্জে জাপানী ও টিটিসি'র প্রশিক্ষকদের মাধ্যমে ৬ মাস ব্যাপি আবাসিক প্রশিক্ষণ প্রদান করে জাপানে টেকনিক্যাল ইন্টার্ন হিসেবে প্রেরণ করা হচ্ছে।

#### (খ) SSWGর আওতায় জাপানে কর্মী প্রেরণ:

বাংলাদেশী দক্ষ কর্মীদের জাপানে কর্মসংস্থানের লক্ষ্যে ১৪টি পেশায় Specialized Skilled Worker (SSW) প্রেরণের উদ্দেশ্যে জাপানের বিচার বিষয়ক মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, জাপানের জাতীয় পরিকল্পনা এজেন্সি এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মধ্যে একটি সহযোগিতা স্মারক (MoC) স্বাক্ষরিত হয়েছে। বিএমইটি ও জাপানস্থ কোম্পানী WHITA Corporation এর মধ্যে একটি গড়ট স্বাক্ষরিত হয়। উক্ত MoU এর আওতায় কেয়ারগিভার অকুপেশনে জাপানে দক্ষ কর্মী প্রেরণের লক্ষ্যে WHITA Corporation কর্তৃক ২০ জনকে প্রাথমিকভাবে নির্বাচন করা হয়েছে। নির্বাচিতদের শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা টিটিসি, ঢাকায় কেয়ারগিভার অকুপেশনে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

### ৪.৪ সুবিধাবঞ্চিত জনগোষ্ঠির জন্য প্রশিক্ষণ কার্যক্রম:

সুবিধাবঞ্চিত, দুঃস্থ ও দরিদ্র কর্মক্ষম জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ তৈরি করে বেকারত্ব দূরীকরণের মাধ্যমে দারিদ্র বিমোচন ও দেশের আর্থ-সামাজিক উন্নয়নে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করে থাকে। এ পর্যন্ত মোট ৩৬২০ জন বেকার ও দরিদ্র যুবক-মহিলারা বিভিন্ন টিটিসিতে কর্মসংস্থান উপযোগী ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

### ৪.৫ প্রি-ডিপার্চার ওরিয়েন্টশন:

বৈদেশিক কর্মসংস্থানের উদ্দেশ্যে গমনকারী সকল কর্মীদের সঠিক পন্থায় বিদেশ গমন, গন্তব্য দেশের আইন-কানুন, খাদ্যাভ্যাস, স্বাস্থ্য, কর্মক্ষেত্রে করনীয়, সামাজিক রীতিনীতি, বৈধপথে রেমিটেন্স প্রেরণ, উর্পাজিত অর্থের সঠিক বিনিয়োগ ইত্যাদি বিষয়ে ধারণা প্রদানের লক্ষ্যে সকল আইএমটি ও টিটিসিতে ০৩ দিনের বাধ্যতামূলক প্রি-ডিপার্চার ওরয়িন্টেশন কোর্স পরিচালনা করা হয়। উক্ত প্রি-ডির্পাচার কোর্সের ম্যানুয়াল আপডেট করা হয়েছে। আপডেট ম্যানুয়াল অনুয়ায়ী Competency Based Learning Metirial (CBLM) এবং অডিও-ভিডিও কনটেন্ট প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে। কারিকুল এছাড়া Employment Permit System (EPS) এর আওতায় দক্ষিণ কোরিয়ার ক্ষেত্রে ০৭ দিন এবং Seychelles এর ক্ষেত্রে ১০ দিনের প্রি-ডিপার্চার ওরিয়েন্টশন পরিচালিত হয়। ২০২১-২০২২ অর্থ বছরে

৭,৬৯,৮৬৮ জনকে প্রি-ডিপারচার ওরিয়েন্টশন প্রদান করা হয়েছে। প্রি-ডিপার্চার ওরয়িন্টেশন এর উদ্দেশ্যঃ

- কর্মীদের প্রাক-বহির্গমন প্রস্তুতি সংক্রান্ত তথ্য, বৈধ উপায়ে স্বল্প খরচে বিদেশ যাওয়ার বিষয়ে ধারণা, বিদেশ গমন প্রক্রিয়ায় জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর সহযোগিতা এবং যাত্রাপথে বিমানবন্দরে ও বিদেশে পৌঁছানোর পর করণীয় সম্পর্কে অবহিতকরণ।
- অভিবাসী কর্মীদের স্বাস্থ্য বিষয়ক সচেতনতামূলক তথ্য এবং কর্মক্ষেত্রে ও অন্যান্য ক্ষেত্রে নিরাপত্তা বিধি অনুসরণ সম্পর্কিত তথ্য, বিদেশ হতে বৈধ পথে অর্থ প্রেরণের উপায় ও প্রেরিত অর্থের সঠিক বিনিয়োগ। বিদেশে বাংলাদেশ দূতাবাস কর্তৃক প্রদত্ত সেবাসমূহ ও বাংলাদেশি কর্মীদের কর্মক্ষেত্র ও পরিবেশ সম্পর্কে ধারণা প্রদান।
- চুক্তিপত্র অনুযায়ী কর্মীদের প্রাপ্য সুযোগ-সুবিধা যেমনঃ কর্মঘন্টা, বেতন, ছুটি, ওভারটাইম, যাওয়া আসার বিমান ভাড়া ইত্যাদি বিষয়ে সচেতন হওয়া সম্পর্কে অবহিতকরণ।




বিদেশগামী কর্মীদের প্রশিক্ষণের জন্য ১০০ গাড়ি হস্তান্তর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমদ এমপি এবং জনাব কে এম আলী আজম, সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।

## ৪.৬ BTEB এর মাধ্যমে প্রস্তুতকৃত Competency Standard (CS):

| Sl | Occupation | NTVQF Level |
|---|---|---|
| 1. | Pattern Making & Cutting | Level1&2 |
| 2. | Mid-Level Supervisor | Level 3 |
| 3. | Computer Aided Design Operation | Level 3 |
| 4. | Marine Diesel Engine Artificer | Level 1 |
| 5. | Pipe Fitting | Level 1 |
| 6. | Duct Fabrication | Level 2 |
| 7. | Auto Electricity | Level 1 |
| 8. | Programmable logic Controller | Level 3-4 |
| 9. | Automotive Mechanics | Level 1-4 |
| 10. | Welding | Level 1-4 |
| 11. | Graphic Design | Level 2-4 |
| 12. | Cooking | Level 1-4 |
| 13. | Tailoring & Dress Making | Level 1-4 |
| 14. | Machine shop practice | Level 1-4 |
| 15. | Refrigeration & Air—conditioning | Level 1-4 |
| 16. | Plumbing | Level 1-4 |
| 17. | Electrical Installation and Maintenance | Level 1-4 |
| 18. | Day Care Services | Level 3-4 |
| 19. | Geriatric Care Giving Services | Level 3-4 |
| 20. | Sewing Machine Operation | Level 2-4 |
| 21. | Catering | Level 2-4 |
| 22. | Mechatronics | Level 4-5 |

এছাড়া ৮ টি পেশায় Competency Based Learning Metirial (CBLM), ৪৪ টি Competency Based Curriculum (CBC ) প্রস্তুত করা হয়েছে।

## ৪.৭ প্রশিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম:

বিভিন্নি আইএমটি ও টিটিসির প্রশিক্ষকদের NTVQF এর আওতায় নিম্ন বর্ণিত লেভেল অনুযায়ী প্রশিক্ষক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে:

| Sl | NTVQF Level | No. of Instructional Staff |
|---|---|---|
| 1 | NTVQF Level- I | 512 |
| 2 | NTVQF Level- II | 152 |
| 3 | NTVQF Level- III | 205 |
| 4 | NTVQF Level- IV | 128 |
| 5 | NTVQF Level- IV Pedagogy) | 349 (Trainer & Assessor) |

## ৪.৮ চতুর্থ শিল্প শিল্পবের আওতায় বিএমইটির প্রশিক্ষণ কার্যক্রম:

চতুর্থ শিল্প বিপবের প্রভাবে সৃষ্ট কর্মসংস্থানের চাহিদা অনুযায়ী নতুন পেশায় কারিকুলাম ও মাস্টার ট্রেনার তৈরী এবং চতুর্থ শিল্প বিপব ভিত্তিক দক্ষতা উন্নয়ন, পলিসি ফ্রেমওয়ার্ক ও স্ট্র্যাটেজি তৈরির বিষয়ে এটুআই-এর মাধ্যমে সিঙ্গাপুরের টেমাসেক ফাউন্ডেশন ইন্টারন্যাশনাল ও সিঙ্গাপুর পলিটেকনিকের সহযোগিতায় একটি পাইলট প্রকল্প গ্রহণ করা হয়েছে। উক্ত পাইলট প্রকল্পের আওতায় এগ্রো সেক্টর ভিত্তিক ট্রেনিং প্রোগ্রাম চালুকরণে প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ, BTEB এর অনুমোদন সাপেক্ষে কারিকুলাম প্রস্তুত ও প্রশিক্ষক প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

## ৪.৯ সৌদি-বাংলাদেশ বায়োমেডিক্যাল ইন্সটিটিউট প্রতিষ্ঠা:

দেশে বিদেশে Bio-Medical Engineering এর ক্ষেত্রে দক্ষ জনবল তৈরীর লক্ষ্যে ৭ মার্চ ২০১৯খ্রিঃ তারিখে বিএমইটি ও সৌদি আরবস্থ AL MAML Trading Est Company এর সাথে যৌথ উদ্যোগে একটি বায়োমেডিক্যাল ইন্সটিটিউট প্রতিষ্ঠার লক্ষ্যে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়। উক্ত সমঝোতা স্মারকের আওতায় মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলায় সৌদি-বাংলাদেশ ইনস্টিটিউট অব বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি" (SBIBMET)" স্থাপনের জন্য ভৌত অবকাঠামো নির্মাণসহ অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। প্রাথমিক পর্যায়ে ০৩ টি ট্রেডে (বায়োমেডিকেল ইন্সট্রুমেনটেশন, বায়োমেডিকেল ডায়াগনস্টিক ও বায়োমেডিকেল ইমেজিং) প্রশিক্ষণ কার্যক্রম চালু করা হবে।

## ৪.১০ পার্টনারশীপ ভিত্তিক প্রশিক্ষণ:

সরকারি-বেসরকারি অংশিদারিত্বে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে মন্ত্রণালয় এবং বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠানের যৌথ উদ্যোগে বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে:

- BMET, KOICA ও LG ইলেকট্রনিক্স, বাংলাদেশ এর মধ্যে ত্রিপাক্ষিক সমঝোতার আওতায় বিকেটিটিসি ঢাকা ও চট্টগ্রামে আধুনিক RAC Inverter Lab স্থাপনপূর্বক Inverter Technology তে মোট ৬৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ প্রাপ্তদের LG Butterfly, বাংলাদেশ ফ্যাক্টরিতে ইন্ডাস্ট্রিয়াল এ্যাটাচমেন্ট প্রদানপূর্বক চাকুরীর ব্যবস্থা রয়েছে। এছাড়া এ চুক্তির আওতায় সংশিষ্ট প্রশিক্ষকদের সিঙ্গাপুরে এ্যাডভান্স প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা রয়েছে;

- ILO এর Skills-21 প্রকল্পের আওতায় গাইবান্ধা টিটিসিতে ৪৫৫ জন এবং বাগেরহাট আইএমটিতে ২৪৭ জনকে ঘঞঠছঋ অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে;

- হংকং-এ গৃহকর্মী পেশায় নারী কর্মী প্রেরণের লক্ষ্যে হংকংস্থ এজেন্সির মাধ্যমে ক্যান্তোনিজ ভাষাসহ ৭৭ জনকে হাউজকিপিং ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;

- জার্মানভিত্তিক বেসরকারী সংস্থা এঋঅ ও বিএমইটি'র মধ্যে স্বাক্ষরিত MoU এর আওতায় ৫টি টিটিসি ও ১টি আইএমটিতে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ২০২১-২০২২ অর্থ বছরে মোট ৪৮০ জন প্রশিক্ষার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

- বিএমইটি এবং সৌদি আরবস্থ কোম্পানী এঞঅকঅগঙখ এর যৌথ উদ্যোগে সৌদি আরবে গমনেচ্ছু কর্মীদের দক্ষতা যাচাইয়ের লক্ষ্যে Testting Centre পরিচালনা ও সনদায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

- TTC ও BRDB এর যৌথ উদ্যোগে বিভিন্ন টিটিসিতে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ পরিচালনা করা হচ্ছে।

- বিএমইটি ও TAFE Australia, Queensland যৌথভাবে প্রশিক্ষণ পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

## ৪.১১ সনদায়ন:

আইএমটিতে পরিচালিত ৪ বছর মেয়াদী ডিপোমা ইন ইঞ্জিনিয়ারিংকোর্স বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (বিটিইবি) এর কারিকুলাম অনুযায়ী পরিচালিত হয় এবং উত্তীর্ণদের বিটিইবি হতে সনদ প্রদান করা হয়। অন্যান্য স্বল্পমেয়াদী কোর্সে নির্ধারিত কমপিটেন্সি স্ট্যান্ডার্ড অনুযায়ী প্রশিক্ষণ প্রদান এবং বিটিইবি'র নির্ধারিত এ্যাসেসর কর্তৃক প্রশিক্ষার্থীদের চুড়ান্ত মূল্যায়ন ও সনদায়ন করা হয়। এক্ষেত্রে NTVQF লেভেল অনুযায়ী বিভিন্ন লেভেলে প্রশিক্ষণ প্রদান, মূল্যায়ন ও সনদায়ন করা হচ্ছে। বর্তমানে বিএমইটি'র আওতাধীন প্রতিষ্ঠানসমূহে বিভিন্ন ট্রেডে ভর্তিচ্ছু প্রশিক্ষার্থীদের অনলাইনে ভর্তি কার্যক্রম চালু করা হয়েছে এবং প্রশিক্ষণে উত্তীর্ণরা অনলাইন সার্টিফিকেট গ্রহণের সুযোগ পাচ্ছে। ফলে হাউজ কিপিং, প্রি-ডির্পারচার ওরিয়েন্টেশনসহ অন্যান্য কোর্সের প্রশিক্ষার্থীরা অনলাইনের মাধ্যমে সহজেই সনদপত্র ডাউনলোড করে সংগ্রহ করতে পারছে।

## ৪.১২. আইএমটি ও টিটিসির প্রশিক্ষণ পরিসংখ্যান:

ক) বছরভিত্তিক প্রশিক্ষণ:

| ক্রম | সময়কাল | প্রশিক্ষণার্থী সংখ্যা | ক্রম | সময়কাল | প্রশিক্ষণার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | ২০১৫-১৬ | ৪,১২,৫৮৫ | ৫ | ২০১৯-২০ | ৩,৯৭,৮২২ |
| ২ | ২০১৬-১৭ | ৭,১৪,২৫০ | ৬ | ২০২০-২১ | ২,৮৪,৭০২ |
| ৩ | ২০১৭-১৮ | ৭,৫৭,২৭৮ | ৭ | ২০২১-২২ | ৮,৫৬,৩০৫ |
| ৪ | ২০১৮-১৯ | ৬,২১,০৬২ | | | |

## খ) কোর্স ভিত্তিক প্রশিক্ষণ (২০২১-২০২২)

| ক্রম | প্রশিক্ষণ ক্যাটাগরি | সর্বমোট |
|---|---|---|
| ১ | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | |
| | ক) ডিপোমা ইন ইঞ্জিনিয়ারিং (মেরিন ও শিপবিল্ডিং টেকনোলজি) | ৫৭০ |
| | খ) এসএসসি ভোকেশনাল | ১৪,৪২৩ |
| | গ) অন্যান্য স্বল্পমেয়াদী কোর্স | ৩২,০৩৫ |
| | ঘ) SEIP এর অর্থায়নে পরিচালিত কোর্স | ১৫,২৬৫ |
| | ঙ) ভাষা প্রশিক্ষণ কোর্স | ১,৫১৭ |
| | উপমোট = | ৬৩,৮১০ |
| ২ | হাউজকিপিং কোর্স | ২২,৬২৭ |
| ৩ | প্রি-ডিপার্চার ওরিয়েন্টেশন কোর্স | ৭,৬৯,৮৬৮ |
| | সর্বমোট = | ৮,৫৬,৩০৫ |




মালদ্বীপের মাননীয় ভাইস প্রেসিডেন্ট জনাব ফয়সাল নাসিম বাংলাদেশ কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করেন। সঙ্গে ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমদ (এমপি) এবং ড. আহমেদ মুনিরুছ সালেহীন, সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

অধ্যায়

৫

# অভিবাসন প্রক্রিয়ায় সুশাসন প্রতিষ্ঠাকল্পে আইন, নীতি, বিধি ও কৌশলগত ব্যবস্থা

নিরাপদ, নিয়মতান্ত্রিক, নিয়মিত ও দায়িত্বশীল অভিবাসন নিশ্চিত করার মাধ্যমে অভিবাসন প্রক্রিয়ায় সুশাসন নিশ্চিত করতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় নিরলস কাজ করে যাচ্ছে। এক্ষেত্রে আইন, বিধিবিধান ও নীতিমালা প্রণয়ন একটি অন্যতম অনুষঙ্গ। সরকার ইতোমধ্যে বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতিমালা, ২০১৬ প্রণয়ন করেছে। ২০১৩ সালের আইনটিকে যুগোপযোগী করতে ২০২০-২০২১ অর্থবছরে প্রয়োজনীয় উদ্যোগ নেয় হয়। ২০২১-২০২২ অর্থবছরে ও বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ (সংশোধিত), ২০২২ চূড়ান্তকরণ পর্যায়ে রয়েছে। এক্ষেত্রে আইএলও-র সহযোগিতায় আইন সম্পর্কে সংশ্লিষ্ট আইন বিশেষজ্ঞ, এনজিও, সিএসও, রিক্রুটিং এজেন্ট ও অভিবাসী কর্মীদের মতামত গ্রহণ করা হয়েছে। করোনাকালীন বিদেশ ফেরত প্রবাসী কর্মীদের পুনঃএকত্রীকরণের বিশ্বব্যাংকের অর্থায়নে "Recovery and Advancement of Informal Sector Employment (RAISE)" Reintegration of Returning Migrants শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ২ লক্ষ কর্মীকে আর্থিক সহায়তা প্রদান করা হবে।

উল্লেখ্য, বর্তমান সরকারের সময়ে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় থেকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আইন ২০১৮, প্রবাসী কল্যাণ ব্যাংক আইন ২০১০, বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী ব্যবস্থাপনা বিধিমালা ২০১৭, বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (রিক্রুটিং এজেন্ট লাইসেন্স ও আচরণ) বিধিমালা, ২০১৯, বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (রিক্রুটিং এজেন্ট শ্রেণিবিভাগ) বিধিমালা ২০২০ ইত্যাদি প্রণয়ন করা হয়েছে। একইসাথে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি) নির্বাচন নীতিমালা ২০১৮, বিদেশ গমনেচ্ছু বাংলাদেশী কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত নীতিমালা, (সংশোধিত, ২০২২) ইত্যাদি প্রণয়ন করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের কোন ভবন বিশিষ্ট ব্যক্তি/দাতার নামে নামকরণ সংক্রান্ত নীতিমালা, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২২, অনিয়মিত, আনডকুমেন্টেড, দুঃস্থ এবং অসহায় প্রবাসী বাংলাদেশি কর্মীর মরদেহ পরিবহন ব্যয় সংক্রান্ত নীতিমালা, ২০২২ এবং বিএমইটির প্রশিক্ষণ নির্দেশমালা ২০২২ প্রণয়ন করা হয়েছে।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬ এর আওতায় জাতীয় শ্রম অভিবাসন ফোরাম-এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমদ (এমপি)'র নেতৃত্বে কার্যক্রম এগিয়ে চলেছে। ২৫ জুলাই ২০২২ তারিখ শ্রম অভিবাসন ফোরামের ৩য় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অভিবাসী কর্মীদের দক্ষতা উন্নয়নের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। কর্মী গ্রহণকারী দেশসমূহের চাহিদার ভিত্তিতে বৈদেশিক কর্মসংস্থানে আগ্রহী ব্যক্তিদের কারিগরি

প্রশিক্ষণ কেন্দ্র এবং ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজিসমূহ থেকে যুগোপযোগী প্রশিক্ষণ প্রদানের মধ্যে আধা-দক্ষ ও দক্ষ কর্মী হিসেবে গড়ে তুলে বিদেশে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়াও অভিবাসনের সকল পর্যায়ে কর্মীদের ব্যক্তিগত, যোগ্যতা, দক্ষতা সম্পর্কিত তথ্য এবং নিয়োগকর্তা ও রিক্রুটিং এজেন্ট সম্পর্কিত তথ্য সংগ্রহ ও সংরক্ষণের জন্য একটি সমন্বিত ডাটাবেইজ তৈরির উপর গুরুত্ব আরোপ করা হয়। একইসাথে বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থা পাশাপাশি উন্নয়ন সহযোগী, এনজিও, সিভিল সোসাইটি ও গণমাধ্যমকর্মীদের নিয়ে প্রতিনিয়ত সমন্বিত উদ্যোগ নেয়ার উপরও গুরুত্ব আরোপ করা হয়।




প্রবাসীদের জন্য বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টার উদ্বোধন করেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমদ এমপি। এসময় উপস্থিত ছিলেন মন্ত্রণালয়ের সচিব ড. আহমেদ মুনিরুছ সালেহীন, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর মহাপরিচালক জনাব মোঃ হামিদুর রহমান, এবং জনাব মো: শহীদুল আলম (এনডিসি), মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এবং মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ।

অধ্যায়
৬

# গবেষণা

## ৬.১। গবেষণা সংশ্লিষ্ট কার্যক্রম:

বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে এবং বেকারত্ব দূরীকরণে অভিবাসন গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। বৈদেশিক কর্মসংস্থানের জন্য শ্রমবাজার গবেষণা একটি গুরুত্বপূর্ণ এবং চলমান প্রক্রিয়া। এ মন্ত্রণালয়ের চারটি কৌশলগত উদ্দেশ্যের অন্যতম হচ্ছে বৈদেশিক কর্মসংস্থান এর নতুন নতুন ক্ষেত্র ও স্থান চিহ্নিত করা। এজন্য নতুন, পুরাতন ও অপ্রচলিত শ্রমবাজার সংক্রান্ত গবেষণা এবং বিদেশ গমনেচ্ছু কর্মীদের ডাটাবেইজ প্রস্তুত, সংরক্ষণ ও হালনাগাদ নিয়মিতভাবে করা হচ্ছে।

শ্রমবাজার সংশ্লিষ্ট দেশসমূহের অর্থনৈতিক উন্নয়ন কর্মকাণ্ডসহ পেশাভিত্তিক কর্মীর চাহিদা বিষয়ক তথ্য উপাত্ত সংগ্রহের জন্য কয়েকটি উল্লেখযোগ্য গবেষণা সম্পর্কে নিম্নে সংক্ষেপে তুলে ধরা হল:

## ৬.২। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় গবেষণা কার্যক্রম:

গবেষণালব্ধ জ্ঞান কাজে লাগিয়ে মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা ও কর্মকৌশল নির্ধারণের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে শ্রম অভিবাসন সংশ্লিষ্ট গবেষণা অন্তর্ভূক্ত করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে এপিএ এর অধীনে মন্ত্রণালয়ে মোট ৬টি গবেষণা প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে যা নিম্নরূপ:

(ক) 'A study of the Overseas Labour of the Kingdom of Saudi Arabia; Challenges and Way Forward'.

বাংলাদেশের সবচেয়ে বড় শ্রমবাজার সৌদিআরব। দেশটির শ্রমবাজারের গতি প্রকৃতি সম্পর্কে জানা, বাংলাদেশের চলমান ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন ও অভিলক্ষ্য ২০৪১ অর্জনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। সর্বশেষ পরিস্থিতি পর্যালোচনার মাধ্যমে চ্যালেঞ্জসমূহ নির্ধারণ করে উত্তরণের পথ নির্দেশনার উদ্দেশ্যে এ সমীক্ষাটি পরিচালিত হয়েছে। সৌদি আরবের 'কান্টি প্রোফাইল' তৈরির জন্য গবেষণাটিতে রাজনৈতিক, অর্থনৈতিকসহ নানাবিধ তথ্য বিশ্লেষণ করা হয়েছে। শ্রমবাজার পরিস্থিতি পর্যালোচনার পর SWOT এনালাইসিস করা হয়েছে। সমীক্ষায় দেখা যায় যে সৌদি আরবের সৌদিকরণ নীতির ফলে ২০৩০ সালের মধ্যে দেশটির শ্রমবাজারে সৌদি নাগরিকদের ৬০% অন্তর্ভূক্তি বাস্তবায়ন করতে গিয়ে বাংলাদেশের জন্য বৈদেশিক শ্রমবাজার ক্রমশ সংকুচিত হচ্ছে। তবে দেশটির জাতীয় বিনিয়োগ স্ট্রাটেজির আওতায় ম্যানুফেকচারিং, রিনিউয়েবল এনার্জি, ট্যুরিজম, ডিজিটাল ইনফ্রাস্ট্রাকচার ইত্যাদি খাতে জোর দেয়ায় নতুন কর্মসংস্থানের সৃষ্টি হবে। ২০২৩ সালের মধ্যে সৌদিআরব সকল ক্ষেত্রে স্কিল ভেরিফিকেশন প্রোগ্রাম চালু করায় বাংলাদেশকে এর জন্য

প্রস্তুতি নিতে হবে। এক্ষেত্রে টিটিসিসমূহকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সমীক্ষা করা হয়েছে।

(খ) BMET and Skill Development Training: A Qualitative Analysis of the Usefulness, Strength and Weaknesses of Training for Overseas Employment.

সমীক্ষাটিতে বৈদেশিক কর্মসংস্থানের জন্য প্রশিক্ষণের কার্যকারিতা, প্রশিক্ষণের সবল এবং দুর্বল দিক নিয়ে একটি গুণগত বিশ্লেষণ প্রদর্শন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। অত্র গবেষণা কর্মের মাধ্যমে চলমান প্রশিক্ষণ কোর্সসমূহ এবং সনদায়নের (Certifications) পদ্ধতি চিহ্নিত করে আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা বিশেষণ করা হয়। বৈদেশিক কর্মসংস্থানের জন্য বর্তমান প্রশিক্ষণের কার্যকারিতা নির্ধারণ করা এবং আন্তর্জাতিক বাজারের চাহিদা ও মান অনুযায়ী প্রশিক্ষণ ও যোগ্যতার সুপারিশ করাও এর আর একটি উদ্দেশ্য।

(গ) The Role of Education, Ethnicity and Gender on the Employment Opportunities of the Bangladeshi Migrant Workers in the kingdom of Saudi Arabia

বাংলাদেশের বেকারত্বের হার স্থিতিশীল রাখতে এবং জাতীয় জিডিপি প্রবৃদ্ধি অর্জনে বৈদেশিক কর্মসংস্থানের ভূমিকা অরিসীম। কিন্তু দুর্ভাগ্যবশত বাংলাদেশি অভিবাসী কর্মীরা অদক্ষ বা অর্ধদক্ষ। যারা প্রযুক্তি, ডিজিটালাইজেশন এবং অটোমেশনের দ্রুত বৃদ্ধির কারণে চাকুরি হারানোর ঝুঁকিতে থাকে। বাংলাদেশি অভিবাসী কর্মীরা প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা এবং দক্ষতার অভাবে বৈষম্য এবং বঞ্চনার সম্মুখীন হয়। সৌদি আরবে কর্মরত বাংলাদেশি অভিবাসী কর্মীদের উচ্চ অভিবাসন ব্যয়, দালালদের প্রতারণা, যথাযথ প্রশিক্ষণের অভাব, প্রতিযোগী দেশগুলোর সক্রিয় উপস্থিতি ইত্যাদির মুখোমুখি হতে হয়। অন্যদিকে, কম অভিবাসন খরচ, বাংলাদেশি অভিবাসী শ্রমিকদের সুনাম ও সদিচ্ছা, নির্মাণ ও পরিচ্ছন্নতা কাজে তাদের চাহিদা সৌদি আরবে তাদের কর্মসংস্থানের ক্ষেত্র তৈরি করেছে। এ গবেষণায় সৌদি আরবে কর্মরত বাংলাদেশি অভিবাসী শ্রমিকদের শ্রমবাজারের অভিজ্ঞতা জানার চেষ্টা করা হয়েছে এবং তাদের কর্মসংস্থান পরিস্থিতি ও প্রবণতা পর্যালোচনা করা হয়েছে। গবেষণায় দেখা যায় যে, সৌদি আরবে কর্মরত বাংলাদেশি অভিবাসী কর্মীরা বিভিন্ন প্রতিকূল পরিস্থিতির সম্মুখীন হচ্ছে যেমন, অনিয়মিত বেতন প্রদান, পরিশ্রম বেশী কিন্তু বেতন কম, শ্রম উইংয়ে অভিযোগ করতে অক্ষমতা, আর্থিক সুবিধা, বেতন, কাজের সময় এবং দায়িত্বের ক্ষেত্রে চুক্তি লঙ্ঘন, অতিরিক্ত কাজের জন্য অর্থ প্রদান না করা, নিয়োগকর্তার অসদাচরণ ইত্যাদি। এছাড়া শিক্ষাগত যোগ্যতা ও প্রশিক্ষণ কর্মসংস্থানের জন্য সহায়ক হলেও শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী কাজের ধরণ এবং বেতন নির্ধারণ হয় না। সৌদি আরবে বাংলাদেশের শ্রম বাজার সংরক্ষণের জন্য সেখানে কর্মরত বাংলাদেশি কর্মীরা বিভিন্ন সুপারিশ প্রদান করেন। সুপারিশসমূহ হচ্ছে, চুক্তি সম্পর্কে সচেতনতা, শ্রম আইন এবং মানবাধিকার মেনে চুক্তির শর্ত সম্পাদিত হয়েছে কিনা তা নিশ্চিত করা, প্রয়োজনে শ্রম আদালতে মামলা দায়ের করা, বেতন এবং অন্যান্য সুযোগ সম্পর্কে সম্পূর্ণ তথ্য জানা, নিয়োগকর্তাদের সাথে সুসম্পর্ক বজায় রাখা, নিজের নিয়োগকর্তার বাইরে কাজ না করা, স্থানীয় ভাষা জানা, কাজে যোগদানের আগে চুক্তি নিশ্চিত করা, নিয়োগকর্তাদের সম্পর্কে পূর্বের জ্ঞান, ব্যক্তিগত কাগজপত্র যেমন; চুক্তিপত্র, পাসপোর্ট ইত্যাদি যত্ন সহকারে রক্ষণাবেক্ষণ করা, কর্মসংস্থানের আগে প্রশিক্ষণ গ্রহণ করা, ভালো আচরণ বজায় রাখা। এই গবেষণার ফলাফল বাংলাদেশের জন্য গুরুত্বপূর্ণ নীতিগত প্রভাব ফেলবে। অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করতে কীভাবে বাংলাদেশের শ্রমশক্তিকে উৎসাহিত এবং ব্যবহার করা যায় তার উপায় নির্ধারণে এ গবেষণা সহায়ক হবে।

(ঘ) Development Dynamics of Migration and Remittance: A Case Study for Bangladesh.

বাংলাদেশি অভিবাসী কর্মীদের প্রেরিত রেমিটেন্স দেশের উন্নয়নের অন্যতম চালিকা শক্তি। বিশ্বের ১৭৪টি দেশে ১ কোটি ২০ লক্ষের বেশি বাংলাদেশি অভিবাসী কর্মী কাজ করছে। তারা নিজ দেশে পরিবার-পরিজন ও নিকট আত্মীয়-স্বজনদের নিকট তাদের কষ্টার্জিত বৈদেশিক মুদ্রা প্রেরণ করছে। এর ফলে একদিকে যেমন দেশের শ্রমবাজারে কর্মসংস্থানের চাপ লাঘবে সহায়তা করছে, অন্যদিকে তাদের প্রেরিত অর্থ পরিবার-পরিজনদের ভরণ-পোষণ, স্বাস্থ্য, শিক্ষা ও বাসস্থান ব্যবস্থার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এছাড়া, অভিবাসী কর্মীরা দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ইতিবাচক অবদান রাখছে। কি কি

কারণ অভিবাসী কর্মীদের নিজ দেশে রেমিটেন্স প্রেরণকে প্রভাবিত করে এবং বাংলাদেশে এ অর্থ ব্যয়ের কল্যাণকর দিকগুলো চিহ্নিত করার লক্ষ্য সীমিত পরিসরে আলোচ্য গবেষণা কর্মটি পরিচালিত হয়েছে।

(ঙ) Best Practices of Reintegration of the Returnee Migrant Workers: A Comparative Study of the Member States of the SAARC and ASEAN.

(চ) A Study of the Overseas Labour Market of Italy: Challenges and Way Forward.

## ৬.৩। নতুন শ্রমবাজার অন্বেষণে গবেষণা সমীক্ষা

বিদ্যমান শ্রমবাজারের পাশাপাশি বর্তমান সরকার নতুন নতুন শ্রমবাজার অনুসন্ধানে নানামুখী উদ্যোগ গ্রহণ করেছে। নতুন ৫৩টি দেশের শ্রম বাজারের Diversified Sector এর চাহিদা নিরুপণের লক্ষ্যে কর্মী নিয়োগকারী দেশ পরিদর্শন/নিয়োগকর্তাদের সাথে/প্রতিনিধিগণের সাথে যোগাযোগ করে বিভিন্ন দেশে কর্মী প্রেরণ করা হয়েছে। এপিএ'র লক্ষমাত্রা অর্জনে ২০২১-২২ অর্থবছরে ০৬টি গবেষণা সমীক্ষা সমাপ্ত করা হয়েছে। এছাড়াও ২০২২-২৩ অর্থবছরে আরো ০৬টি গবেষণা সম্পন্ন করার লক্ষমাত্রা রয়েছে।



প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ইমরান আহমদ এমপি'র সাথে আয়ারল্যান্ডের মিনিস্টার অব ডেপেলপমেন্ট এইড এন্ড ডায়াসপোরা Mr. Colm Brophy, T.D. এর বৈঠক অনুষ্ঠিত।

অধ্যায়

৭

## ৭.১। উন্নয়ন প্রকল্প

বাংলাদেশ মানব সম্পদে সমৃদ্ধ একটি দেশ। দেশের ক্রমবর্ধমান অর্থনৈতিক উন্নয়নের গতিধারা অধিকতর বেগবান করার লক্ষ্যে দেশের জনশক্তিকে দক্ষ মানব সম্পদে রূপান্তর করার জন্য এ মন্ত্রণালয় নানামূখী উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করছে। এজন্য দক্ষতা প্রশিক্ষণ ব্যবস্থার মান উন্নয়নকল্পে প্রশিক্ষণ অবকাঠামো উন্নয়ন বিষয়ক বেশ কয়েকটি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। যার ফলে আন্তর্জাতিক মান সম্পন্ন দক্ষ শ্রমশক্তি সৃষ্টি হবে, যা ভবিষ্যতে আন্তর্জাতিক বাজারের শ্রম চাহিদা পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং রেমিটেন্স প্রবাহ বৃদ্ধিতে সহায়ক হবে। এছাড়া, কোভিড-১৯ প্রাদুর্ভাবের কারণে বিদেশ প্রত্যাগত বাংলাদেশি অভিবাসী কর্মীদেরকে পুনঃএকত্রিকরণের মাধ্যমে বিভিন্ন সুবিধা সৃষ্টির জন্যও বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে।

### ২০২১-২২ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি:

২০২১-২২ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) তে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় মোট ০৭টি প্রকল্প বাস্তবায়নাধীন আছে। উক্ত ০৭টি প্রকল্পের অনুকূলে মোট ৪০৪ কোটি ১৮ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। উক্ত বরাদ্দের মধ্যে জিওবি অর্থের পরিমাণ ৩৪৭ কোটি ৪৬ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্যের পরিমাণ ৫৬ কোটি ৭২ লক্ষ টাকা। জুন, ২০২২ পর্যন্ত ২৬১৮৮.৪৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে। আরএডিপি বাস্তবায়ন অগ্রগতি ৬৪.৭৯%।

মাননীয় প্রধানমন্ত্রী ২৫.০৮.২০১৯ তারিখে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান সংক্রান্ত জাতীয় স্টিয়ারিং কমিটির ১ম সভায় দক্ষতা প্রশিক্ষণের উপর গুরুত্ব আরোপ করেন। এছাড়া ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় উপজেলা পর্যায়ে একটি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) স্থাপন ও প্রশিক্ষণের মাধ্যমে দক্ষকর্মী তৈরীর নির্ধারিত লক্ষ্যমাত্রা প্রদান করা হয়েছে। সরকারের নির্বাচনী ইশতেহারে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী প্রতি উপজেলা থেকে প্রতিবছর গড়ে এক হাজার দক্ষ কর্মী বিদেশ প্রেরণের বিষয়ে উলেখ রয়েছে। সে লক্ষ্য পূরণের জন্য সারাদেশের প্রতিটি উপজেলায় পর্যায়ক্রমে একটি করে টিটিসি নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এই পরিকল্পনার অংশ হিসেবে এ লক্ষ্যে মোট ১৬৬৭০৭.৯২ লক্ষ টাকা ব্যয়ে জানুয়ারি ২০১৬ থেকে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়নের জন্য "৪০টি উপজেলায় ৪০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও চট্টগ্রামে একটি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন"- শীর্ষক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নাধীন আছে। এছাড়া, মুজিববর্ষ উপলক্ষ্যে ১০০টি উপজেলায় ১০০টি টিটিসি নির্মাণ প্রকল্প গ্রহণ করা হচ্ছে।

আন্তর্জাতিক মানের দক্ষ জনবল তৈরির লক্ষ্যে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহের প্রশিক্ষকদের যুগোপযোগী প্রশিক্ষণ প্রদানের জন্য একটি আধুনিক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে ঢাকা কারিগরি শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন শীর্ষক প্রকল্প মোট ৯৮৬৮.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় এবং জানুয়ারি ২০১৬ হতে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। এছাড়া, দেশে-বিদেশে পেশাদার ড্রাইভারের চাহিদা পূরণের লক্ষ্যে ৬৪টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে ড্রাইভিং উইথ অটোমেকানিক্স প্রশিক্ষণ

কোর্স চালু করার জন্য "দেশ-বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান" শীর্ষক প্রকল্প মোট ২৬৭৩৪.৭৩ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় এবং জানুয়ারি ২০১৬ হতে ডিসেম্বর ২০২৪ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। এ প্রকল্পের আওতায় ১০২,৪০০ জন দক্ষ ড্রাইভার তৈরি করা হবে।






বঙ্গবন্ধু শেখ মুজিব সেন্টেনিয়াল টিটিসিসহ উপজেলা পর্যায়ে নির্মিত ২৪টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের (টিটিসি) শুভ উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

## ২০২১-২২ অর্থ-বছরের আরএডিপিভূক্ত প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পসমূহের জুন/ ২০২২ পর্যন্ত সর্বশেষ অগ্রগতির সংক্ষিপ্ত চিত্র:

(হিসাব লক্ষ টাকায়)

| প্রকল্পের ধরন | প্রকল্প সংখ্যা | ২০২১-২২ অর্থবছরের আরএডিপি বরাদ্দ | | অবমুক্তি | আর্থিক অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ব্যয় | বরাদ্দের শতকরা হার % |
| বিনিয়োগ/ কারিগরি সহায়তা | বিনিয়োগ-৫ কারিগরি সহায়তা-২ মোট-৭ | মোট | ৪০৪১৮.০০ | ৩৯২১৪.০০ | ২৬১৮৮.৪৬ | ৬৪.৭৯% |
| | | জিওবি | ৩৪৭৪৬.০০ | ৩৪৭৪৫.০০ | ২৩৮৪৯.৭৫ | ৬৮.৬৪% |
| | | প্রকল্প সাহায্য | ৫৬৭২.০০ | ৪৪৬৯.০০ | ২৩৩৮.৭১ | ৪১.২৩% |

## চলতি প্রকল্পভিত্তিক অগ্রগতি:

*(হিসাব লক্ষ টাকায়)*

| ক্রম. | প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও মোট অনুমোদিত প্রকল্প ব্যয় | প্রকল্পের উদ্দেশ্য ও মূল কার্যক্রম | ২০২১-২২ অর্থ বছরের মোট বরাদ্দ (প্রঃ সাঃ) | ২০২১-২২ অর্থবছরে অবমুক্তি টাকা (প্রঃ সাঃ) | ২০২১-২২ অর্থবছরের মোট ব্যয় (বরাদ্দের শতকরা হার) |
|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | ৪০টি উপজেলায় ৪০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও চট্টগ্রামে ১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন" প্রকল্প; মেয়াদকাল: জানুয়ারি ২০১৬ থেকে জুন ২০২৩ পর্যন্ত প্রকল্প ব্যয়: ১৬৬৭০৭.৯২ লক্ষ টাকা; | দেশের বেকার যুবক ও যুব মহিলাদের যুগোপযোগী প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সুযোগ সৃষ্টির লক্ষ্যে ৪০টি উপজেলায় ৪০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) ও চট্টগ্রামে ১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজিস্থাপন। | ২৬৭৪৬.০০ (-) | ২৬৭৪৬.০০ (-) | ১৬৮৬৬.০৪ (৬৩.০৬%) |
| | ঢাকা টেকনিক্যাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট স্থাপন শীর্ষক প্রকল্প; মেয়াদকাল: জুলাই ২০১৬ থেকে জুন ২০২৩; প্রকল্প ব্যয়: ৯৮৬৮.০০ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহের প্রশিক্ষকদের যুগোপযোগী প্রশিক্ষণ প্রদানের জন্য একটি আধুনিক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন। | ৩২৮৩.০০ (২২৬০.০০) | ৩২৮৩.০০ (২২৬০.০০) | ১৬৩৪.৩১ (৭৮৯.৯৮) (৪৯.৭৮%) |
| | "ঢাকা, চট্টগ্রাম ও খুলনাস্থ শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তরসমূহ সংস্কার ও আধুনিকায়ন" প্রকল্প; মেয়াদকাল: জানুয়ারি ২০১৮ থেকে ডিসেম্বর ২০২২; প্রকল্প ব্যয়: ১৮৪১.০১ লক্ষ টাকা; | শিল্প-কারখানা ভিত্তিক যুগোপযোগী এবং উন্নত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তি সৃষ্টি করা। | ৯৫০.০০ (-) | ৯৫০.০০ (-) | ৮৬০.৮৭ (৮৯.১৩%) |
| | "দেশ-বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান" শীর্ষক প্রকল্প; মেয়াদকাল: জানুয়ারি ২০২০ থেকে ডিসেম্বর ২০২৪; প্রকল্প ব্যয়: ২৬৭৩৪.৭৩ লক্ষ টাকা; | দেশ-বিদেশে পেশাদার ড্রাইভারের চাহিদা পূরণের লক্ষ্যে ৬৪টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে ড্রাইভিং উইথ অটোমেকানিক্স প্রশিক্ষণ কোর্স চালু করা। | ৬০২৬.০০ (-) | ৬০২৬.০০ (-) | ৫২০৮.৫১ (৮৬.৪৩%) |
| | Recovery and Advancement of Informal Sector Employment (RAISE): Reintegration of Returning Migrants: প্রকল্প মেয়াদকাল: জুলাই ২০২১ হতে জুন ২০২৩ প্রকল্প ব্যয়: ৪২৭৩০.৩৫ লক্ষ টাকা; | ২০২০ সালের পর কোভিডের কারণে বিদেশ প্রত্যাগত বাংলাদেশি অভিবাসী কর্মীদের পুনঃএকত্রিকরণে সহায়তা প্রদান করা। | ১০১৭.০০ (১০১৭.০০) | ১০১৭.০০ (১০১৭.০০) | ৭০.০০ (৭০.০০) |
| | উপমোট (বিনিয়োগ প্রকল্প) = | | ৩৮০২২.০০ (৩২৭৭.০০) | ৩৭০০৫.০০ (২২৬০.০০) | ২৪৬৩৯.৭৩ (৭৮৯.৯৮) (৬৪.৮০%) |

*(হিসাব লক্ষ টাকায়)*

| ক্রম. | প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও মোট অনুমোদিত প্রকল্প ব্যয় | প্রকল্পের উদ্দেশ্য ও মূল কার্যক্রম | ২০২১-২২ অর্থ বছরের মোট বরাদ্দ (প্রঃ সাঃ) | ২০২১-২২ অর্থবছরে অবমুক্তি টাকা (প্রঃ সাঃ) | ২০২১-২২ অর্থবছরের মোট ব্যয় (বরাদ্দের শতকরা হার) |
|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | Application of Migration Policy for Decent Work for Migration Workers:<br>মেয়াদকাল: এপ্রিল ২০১৬ হতে ডিসেম্বর ২০২১;<br>প্রকল্প ব্যয়: ৫৮৩২.৪৩ (প্রঃ সাঃ ৫৮০২.৪৩) | Labour Migration কার্যক্রমে Governance Issue বিষয়ে সহায়তা প্রদান করা এবং এ সংক্রান্ড় বিষয়ে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা। | ২২০৯.০০<br>(২২০৯.০০) | ২২০৯.০০<br>(২২০৯.০০) | ১৫৪৮.৭৩<br>(১৫৪৮.৭৩)<br>(৭০.১১%) |
| | Promoting Diaspora Investment and Optimal Usage of Remittance<br>মেয়াদকাল: ফেব্রুয়ারি ২০২১ হতে ডিসেম্বর ২০২৩;<br>প্রকল্প ব্যয়: ৯৪০.৯০ লক্ষ টাকা; | রেমিট্যান্সের সর্বোত্তম ব্যবহারের লক্ষ্যে বিদেশে প্রতিষ্ঠিত বাংলাদেশিদের নিজ মাতৃভূমির নির্ধারিত এলাকায় পাইলট ভিত্তিতে সচেতনতা বৃদ্ধি করা। | ১৮৭.০০<br>(১৮৬.০০) | - | ০% |
| | উপমোট (কারিগরি সহায়তা) = | | ২৩৯৬.০০<br>(২৩৯৫.০০) | ২২০৯.০০<br>(২২০৯.০০) | ১৫৪৮.৭৩<br>(১৫৪৮.৭৩)<br>(৬৪.৬৩%) |
| | মোটঃ | | ৪০৪১৮.০০<br>(৫৬৭২.০০) | ৩৯২১৪.০০<br>(৪৪৬৯.০০) | ২৬১৮৮.৪৬<br>(২৩৩৮.৭১)<br>(৬৪.৭৯%) |

## উন্নয়ন সহযোগী সংস্থার মাধ্যমে বার্ষিক উন্নয়ন কর্মসূচি বর্হিভূত প্রকল্পঃ

এ মন্ত্রণালয়ের উদ্যোগে বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থার মাধ্যমে বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত নিম্নোক্ত প্রকল্পসমূহ বাস্তবায়িত হচ্ছেঃ

১. Bangladesh: Sustainable Reintegration and Improved Migration Governance (Prottasha): এ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ১৬.৯ মিলিয়ন ইউরো এবং বাস্তবায়ন মেয়াদকাল ৩৬ মাস (মে ২০১৭ হতে ডিসেম্বর ২০২২)। এ প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা: আইওএম এবং ব্র্যাক যৌথ। এ প্রকল্পের প্রধান উদ্দেশ্য হচ্ছে: বিদেশ ফেরত প্রবাসী কর্মীদের টেকসই পুনঃএকত্রীকরণ করা এবং সুষ্ঠু, নিরাপদ, নিয়মিত ও দায়িত্বশীল অভিবাসনে সহায়তা করা। এ প্রকল্পের আওতায় বিদেশ গমনেচ্ছু বাংলাদেশি কর্মীদের ডাটা বেজ (REMIMiS) এবং প্রত্যাগত অভিবাসী কর্মীদের একটি ডাটাবেজ (PROMiS) তৈরি করা হয়েছে। বাংলাদেশের জন্য প্রথমবারের মতো মাইগ্রেশন প্রোফাইল তৈরিতে কারিগরি ও আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়া, প্রকল্পের প্রধান কার্যক্রম হচ্ছেঃ বিদেশ ফেরত প্রবাসীদের তাৎক্ষণিক সহায়তা প্রদান; বিদেশ ফেরত প্রবাসী ও পরিবারকে প্রয়োজন মাফিক ট্রমা (মানসিক আঘাত ও শারীরিক অসুস্থতা) কাউন্সিলিং প্রদান করা; জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ, স্থানীয় ব্যবসায়ী চেম্বার ও সিভিল সোসাইটির প্রতিনিধিগণকে সামাজিক পুনঃএকত্রীকরণ বিষয়ে সচেতন করা; বিদেশ ফেরত প্রবাসী কর্মীদের ঋণ মধ্যস্থতা, ব্যবসা উন্নয়ন ও চাকুরিসহ ব্যক্তি পর্যায়ে সেবা প্রদানে সহযোগিতা করা; নির্বাচিত প্রকল্প এলাকায় অর্থনৈতিক অবকাঠামো তৈরিসহ কমিউনিটি এন্টারপ্রাইজ প্রতিষ্ঠা করা; বার্ষিক মাইগ্রেশন প্রতিবেদন প্রণয়নে সক্ষমতা বৃদ্ধি করা; এবং জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রকল্পের আওতায় short documentaries তৈরি করা হয়েছে।

২. Promoting Recruitment Industry Reform to Achieve Ethical Recruitment (Prosper) in Bangladesh and Nepal: এ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৩.০০ লাখ মার্কিন ডলার এবং বাস্তবায়ন মেয়াদকাল ডিসেম্বর ২০১৯ হতে ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত। এ প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা: আইওএম। প্রকল্পটির প্রধান উদ্দেশ্য হলো: বাংলাদেশ এবং নেপালে কর্মী নিয়োগে নৈতিক চর্চাকে উৎসাহিত করার মাধ্যমে অভিবাসী কর্মীদের, বিশেষত নারী কর্মীদের অধিকার ও সুরক্ষা নিশ্চিত করা এবং ইন্টারন্যাশনাল রিক্রুটমেন্ট ইনটিগ্রিটি সিস্টেম এর সাথে সামঞ্জস্য রেখে সরকারি ও বেসরকারি রিক্রুটমেন্ট এজেন্সিগুলোতে কর্মী নিয়োগে নৈতিক চর্চাকে উৎসাহিত করা।

৩. Regional Evidence for Migration Analysis and Policy (REMAP) -Asia and the Middle East: এ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ১৫.৬৭ লাখ ইউরো এবং বাস্তবায়ন মেয়াদকাল অক্টোবর ২০১৮ হতে ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত। এ প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা: আইওএম। প্রকল্পটি বাংলাদেশ, আফগানিস্থান, ইরান, ইরাক এবং পাকিস্থানে বাস্তবায়নের জন্য নির্ধারিত। এ প্রকল্পের আওতাভুক্ত দেশসমূহে অভিবাসন, জোরপূর্বক উচ্ছেদ ইত্যাদি বিষয়ে উপাত্ত সংগ্রহ ও বিশেষণের মাধ্যমে আঞ্চলিক উন্নয়নের প্রসার ঘটবে।

৪. Bangladesh Debt Mediation for Returnee Migrant: এ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২ লাখ মার্কিন ডলার এবং বাস্ড়বায়ন মেয়াদকাল এপ্রিল ২০১৯ হতে জুন ২০২২ পর্যন্ত। এ প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা: আইওএম। এ প্রকল্পের আওতায় অভিবাসীদের দেশে ফেরত আসা ও টেকসই পুন:একত্রিকরণের পথে বড় বাঁধা হিসেবে তাদের ঋণের মধ্যস্থতা পদ্ধতি এবং সামগ্রিক বাজার ব্যবস্থায় অভিবাসন প্রক্রিয়ায় ঋণের যে সকল কারণ অভিবাসীদের আরো ঝুকির সম্মূখীন করে সে বিষয়ে গবেষণা, ঋণ মধ্যস্থতার গাইডলাইন, অর্থ বিষয়ক শিক্ষা ও রেমিটেন্স ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষকদের জন্য প্রশিক্ষণের ও কমিউনিটি পর্যায়ে বিভিন্ন শিক্ষণীয় কর্মশালা আয়োজন।

৫. ILO-DFID Partnership Programme on Fair Recruitment and Decent Work for Women Migrant Workers in South Asia and the Middle East-Phase II (Work in Freedom-Phase II)-শীর্ষক শিরোনামে প্রকল্পটি বাংলাদেশ অংশের জন্য মোট ২২,২৫,৫৮৩.০০ মার্কিন ডলার প্রাক্কলিত ব্যয় এবং এপ্রিল ২০১৮ হতে মার্চ ২০২৩ পর্যন্ত৫ বছর মেয়াদে আইএলও কর্তৃক বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটি যৌথভাবে ৩টি মন্ত্রণালয় যথাঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (লীড), স্বরাষ্ট্র মন্ত্রণালয় মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় আওতায় বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের আওতায় মানব পাচার এবং জোরপূর্বক শ্রম প্রবণতা কমানোর উদ্দেশ্যে কমিউনিটি শক্তিশালীকরণ, ফেয়ার রিক্রুটমেন্ট অনুশীলন, নারী অভিবাসী কর্মীদের অধিকার রক্ষার্থে আইন এবং নীতি এ্যাডভোকেসি কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এ প্রকল্পের লক্ষ্য জনগোষ্ঠী হচ্ছে গার্মেন্টস শ্রমিক ও গৃহকর্মী। প্রকল্পটি বাংলাদেশ, ভারত, নেপাল, জর্ডান, লেবানন, ওমান ও কুয়েতে বাস্তবায়নের জন্য নির্ধারিত।

৬. Strengthened and Informative Migration Systems (SIMS)-শীর্ষক শিরোনামে প্রকল্পটি Swiss Development Corporation (SDC) এর অর্থায়নে বেসরকারি সংস্থা HELVETAS কর্তৃক ডিসেম্বর ২০১৯ হতে ডিসেম্বর ২০২৩ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। এর প্রাক্কলিত ব্যয় মোট ৬.৮০ মিলিয়ন সুইস ফ্রাঙ্ক(CHF) বা বাংলাদেশি মুদ্রায় প্রায় ৫৮০.০০ মিলিয়ন টাকা। প্রকল্পটি ৩টি জেলার (নরসিংদী, কুমিল্লা ও চট্রগ্রাম) ২৩টি উপজেলার ১১৫টি ইউনিয়নে বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্প তৃণমূল পর্যায়ে সচেতনতা বৃদ্ধি কাযর্ক্রমের মাধ্যমে জনসাধারণকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের গুরুত্ব অনুধাবন ও দক্ষ কর্মী হিসেবে অভিবাসনে ইতিবাচক ভূমিকা রাখবে। শ্রম অভিবাসনের সার্বিক প্রক্রিয়া ও পদ্ধতি সম্পর্কে অবহিত হয়ে কর্মীদের নিজ সিদ্ধান্ত গ্রহণের সক্ষমতা বৃদ্ধিকরণ, অভিবাসনের পূর্বের, অভিবাসনকালীন ও অভিবাসীর মানসিক, সামজিক ও অর্থনৈতিক পুন:একত্রীকরণ ধাপে অভিবাসীর পরিবার ও সরকারি-বেসরকারি সেবা প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি এবং সেবা কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে সিমস (SIMS) প্রকল্প অভিবাসী কর্মী ও তাদের পরিবারের সদস্যদের কল্যাণ ও আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।




নব-নির্মিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মুন্সিগঞ্জ সদর, মুন্সিগঞ্জ

অধ্যায়

৮

# নিরাপদ, সুষ্ঠু, দায়িত্বশীল ও নিয়মিত অভিবাসনে গৃহীত কার্যক্রম

## ৮.১। ভিজিলেন্স টাস্কফোর্স (VTF) ও ভ্রাম্যমান আদালত পরিচালনা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের নেতৃত্বে (স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, র‍্যাব, ইমিগ্রেশন পুলিশ, আনসার ও ভিডিপি, কোস্টগার্ড, বিজিবি, এনএসআই, বায়রা ইত্যাদি) গঠিত ২৩ সদস্য বিশিষ্ট ভিজিলেন্স টাক্সফোর্স পর্যায়ে ২৩ সদস্য বিশিষ্ট ভিজিলেন্স টাক্সফোর্স (VTF) অনিয়মতান্ত্রিক অভিবাসনের সঙ্গে জড়িত ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযান পরিচালনাসহ নিয়মিতভাবে মাঠ পর্যায়ে তদারকির কাজ সম্পাদন করে আসছে। যার ফলে নিরাপদ অভিবাসন ও মানব পাচার রোধ করা সম্ভব হচ্ছে। মানবপাচার/অবৈধ অভিবাসন/ অবৈধ বিজ্ঞাপন প্রচার/ অতিরিক্ত অর্থ আদায়সহ বিভিন্ন অনিয়মের বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে দোষী ব্যক্তিদের শাস্তি প্রদান করা হয়ে থাকে। অবৈধ অভিবাসন রোধকল্পে ২০২১-২০২২ অর্থবছরে মোট ১৭ টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। এতে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা আদায় করা হয়েছে। অবৈধ মানবপাচার ও অভিবাসন প্রতিরোধকল্পে মন্ত্রণালয় হতে সকল জেলা ম্যাজিস্ট্রেটকে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার করে থাকে। নিরাপদ, সুষ্ঠু, দায়িত্বশীল ও নিয়মিত অভিবাসন নিশ্চিতকল্পে মন্ত্রণালয়  এবং দপ্তর সংস্থাসমূহ নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

## ৮.২। অভিযোগ ব্যবস্থাপনা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) তে দাখিলকৃত অভিযোগ নিষ্পত্তি জন্য একটি "অভিযোগ ব্যবস্থাপনা সেল" রয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে ২০৪টি অভিযোগ নিষ্পত্তি করা হয় । এর ফলে বিভিন্ন রিক্রুটিং এজেন্সীর নিকট হতে প্রতারিত কর্মীদেরকে ১,০৮,৪৩,২৮০/- (এক কোটি আট লক্ষ তেতালিশ হাজার দুইশতি আঁশি) টাকা ক্ষতিপুরণ আদায় করে দেয়া হয়।

## ৮.৩। রিক্রুটিং এজেন্টের নতুন লাইসেন্স ইস্যুকরণ/নবায়ন/ বাতিল

বৈদেশিক কর্মসংস্থানের ক্ষেত্রে লাইসেন্সপ্রাপ্ত রিক্রুটিং এজেন্সিসমূহের একটি উলেখযোগ্য ভূমিকা রয়েছে। সাধারণ প্রক্রিয়ায় শ্রম চাহিদার ওপর ভিত্তি করে নিয়োগকারী কোম্পানীসমূহ রিক্রুটিং এজেন্সির অনুকূলে চাহিদাপত্র ও ক্ষমতাপত্র ইস্যু করে বাংলাদেশ হতে কর্মী প্রেরণ কার্যক্রম সম্পাদনের জন্য তাদেরকে দায়িত্ব প্রদান করে থাকে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং বিএমইটি হতে নিয়োগানুমতি ও ছাড়পত্র প্রদানের মাধ্যমে কর্মীদের বিদেশ গমনের যাবতীয় কার্যাবলী সম্পাদন করা হয়। এ ক্ষেত্রে এ মন্ত্রণালয় এবং বিএমইটি ও সংশিষ্ট দপ্তর সংস্থাসমূহ হতে রিক্রুটিং এজেন্সিমূহকে সর্বাত্মক সহায়তা প্রদান করা হয়। সেই সাথে বাংলাদেশি কর্মীদের সুষ্ঠু ও নিরাপদ অভিবাসনের

## ৮.৪। ২০২১-২০২২ অর্থবছরে মন্ত্রণালয় হতে মঞ্জুরকৃত নতুন রিক্রুটিং লাইসেন্স এর সংখ্যা নিম্নরূপ

| ২০২১-২০২২ অর্থবছর | মঞ্জুরকৃত নতুন রিক্রুটিং লাইসেন্স এর সংখ্যা | ২০২১-২০২২ অর্থবছর | মঞ্জুরকৃত নতুন রিক্রুটিং লাইসেন্স এর সংখ্যা |
|---|---|---|---|
| জুলাই ২০২১ | ১৫টি | এপ্রিল ২০২২ | ১২টি |
| সেপ্টেম্বর ২০২১ | ৩০টি | মে ২০২২ | ৩৫ টি |
| নভেম্বর ২০২১ | ৪৪টি | জুন ২০২২ | ৫২টি |
| মার্চ ২০২২ | ৫২টি | | |
| | | মোট = | ২৫৪টি |

বিষয়টি সর্বোচ্চ গুরুত্বের সাথে বিবেচনা করে রিক্রুটিং এজেন্টের নতুন লাইসেন্স ইস্যুকরণ, নবায়ন ও অভিযোগ ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদন করা হয়ে থাকে।

যথাসময়ে নবায়ন না করায় ২০২১-২২ অর্থবছরে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় হতে ১৪৫টি রিক্রুটিং লাইসেন্স বাতিল করা হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় হতে বিদেশে বাংলাদেশি নারী গৃহকর্মী প্রেরণের অনুমোদিত রিক্রুটিং এজেন্টের সংখ্যা ৩৯টি।

## ৮.৫। মামলা নিষ্পত্তি সংক্রান্ত কার্যাবলী

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আওতাধীন ব্যুরো/ দপ্তর/ সংস্থার রিট মামলাসহ অন্যান্য সকল মামলা সঠিকভাবে ব্যবস্থাপনা ও মনিটরিং করা হচ্ছে। প্রশাসনিক ট্রাইব্যুনালে যে সকল মামলায় রায় বাদীপক্ষের অনুকূলে হয়েছে এবং সেগুলো যথারীতি আপিল করা হয়েছে। মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর ও সংস্থার বিভিন্ন ধরনের মোট ২৩০ টি মামলা রয়েছে। এগুলো হচ্ছে: রিট পিটিশন, সিভিল পিটিশন ফর লিভ টু আপিল, কনটেম্পট, ফৌজদারী, দেওয়ানী, প্রশাসনিক ট্রাইব্যুনাল ও শ্রম আপিল আদালতে দায়েরকৃত মামলা। সরকারি কৌশলীর পাশাপাশি মন্ত্রণালয়ের নিয়োগকৃত প্যানেল আইনজীবীর মাধ্যমে পরিচালনা করা হচ্ছে। এর ফলে মামলাগুলো তদারকি ও দ্রুত নিষ্পত্তিতে সুফল পাওয়া যাচ্ছে। মামলাসমূহ যথাযথভাবে পক্ষালম্বন নিশ্চিতকল্পে নিয়মিত প্যানেল আইনজীবী এবং এ মন্ত্রণালয়ের অধিনস্থ দপ্তর/সংস্থাসমূহে আইন কর্মকর্তাদের সাথে নিয়মিত সভা করা হচ্ছে। এছাড়া মামলা সংক্রান্ত কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণের লক্ষ্যে প্রতিটি দপ্তর সংস্থার একাধি কর্মকর্তাকে মামলা সংক্রান্ত ট্যাগ অফিসার হিসেবে নিয়োগ করা হয়েছে।

অধ্যায়
৯

# কর্মপরিকল্পনা ও কর্মকৌশল বাস্তবায়নঃ

**৯.১ । এসডিজিঃ**

অভিলক্ষ্য

❖ নিরাপত্তাহীন কর্মী বিশেষ করে নারী কর্মীসহ সকল অভিবাসী শ্রমিকদের অধিকার রক্ষা করা এবং নিরাপদ কাজের পরিবেশ তৈরী করা।

❖ পরিকল্পিত ও সু-পরিচালিত অভিবাসন নীতি বাস্তবায়নের মাধ্যমে সু-শৃঙ্খল, নিরাপদ, নিয়মিত এবং দায়িত্বশীল অভিবাসন নিশ্চিত করা।

## ৯.২ । বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার-২০১৮

১. বিভিন্ন দেশে আরও বেশী সংখ্যক প্রশিক্ষিত কর্মী প্রেরণের এবং তাদের শ্রমলব্ধ অর্থের আয়বর্ধক এবং লাভজনক বিনিয়োগ নিশ্চিতকরণ সম্পর্কিত নীতি-পরিকল্পনা বাস্তবায়ন অব্যাহত রাখা হবে।

বাস্তবায়ন অগ্রগতি:

- বিদেশে কর্মী প্রেরণের ক্ষেত্রে দক্ষতা উন্নয়নের গুরুত্ব সর্বাধিক বিবেচনায় প্রশিক্ষিত জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে বর্তমানে ৬৪ টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও ৬টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজিতে কর্মসংস্থান উপযোগী ৫৫টি ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এর সাথে যুক্ত হয়েছে আরো ২৪টি টিটিসি যা গত ২৮ জুন ২০২২খ্রিঃ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী উদ্ভোধন করেছেন।
- মন্ত্রণালয়ের আওতায় ১৪০ কোটি টাকা সিড মানি দিয়ে গঠিত 'দক্ষতা উন্নয়ন তহবিল' এর অর্থায়নে গন্তব্য দেশের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ কোর্স প্রবর্তন, পুনঃপ্রশিক্ষণ ও বিদেশ গমনেচ্ছু কর্মীদের দক্ষতা উন্নয়নের জন্য বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে।

- বিএমইটি-র আওতায় পরিচালিত টিটিসিসমূহের মাধ্যমে প্রশিক্ষণ গ্রহণকারীদের প্রাপ্ত সনদ আন্তর্জাতিক স্বীকৃতি প্রাপ্তির লক্ষ্যে যুক্তরাজ্য ভিত্তিক সনদায়ন প্রতিষ্ঠান City & Guilds এর মাধ্যমে ০৬টি টিটিসিতে ভিন্ন ভিন্ন ০৬টি অকুপেশনে (ব্রিক লেইং, স্ক্যাফোল্ডিং, ইলেকট্রিক্যাল, হাউজ কিপিং, ক্যাটারিং ও পাম্বিং) প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ৬টি টিটিসিতে City and Guilds এর আওতায় ২০২১-২০২২ অর্থবছরে ১৮৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

- প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়য়ের তত্ত্বাবধানে বিএমইটি'র আওতাধীন ৭০টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে নিয়মিত কোর্সের আওতায় ৫৫টি ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। উক্ত কোর্সের মধ্যে অধিক প্রচলিত শর্টটাম মার্কেট রেসপনসিভ ১৮ টি ট্রেডে (ইলেকট্রিক্যাল, পাম্বিং, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং, আইটি সাপোর্ট টেকনিশিয়ান, ওয়েল্ডিং, ইত্যাদি) দক্ষতা ভিত্তিক NTVQF অনুযায়ী প্রশিক্ষণ প্রদান, এ্যাসেসমেন্ট ও BTEB কর্তৃক সনদায়ন করা হচ্ছে।

- বর্তমানে ৪০ টি উপজেলায় ৪০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের কার্যক্রম বাস্তবায়নের পর্যায়ে রয়েছে। আরও ১০০টি উপজেলায় ১০০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্প অনুমোদনের পর্যায়ে রয়েছে। পর্যায়ক্রমে দেশের সকল উপজেলায় কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হবে।

- মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার পরিপ্রেক্ষিতে ২০১৯ সালে সরকার বিদেশগমনেচ্ছু ও প্রবাসী বাংলাদেশী কর্মীদের জন্য বাধ্যতামূলক বীমা ব্যবস্থা চালু করেছে। এক্ষেত্রে ২ বছর মেয়াদী ৯৯০ টাকা প্রিমিয়ামে ২ লক্ষ টাকার বীমা এবং ২৪৭৫ টাকা প্রিমিয়ামে ৫ লক্ষ টাকার বীমা ব্যবস্থা রাখা হয়েছে। উভয় ক্ষেত্রে মোট প্রিমিয়ামের মধ্যে ৫০০ টাকা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের তহবিল থেকে প্রদান করা হচ্ছে। ২০২১-২২ অর্থবছরে ১৬৯ জন প্রবাসী কর্মীর বীমা দাবীর অর্থ বাবদ ৫,৫৮,০০,০০০/- টাকা প্রদান করা হয়েছে।

- "মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় বৈধ চ্যানেলে রেমিটেন্স প্রেরণে অভিবাসী কর্মীদের উদ্বুদ্ধ করতে সরকার ১লা জুলাই ২০১৯ সাল থেকে ২% প্রণোদনা প্রদান করে আসছে। সরকার ইতোমধ্যে প্রণোদনা প্রদানের বিষয়টি ২% থেকে ২.৫% এ উন্নীত করেছে। সরকারের এ সকল পদক্ষেপের ফলে রেমিটেন্স প্রবাহ বৃদ্ধি পেয়েছে। ২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ বৈধ চ্যানেলে প্রায় ২১.০৩ বিলিয়ন মার্কিন ডলার রেমিটেন্স আহরণ করেছে।

- প্রত্যাগত প্রবাসী কর্মীদের জন্য ব্যাপক আর্থ-সামাজিক পুনঃএকত্রীকরণের (Socio-economic reintegration) একাধিক প্রকল্প প্রক্রিয়াধীন আছে। এর মধ্যে উল্যেখযোগ্য হচ্ছে কোভিড-১৯ এর কারণে বিদেশ প্রত্যাগত প্রবাসী কর্মীদের জন্য ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অর্থায়নে প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে সহজ শর্তে, স্বল্পসুদে বিনিয়োগ ঋণ প্রদান। করোনাকালীন বিদেশ ফেরত প্রবাসী কর্মীদের পুনঃএকত্রীকরণের বিশ্বব্যাংকের অর্থায়নে "Recovery and Advancement of Informal Sector Employment (RAISE)" Reintegration of Returning Migrants শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ২ লক্ষ কর্মীকে আর্থিক সহায়তা প্রদান করা হবে।

২. বিদেশে যাওয়ার সময় প্রবাসী কল্যাণ ব্যাংক হতে নমনীয় শর্তে ও সুদে এবং দেশে ফেরার পর স্থায়ী কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় ঋণ প্রদান সুনিশ্চিত করা হবে।

২. বিভিন্ন দেশে আরও বেশী সংখ্যক প্রশিক্ষিত কর্মী প্রেরণের এবং তাদের শ্রমলব্ধ অর্থের আয়বর্ধক এবং লাভজনক বিনিয়োগ নিশ্চিতকরণ সম্পর্কিত নীতি-পরিকল্পনা বাস্তবায়ন অব্যাহত রাখা হবে।

**বাস্তবায়ন অগ্রগতি:**

মন্ত্রণালয়ের আওতাধীন প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে বিদেশ প্রত্যাগত ও বিদেশ গমনেচ্ছু অভিবাসী কর্মীদের নমনীয় শর্তে ও সুদে ঋণ প্রদান করা হয়ে থাকে। প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে নিম্লোক্ত সেবা প্রদান করা হয়ে থাকেঃ

ক অভিবাসন ঋণঃ বিদেশগামী পুরুষ ও নারী কর্মীদের ৯%সরল সুদে মাত্র ৩ দিনের মধ্যে জামানতবিহীন সর্বোচ্চ ৩ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়;

খ পুনর্বাসন ঋণঃ নিষিদ্ধ নয় এবং বাণিজ্যিকভাবে লাভজনক উৎপাদনশীল/ বানিজ্যিক/ সেবামূলক যে কোন অর্থনৈতিক কর্মকান্ডে প্রত্যাগত পুরুষ ও নারী কর্মীদের যথাক্রমে ৯%এবং ৭% সরল সুদে জামানতবিহীন ৩লক্ষ টাকা এবং জামানতসহ সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়;

গ বঙ্গবন্ধু অভিবাসী বৃহৎ পরিবার ঋণঃ চাকুরির উদ্দেশ্যে বিদেশে কর্মরত বাংলাদেশী কোন নাগরিকের দেশে অবস্থানরত তাঁর উপর নির্ভরশীল পরিবারের উপযুক্ত পুরুষ সদস্যকে ৯% সরল সুদে এবং নারী সদস্যকে ৭% সরল সুদে জামানতবিহীন ৩ লক্ষ টাকা এবংজামানতসহ সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়;

ঘ বিশেষ পুনর্বাসন ঋণঃ কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে

ক্ষতিগ্রস্ত হয়ে দেশে ফেরত এসেছেন সে সকল কর্মী এবং বিদেশে মৃত্যুবরণ করেছেন এমন কর্মীর পরিবারের ১ (এক) জন উপযুক্ত সদস্যকে পুনর্বাসনের লক্ষ্যে ৪% সরল সুদে এককভাবে সর্বোচ্চ ৫ লক্ষ টাকা এবং গ্রুপে ২৫ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয় এক্ষেত্রে ৩ লক্ষ টাকা পর্যন্ত জামানতের প্রয়োজন হয় না;

ঙ আত্মকর্মসংস্থানমূলক ঋণঃ বিদেশ ফেরত প্রবাসী কর্মীদের গ্রামীণ এলাকায় ব্যবসা ও আত্মকর্মসংস্থানমূলক কাজে যুক্ত হওয়ার জন্য ৪% সরল সুদে জামানতবিহীন ৩ লক্ষ টাকা এবং সর্বোচ্চ ৫ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়;

চ নারী উদ্যোক্তা কর্মসংস্থান ঋণের আওতায় বিদেশগামী নারী কর্মীদের জন্য "নারী অভিবাসন ঋণ" এবং বিদেশ ফেরত নারী কর্মীদের জন্য"নারী পুনর্বাসন ঋণ": বাংলাদেশী কোন নারী নাগরিক চাকুরীর উদ্দেশ্যে অন্য কোন দেশে গমন করলে সে ক্ষেত্রে ব্যাংক থেকে ঐ নারীর আবেদনের প্রেক্ষিতে সহজ শর্তে জামানত ব্যতিরেকেসর্বোচ্চ ০৩ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়। অপরপক্ষে বাংলাদেশী কোন নারী নাগরিক চাকুরীর উদ্দেশ্যে অন্য কোন দেশে গমন করার পরে বিভিন্ন কারণে স্বদেশে ফিরে আসার পর স্বাবলম্বী হওয়ার ইচ্ছায় কোন ধরণের প্রকল্প/ব্যবসা শুরুকরলে সে ক্ষেত্রে সহজ শর্তে জামানত ব্যতিরেকে সর্বোচ্চ ৩ লক্ষ টাকা এবং জামানতসহ সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়। এক্ষেত্রে ১ (এক) লক্ষ টাকা পর্যন্ত ঋণের জন্য কোন ইক্যুইটি প্রয়োজন হয় না।

## বিগত তিন বছরের ঋণ সেবা বিতরণ, আদায় ও শাখার সংখ্যার তুলনামুলক প্রবৃদ্ধিরচিত্র নিম্নরূপঃ

| ক্রম | বিষয় | অর্থবছর | | প্রবৃদ্ধি | অর্থবছর | | প্রবৃদ্ধি |
|---|---|---|---|---|---|---|---|
| | | ২০১৯-২০২০ | ২০২০-২০২১ | | ২০২০-২০২১ | ২০২১-২০২২ | |
| ০ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | সেবা গ্রহীতার সংখ্যা | ৩,৩৪০ জন | ১১,৫৩২ জন | ২৪৫.২৭% | ১১,৫৩২ জন | ৩৯,২২১ জন | ২৪০.১১% |
| ২. | ঋণ বিতরণের পরিমাণ | ১০৮.৯৬ কোটি | ২৬৭.৯৬ কোটি | ১৪৫.৯৩% | ২৬৭.৯৬ কোটি | ৯০০.১৭কোটি | ২৩৫.৯৩% |
| ৩. | ঋণ আদায়ের পরিমাণ | ৭৫.২০ কোটি | ৮০.০৬ কোটি | ৬.৪৬% | ৮০.০৬ কোটি | ২৪৯.৪৬ কোটি | ২১১.৫৯% |
| ৪. | শাখার সংখ্যা | ৬৩ টি | ৮৩ টি | ৩১.২৫% | ৮৩ টি | ১০০ টি | ২০.৪৮% |
| ৫. | পরিচালন আয় | ৩৫.৭০ কোটি | ৪২.৪০ কোটি | ১৮.৭৭% | ৪২.৪০ কোটি | ৬৩.৬৮ কোটি | ৫০.১৯% |

৩. প্রতি উপজেলা থেকে গড়ে ১ হাজার যুব বা যুব মহিলাকে বিদেশে কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে।

**বাস্তবায়ন অগ্রগতি:**

- অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের রাজনৈতিক দর্শনের আলোকে মাননীয় প্রধানমন্ত্রী ২০১৮ সালের নির্বাচনী ইশতেহার ঘোষণাকালে প্রতি উপজেলা থেকে গড়ে ১ হাজার যুব বা যুব মহিলাকে বিদেশে কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে- মর্মে প্রতিশ্রুতি ব্যক্ত করেন।
- এ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য পিছিয়ে পড়া জেলাসমূহকে অগ্রাধিকার দিয়ে ৭ম ও ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার আওতায় প্রশিক্ষণ কেন্দ্র ও জেলা কর্মসংস্থান অফিস স্থাপন, বাজার চাহিদামুখী প্রশিক্ষণের ব্যবস্থা এবং গণসচেনতা সৃষ্টির ব্যাপক উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

## ২০১৮ সাল হতে কর্মী প্রেরণের তুলনামূলক চিত্র নিম্নরূপ:

| | পুরুষ |
|---|---|
| ২০১৮ | ৭,৩৪,১৮১ জন |
| ২০১৯ | ৭,০০,১৫৯ জন |
| ২০২০ | ২,১৭,৬৬৯জন |
| ২০২১ | ৬,১৭,২০৯জন |
| ২০২২( জুলাই পর্যন্ত) | ৬,৯১,০১৭ জন |

| | মহিলা |
|---|---|
| ২০১৮ | ১,০১,৬৯৫ জন |
| ২০১৯ | ১,০৪,৭৮৬ জন |
| ২০২০ | ২১,৯৩৪ জন |
| ২০২১ | ৮০,১৪৩ জন |
| ২০২২( জুলাই পর্যন্ত) | ৬৭,১২৭ জন |

## ৯.৩ । মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি

**প্রতিশ্রুতি-০৪টি**

**প্রতিশ্রুতি - ১ -**

যুবদের প্রশিক্ষণ ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে সিরাজগঞ্জে ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি প্রতিষ্ঠা করা।

**বাস্তবায়ন অগ্রগতি:** ৮ মে ২০১৫ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সের মাধ্যমে সিরাজগঞ্জের ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি এর শুভ উদ্বোধন করেন। বর্তমানে প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে।

**প্রতিশ্রুতি - ২ -**

বাগেরহাটে ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন করা।

**বাস্তবায়ন অগ্রগতি:** ১৩ নভেম্বর ২০১৩ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সের মাধ্যমে বাগেরহাটের ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজির শুভ উদ্বোধন করেন। বর্তমানে প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে।

**প্রতিশ্রুতি - ৩ -**

প্রবাসী কল্যাণ ব্যাংক প্রতিষ্ঠা।

**বাস্তবায়ন অগ্রগতি:** ২০১১ সালে প্রবাসী কল্যাণ ব্যাংক প্রতিষ্ঠা লাভ করে। প্রবাসী কল্যাণ ব্যাংককে ৩০ জুলাই ২০১৮ তারিখে তাফসিলি ব্যাংকে রূপান্তর করা হয়েছে।

**প্রতিশ্রুতি - ৪ -**

সিরাজগঞ্জে কারিগারি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা।

## নির্দেশনা-১০টিঃ

**নির্দেশনা: - ১ -**

বিদেশে বাংলাদেশি কর্মীদের আরো অধিকহারে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষিত ও দক্ষ শ্রমশক্তি সৃষ্টির জন্য প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করতে হবে। জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালার আলোকে অন্যান্য যে সকল মন্ত্রণালয় ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করে থাকে তাদের সঙ্গে সমন্বয়পূর্বক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অধিক হারে দক্ষ জনশক্তি সৃষ্টি করতে হবে।

**বাস্তবায়ন অগ্রগতি:**

ক) বহির্বিশ্বের চাহিদা অনুযায়ী মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে বিভিন্ন ধরণের কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করা হচ্ছে। কার্যক্রমগুলো নিম্নরূপঃ ১. যুক্তরাজ্যভিত্তিক আন্তর্জাতিক সনদায়ন প্রতিষ্ঠান City & Guilds কর্তৃক বিকেটিটিসি-ঢাকা, বিকেটিটিসি-চট্টগ্রাম, শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা টিটিসি ও সিলেট টিটিসিতে ০৩টি Occupation-এ ০৬ মাস মেয়াদী ডিপোমা কোর্স যথা: ইলেকট্রিক্যাল, হাউজকিপিং সার্ভিসেস ও ফুড প্রিপারেশন এন্ড কুলিনারী আর্টস ট্রেডে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে ২১ জন প্রশিক্ষককে উচ্চতর লেভেলে ToT প্রদান চলমান রয়েছে। City & Guilds এর মাধ্যমে শ্রীলংকা হতে মাস্টার ট্রেইনার এর মাধ্যমে ১৬ দিন ব্যাপি প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণরত ২১ জনের মধ্যে নির্বাচিত ১০ জনকে পরবর্তীতে শ্রীলংকায় প্রশিক্ষণ প্রদান করা হবে।

২. BMET I Jiangsu Maritime Institute (JMI), China এর মধ্যে স্বাক্ষরিত MoU এর আওতায় আইএমটির ১ম ব্যাচে ২৪জন, ২য় ব্যাচে ৩১জন প্রশিক্ষণার্থীকে JMI, China তে স্কলারশীপের মাধ্যমে প্রেরণ করা হয়েছে এবং ৩য় ব্যাচের ৩৭ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ সমাপ্তে অন জব ট্রেনিং এর প্রস্তুতি গ্রহণ করছে।

খ) বিএমইটির আওতাধীন ৬টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি (আইএমটি) ও ৬৪টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) সহ মোট ৭০টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ৫৫টি কর্মসংস্থান উপযোগী ট্রেডের মধ্যে ১৮টি মূখ্য ট্রেডের মাধ্যমে জানুয়ারী/২০০৯খ্রিঃ হতে জুন/২০২২খ্রিঃ পর্যন্ত প্রশিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষণার্থী ও কর্মসংস্থান সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

| ক্রম | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | কর্মসংস্থান | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ৬,০২,২৮৩ জন | ৩,৬১,৩৯০ জন | প্রশিক্ষণ প্রাপ্ত অন্যান্য প্রশিক্ষণার্থীরা উচ্চ শিক্ষা গ্রহণ এবং আত্মকর্মসংস্থানে নিয়োজিত আছেন |

গ) BMET I SEIP এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুযায়ী নীলফামারী, বগুড়া ও চাঁপাইনবাবগঞ্জ টিটিসিতে হেভিইক্যুপমেন্ট অপারেটর কোর্স চালুর লক্ষ্যে কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক ০৩টি Competency Standard (CS) প্রস্তুত করা হয়েছে। উক্ত কোর্স পরিচালনায় প্রয়োজনীয় যন্ত্রপাতি (Road Roller, Truck Crane, Forklift) সরবরাহ করা হয়েছে। প্রস্তুতকৃত CS অনুযায়ী সংশিষ্ট যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এছাড়া ০৪টি টিটিসিতে (চট্টগ্রাম মহিলা টিটিসি, মৌলভীবাজার টিটিসি, খুলনা মহিলা টিটিসি ও পাবনা টিটিসি) হোটেল ম্যানেজমেন্ট কোর্স পরিচালনার প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে এবং দক্ষ প্রশিক্ষক নিয়োজিত করার লক্ষ্যে পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

ঘ) প্রশিক্ষণ প্রদান কার্যক্রম জোরদার করার লক্ষ্যে গত অক্টোবর/২০২১খ্রি: হতে অন লাইন পাটফম "আমি প্রবাসী এ্যাপ্সের" মাধ্যমে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে। সকল প্রশিক্ষণের মূল্যায়ণ NTVQF এর আওতায় সম্পন্ন করা হচ্ছে এবং এ্যাপ্সের মাধ্যমে সনদায়ন কার্যক্রম শুরু করা হয়েছে।

## NTVQF এর আওতায় বিএমইটির আওতাধীন আইএমটি/টিটিসিসমূহে প্রশিক্ষণ ও সনদ প্রদানের সেশন ভিত্তিক বিবরণ:

| সেশন | প্রশিক্ষণ | সনদ প্রদান |
|---|---|---|
| অক্টোবর-ডিসেম্বর/২০২১ | ৮,৮৩৪ জন | ৭,৩৩৭ জন |
| জানুয়ারী-মার্চ/২০২২ | ৮,৪৩৪ জন | ৭,১৪১ জন |
| এপ্রিল-জুন/২০২২ | ৭,৭৬৩ জন | ৬৫৯৯ জন |

ঙ) আইএমটি ও টিটিসিতে কর্মরত প্রশিক্ষকদের দক্ষতা বৃদ্ধির জন্য Advance Level প্রশিক্ষণ দানের উদ্দেশ্যে বিকেটিটিসি ঢাকার অভ্যন্তরে Dhaka Technical Teachers Training Institute (DTTTI) স্থাপনের নির্মাণ কাজ চলমান রয়েছে। জুন/২০২২ পর্যন্ত DTTTI স্থাপনের ভৌত ও আর্থিক অগ্রগতি যথাক্রমে ৭৬% এবং ৫০.২৬%।

নির্দেশনা:
- ২ -

নির্দেশনা-২: বর্তমানে যে সকল ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয় তার পাশাপাশি আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নতুন নতুন ট্রেডে এবং সংশিষ্ট দেশের ব্যবহারিক ভাষা শিক্ষণের প্রশিক্ষণ প্রদান করতে হবে। প্রয়োজনে বিদ্যমান প্রশিক্ষণ কোর্সের মেয়াদ বৃদ্ধি করতে হবে।

বাস্তবায়ন অগ্রগতি:

ক) আন্তর্জাতিক শ্রমবাজার, দেশের শ্রমবাজারের চাহিদা ও জব মার্কেট ডিমান্ড পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনা প্রতিবেদনে অধিক চাহিদা সম্পন্ন মৌলিক ০৬টি পেশা চিহ্নিত করা হয়েছে। চিহ্নিত ০৬টি পেশার মধ্যে কন্সট্রাকশন এর অন্তর্ভুক্ত হেভী ইকুপমেন্ট অপারেটর প্রশিক্ষণ চালু করা হয়েছে। এছাড়া ১০টি টিটিসিতে ০৬টি নতুন অকুপেশনে ( সুইং মেশিন অপরেশন, মিড লেভেল গার্মেন্টস সুপারভাইজার, প্যাটার্ন মেকিং এন্ড কাটিং অপারেশন, কুকিং, অটো ইলেকট্রিসিটি সার্ভিসিং, পাইপ ফিটিং) প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে। পর্যায়ক্রমে চাহিদা ভিত্তিক অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ চালু করা হবে।

খ) প্রশিক্ষণ কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি) অধীনে বর্তমানে ৬৪টি জেলায় ৬৪টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র এবং ০৬টি ইনষ্টিটিউট অব মেরিন টেকনোলোজিসহ মোট ৭০টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে ৫৫টি কর্মসংস্থান উপযোগী স্বল্প মেয়াদী (০৩, ০৪ ও ০৬ মাস ব্যাপি) এবং দীর্ঘ মেয়াদী (০২ বছর ও ০৪ বছরব্যাপি) কোর্সে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

নির্দেশনা:
- ৩ -

নারী অভিবাসন কার্যক্রম আরো জোরদার করতে হবে। নারী অভিবাসী কর্মীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিদ্যমান প্রশিক্ষণের মেয়াদ বাড়াতে হবে এবং ব্যবহারিক প্রশিক্ষণের উপর গুরুত্ব দিতে হবে।

## বাস্তবায়ন অগ্রগতি:

ক) নারী অভিবাসন কার্যক্রম জোরদার এবং বর্হিবিশ্বের চাহিদার সাথে সামঞ্জস্য রেখে ব্যবহারিক প্রশিক্ষণের মানোন্নয়ন করার লক্ষ্যে ইতোমধ্যে হাউজ কিপিং পেশার আবাসিক প্রশিক্ষণ বাধ্যতামূলক করা হয়েছে। ফলে প্রশিক্ষণার্থীগণ তাত্ত্বিক প্রশিক্ষণের পাশাপাশি ব্যবহারিক প্রশিক্ষণে পুরোপুরি সক্ষমতা অর্জন করছে। এছাড়া আধুনিক যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে। পাশাপাশি নারীদের জন্য কেয়ার গিভারসহ অন্যান্য পেশায় প্রশিক্ষণ গ্রহণের জন্য উৎসাহিত করা হচ্ছে। ফলে বর্তমানে গৃহকর্ম পেশার পাশাপাশি গার্মেন্টস, কেয়ার গিভারসহ বিভিন্ন পেশায় নারী কর্মীদের প্রশিক্ষণ প্রদান করে বিদেশে প্রেরণ করা হচ্ছে।

এছাড়া হাউজ কিপিং পেশার ম্যানুয়েল আপগ্রেড করা হয়েছে। মোবাইল এ্যাপস ব্যবহার করে অডিও ভিজুয়াল টুলস ব্যবহারের মাধ্যমে সহজেই হাউজ কিপিং সংশিষ্ট যন্ত্রপাতি ব্যবহার সম্পর্কে জ্ঞান অর্জন করছে।

(১) নারী কর্মীদের জন্য নির্ধারিত ০৬টি মহিলা টিটিসিসহ সকল আইএমটি ও টিটিসিতে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণের সুযোগ রয়েছে।

(২) অভিবাসী ও দক্ষতা উন্নয়ন তহবিলের আওতায় কুমিল্লা, ময়মনসিংহ ও বগুড়া টিটিসিতে হংকংগামী মহিলা কর্মীদের ০২ মাস ব্যাপী হাউজ কিপিং ও ক্যান্টনিজ ভাষার উপর প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

(৩) শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা টিটিসি, সিলেট টিটিসি, বান্দরবান টিটিসি, মৌলভীবাজার টিটিসি, কেরানীগঞ্জ টিটিসি, গোপালগঞ্জ ও সাতক্ষীরা টিটিসিতে ০৬ মাস ব্যাপী জাপানীজ কেয়ার গিভার কোর্সে আবাসিক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

(৪) রাঙ্গামাটি ও বান্দরবান টিটিসিতে ০৩ মাস ব্যাপী চাইনিজ ক্যান্টনিজ প্রশিক্ষণ কোর্স চলমান আছে।

(৫) এছাড়া ৪৪টি টিটিসিতে ০১ মাস মেয়াদী হাউজ কিপিং প্রশিক্ষণ কোর্স চলমান আছে।

## (৬) প্রশিক্ষণের মেয়াদ বৃদ্ধিঃ

হাউজ কিপিং পেশায় প্রশিক্ষণের মেয়াদ ৭দিন থেকে বৃদ্ধি করে ১৪ দিন, পরবর্তীতে প্রশিক্ষণ মান উন্নয়নের জন্য প্রশিক্ষণের মেয়াদ আরও বৃদ্ধি করে ৩০দিন করা হয়েছে এবং আবাসিক ব্যবস্থা করা হয়েছে। জাপানি ভাষায় কেয়ার গিভার কোর্সের প্রশিক্ষণের মেয়াদ ৪মাস থেকে বৃদ্ধি করে ৬ মাস করা হয়েছে। নিম্নে বিদেশ গমণকৃত নারী কর্মীর সংখ্যা ও অধিকতর আকর্ষণীয় ও শোভন পেশায় গমণকারী নারী কর্মীর তুলনামূলক পরিসংখ্যান উপস্থাপন করা হলো:

| বছর | নারী অভিবাসনের মোট সংখ্যা | বছর | নারী অভিবাসনের মোট সংখ্যা |
|---|---|---|---|
| ২০১৫ | ১,০৩,৭০১ জন | ২০২১ | ৮০,১৪৩ জন |
| ২০১৬ | ১,১৮,১৫৮ জন | জানুয়ারী/ ২০২২ | ১০,২৯০ জন |
| ২০১৭ | ১,২১,৯৪১ জন | ফেব্রুয়ারী/ ২০২২ | ১০,৬১২ জন |
| ২০১৮ | ৯৭,৫০৯ জন | মার্চ/২০২২ | ১১,২১১ জন |
| ২০১৯ | ৮২,৭৬৭ জন | এপ্রিল/ ২০২২ | ১১,৪৯৭ জন |
| ২০২০ | ২১৫৭৫ জন | মে/ ২০২২ | ৬,৭৫৩ জন |
| জুন/ ২০২২ | ১০,৪৮৯ জন | | |

নির্দেশনা:
- ৪ -

দালাল ও অন্যান্য মধ্য-স্বত্বভোগীদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিদেশ গমনেচ্ছু কর্মীরা যেন দালালসহ অন্যান্য মধ্যস্বত্বভোগীদের মাধ্যমে হয়রানি ও প্রতারণার শিকার না হন এবং জনগণ যাতে অবৈধ পথে বিদেশে যাওয়ার চেষ্টা না করে সে সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ব্যাপক প্রচারণা চালাতে হবে। এজন্য তথ্য অধিদপ্তরের প্রচার মাধ্যম এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সহযোগিতা নিতে হবে।

বাস্তবায়ন অগ্রগতি:

- প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের বিজ্ঞ ম্যাজিস্ট্রেট এর মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। উক্ত মোবাইল কোর্টে অভিযুক্ত'র বিরুদ্ধে অভিযোগ প্রমানিত হলে তার/তাদের বিরুদ্ধে কারাদন্ড/অর্থদন্ডসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়। ২০২১-২২ অর্থবছরে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট কর্তৃক ১৭টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। এতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা করা হয়েছে। অবৈধ অভিবাসনের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এ মন্ত্রণালয়ের অধীন ভিজিলেন্স টাস্কফোর্স কমিটি' কার্যক্রম চলমান রয়েছে।

## দালাল ও অন্যান্য মধ্য-স্বত্বভোগীদের হয়রানি ও প্রতারণা বন্ধে মন্ত্রণালয়ের গৃহীত পদক্ষেপ:

১. মন্ত্রণালয়ের আওতাধীন বিএমইটির হতে বিদেশ গমনেচ্ছু কর্মীদের স্বার্থ রক্ষার উদ্দেশ্যে রিক্রুটিং এজেন্টগণের প্রতিনিধি নিয়োগের লক্ষ্যে সমন্বয় সভার আয়োজন করা হয় ।

২. Recruiting Agencies Information Management System (RAMIS) এ ১১৩৩ টি রিক্রুটিং এজেন্সির তথ্য অন্তর্ভুক্ত করা হয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে।

৩. ২০২১-২০২২ অর্থবছরে 'বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ (সংশোধিত), ২০২২' চূড়ান্তকরণ পর্যায়ে রয়েছে। এতে দালাল অন্যান্য মধ্যসত্ত্বভোগীর প্রতারণা ও হয়রানি বন্ধে করণীয় বিশেষ সংযোজন করা হয়েছে।

## জনসচেতনতামূলক গৃহীত পদক্ষেপসমূহ:

- বিদেশগামী কর্মীদের স্বাস্থ্য ঝুঁকি বিষয়ে অবহিতকরণে স্বাস্থ্য অধিদপ্তর ও বিএমইটির যৌথ উদ্যোগে সচেতনতামূলক ফ্লীপ চার্ট প্রস্তুত করে সকল টিটিসিতে প্রাক বহির্গমন প্রশিক্ষণে ব্যবহারের জন্য প্রেরণ করা হয়েছে।
- আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২১ উপলক্ষ্যে জনসচেতনতামূলক গৃহীত পদক্ষেপ হিসেবে সারাদেশে জাতীয়ভাবে জেলা ও উপজেলা পর্যায়ে সভা, সেমিনার আয়োজনসহ অধীন দপ্তরসমূহের মাধ্যমে বিদেশে কর্মসংস্থান ও সচেতনতা সম্পর্কিত লিফলেট, বুকলেট, পোষ্টার বিতরণ করা হয়েছে।
- জেলায় অবস্থিত টিটিসি এবং ডিইএমওসমূহ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ এবং সিভিল সোসাইটি ও জনপ্রতিনিধিগণকে সম্পৃক্ত করে জনসচেতনতামূলক সেমিনারে আয়োজন করেছে।
- অভিবাসী সংশিষ্ট আন্তর্জাতিক প্রতিষ্ঠান IOM, ILO এবং মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত সচেতনতা বৃদ্ধিমূলক ভিডিও চিত্রসমূহ প্রদর্শিত হচ্ছে। তৃণমূল পর্যায়ে জনগণকে অবহিত করার লক্ষ্যে প্রতি জেলায় উপজেলা পর্যায়ে নিরাপদ অভিবাসন সংক্রান্ত সেমিনার করা হচ্ছে।
- জনসচেতনতামূলক টিভিসি প্রচার করা হচ্ছে। সচেতনতামূলক লিফলেট, পোস্টার বিতরণ ও ব্যানার প্রদর্শন করা হচ্ছে।
- নিরাপদ অভিবাসন সংক্রান্ত তথ্য ও সুযোগ-সুবিধা জনগণকে অবহিত করার জন্য জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস এবং কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহ ব্যাপক প্রচার-প্রচারণা অব্যাহত রেখেছে। নিরাপদ অভিবাসনের লক্ষ্যে জনসচেতনতা বৃদ্ধির জন্য ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা ব্যয়ে ০৫টি টিভিসি ও ০৫টি ওভিসি নির্মাণ করা হয়েছে। এছাড়া ৩৫,০০,০০০/- (পঁয়ত্রিশ লক্ষ) টাকা ব্যয়ে ৩৩,৬০০টি পোস্টার ও ১,৬৮,০০০টি লিফলেট তৈরিপূর্বক প্রচারের ব্যবস্থা করা হয়েছে। বভিন্ন টিভি চ্যালেন এবং পেপার-পত্রিকায় নিরাপদ অভিবাসন সংক্রান্ত প্রচার প্রচারণা বাবদ প্রায় ১ কোটি ১৭ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।

নির্দেশনা:
- ৫ -

বিদ্যমান শ্রমবাজার সংরক্ষণ ও সম্প্রসারণের পাশাপাশি নতুন নতুন শ্রমবাজার অনুসন্ধান করতে হবে এবং প্রবাসী কর্মীদের কল্যাণ ও সেবা নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে বিদেশস্থ শ্রম উইং-এর কর্মকর্তা/কর্মচারীগণকে অধিকতর নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করতে হবে।

বাস্তবায়ন অগ্রগতি:

শ্রমবাজার সংরক্ষণ, সম্প্রসারণ ও অনুসন্ধানে মন্ত্রণালয় নানা পদক্ষেপ গ্রহণ করেছে। বিদ্যমান শ্রমবাজার সম্প্রসারণ এবং নতুন শ্রমবাজার অনুসন্ধানের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় শ্রমবাজারভিত্তিক গবেষণা কার্যক্রম পরিচালনা করছে। এছাড়াও, বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস ও হাইকমিশনসমূহ নতুন শ্রম বাজার অন্বেষণে এ মন্ত্রণালয়কে সহযোগিতা করছে। সম্প্রতি গৃহীত পদক্ষেপসমূহ নিম্নরূপ:

(ক বিদ্যমান শ্রমবাজার সংরক্ষণ ও সম্প্রসারণের পাশাপাশি নতুন নতুন শ্রমবাজার অনুসন্ধানের লক্ষ্যে ২০২১-২২ অর্থবছরে ০৬ টি গবেষণা সমীক্ষা সম্পন্ন করা হয়েছে। এছাড়া ২০২২-২৩ অর্থবছরের এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী আরো ০৬টি গবেষণার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

(খ) ২০২১-২২ অর্থবছরে গৃহীত শ্রম অভিবাসন সংক্রান্ড় কার্যক্রমের উপর 'শ্রম অভিবাসন প্রতিবেদন ২০২১-২০২২' প্রকাশের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

(গ) কলম্বো প্রসেসের আওতায় আগামী ২৪-২৫ আগষ্ট ২০২২ খ্রিষ্টাব্দে বাংলাদেশের সভাপতিত্বে ঢাকায় 9th Thematic Area Working Group (TAWG) meeting on Fostering Ethical Labour Recruitment Practices (FERP) এর আয়োজন করা হয়েছে। IOM এর কারিগরি ও আর্থিক সহায়তায় অনুষ্ঠিতব্য এ ফোরামে সদস্যদেশসমূহ নৈতিক অভিবাসন প্রক্রিয়াসহ আন্তর্জাতিক শ্রম অভিবাসনের বিভিন্ন ইস্যুতে নিজ নিজ দেশের অর্জনসমূহ, উত্তম চর্চাসমূহ (Best Practices) এবং এতদসংক্রান্ত চ্যালেঞ্জসমূহ নিয়ে মতবিনিময় করেছেন। উক্ত আন্তর্জাতিক অনুষ্ঠান সর্বাত্মক সফল করার নিমিত্ত মন্ত্রণালয়, IOM বাংলাদেশ এর প্রতিনিধিবৃন্দ এবং কলম্বো প্রসেস এর টেকনিক্যাল সাপোর্ট ইউনিট যৌথভাবে কাজ করছে।

নির্দেশনা:
- ৬ -

বাংলাদেশে বর্তমানে সর্বাধিক পরিমাণ কর্মক্ষম যুবশক্তি (Young Working Force) বিদ্যমান। বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পরিণত করার জন্য এ যুবশক্তিকে দেশের উন্নয়ন কাজে সম্পৃক্ত করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করতে হবে।

বাস্তবায়ন অগ্রগতি:

(১) শূণ্য অভিবাসন ব্যয়ে জাপানে টেনিক্যাল ইন্টার্ণ ও কেয়ারগিভার প্রেরণ করা হচ্ছে।

(২) নিম্ন জন্মহারপ্রবণ দেশে প্রশিক্ষিত কর্মী প্রেরণের লক্ষ্যে হাউজকিপিং ও ক্যান্টনিজ, কেয়ার গিভার, চায়নিজ ম্যান্ডারিন, জাপানিজ ল্যাঙ্গুয়েজ, ক্যাটারিং ইত্যাদি কোর্সে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

৩) পৃথিবীর বিভিন্ন দেশের চাহিদা বিবেচনায় TTC ও IMT গুলোতে বর্তমানে ড্রাইভিং, বেসিক মেইনেন্টন্যাস, হোটেল মেনেজমেন্ট, হেবি ইক্যুপমেন্ট অপারেটর, মেসন, কার পেন্টার, পেন্টিং, রড বাইন্ডার, হাউজকিপিং ও ক্যান্টনিজ, কেয়ার গিভার, চায়নিজ ম্যান্ডারিন, জাপানিজ ল্যাঙ্গুয়েজ, ক্যাটারিং সহ মোট ৫৫ টি কর্মসংস্থান উপযোগী স্বল্প ও দীর্ঘ মেয়াদী কোর্সে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এ সকল কর্মীদের দেশে ও বিদেশে চাকুরীর সুযোগ তৈরী হচ্ছে। তাছাড়া ডাক্তার, নার্স, প্রকৌশলী, কৃষিবিদ, IT স্পেশালিষ্ট সহ কারিগরী কর্মীদের প্রশিক্ষণ প্রাপ্ত কর্মীদের বিদেশে প্রেরনের ব্যবস্থা করা হচ্ছে।

বাস্তবায়ন অগ্রগতি:

(৪) বাংলাদেশ ও সিশেলস এর মধ্যে-"Agreement on Labour Co-operation (ALC)" চুক্তির আওতায় বিএমইটি ও বোয়েসেল এর মাধ্যমে জি-টু-জি পদ্ধতিতে সিশেলস এ কর্মী প্রেরণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। সিশেলস এর নিয়োগকর্তা কর্তৃক প্রেরিত চাহিদার প্রেক্ষিতে কর্মী নির্বাচন করে বাংলাদেশ কোরিয়া কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রেতে টিটিসি'তে ১০ দিনের প্রি-ডিপার্চার ওরিয়েন্টেশন প্রদান করা হয়। ইতোমধ্যে ১২০৭ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

নির্দেশনা:
- ৭ -

এ দেশের গরিব জনগণ যাতে কম খরচে বিদেশে কর্মসংস্থানের সুযোগ লাভ করতে পারে সে লক্ষ্যে অভিবাসন ব্যয় কমানোর কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়ন অগ্রগতি:

বাস্তবায়ন অগ্রগতি: বাংলাদেশি কর্মী যেন স্বল্প অভিবাসন খরচে বিদেশে যেতে পারে তা নিশ্চিত করতে মন্ত্রণালয় বহুমুখী সমন্বিত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, যা নিম্নরূপ:

অভিবাসন ব্যয় হ্রাসের লক্ষ্যে সরকার বহুমুখী পদক্ষেপ গ্রহণ করেছে। অদক্ষ কর্মীর তুলনায় দক্ষ কর্মীর অভিবাসন ব্যয় কম এবং বেতন ও চাহিদা বেশি। তাই সরকার অধিকহারে দক্ষ কর্মী সৃষ্টির লক্ষ্যে নতুন উপজেলা পর্যায়ে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছে। অভিবাসন সংক্রান্ত সেবাসমূহ যথা: প্রশিক্ষণ, ফিঙ্গারপ্রিন্ট এবং স্মার্টকার্ড প্রদান কার্যক্রম পর্যায়ক্রমে জেলা পর্যায়ে বিকেন্দ্রীকরণ করে অভিবাসন ব্যয় হ্রাস ও সেবা প্রাপ্তি সহজীকরণ করা হয়েছে। অভিবাসন ব্যয় হ্রাস এবং বৈধ রিক্রুটিং এজেন্সিসমূহের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে 'বৈদেশিক কর্মসংস্থান নীতি, ২০১৬', 'বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৭' প্রণয়ন করা হয়েছে। তাছাড়া, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী বিদেশগামী বাংলাদেশী কর্মীদের শতভাগ বীমার আওতায় আনয়নের নিমিত্ত প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক এতদসংক্রান্ত একটি নীতিমালা প্রণয়ন করা হয়েছে। অনলাইনে এবং সরাসরি অভিযোগ দাখিল ও প্রতিকারের ব্যবস্থা। নারী অভিবাসী কর্মীদের জন্য পৃথক নারী অভিযোগ ব্যবস্থাপনা সেল গঠন, হটলাইন চালু, মোবাইল কোর্ট পরিচালনা, টাস্কফোর্স গঠন ইত্যাদি অন্যতম।

বিদেশগামী বাংলাদেশী কর্মীদের অভিবাসন ব্যয় যৌক্তিক পর্যায়ে হ্রাসকল্পে বর্তমান সরকার প্রধান প্রধান দেশসমূহের দেশভিত্তিক সর্বোচ্চ অভিবাসন ব্যয় নির্ধারণ করেছে। দেশভিত্তিক সর্বোচ্চ অভিবাসন ব্যয় নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| ০১। | সিঙ্গাপুর (প্রশিক্ষণসহ) | ২,৬২,২৭০/- |
| ০২। | সৌদিআরব | ১,৬৫,০০০/- |
| ০৩। | মালয়েশিয়া | ১,৬০,০০০/- |
| ০৪। | লিবিয়া | ১,৪৫,৭৮০/- |
| ০৫। | বাহরাইন | ৯৭,৭৮০/- |
| ০৬। | সংযুক্ত আরব আমিরাত | ১,০৭,৭৮০/- |
| ০৭। | কুয়েত | ১,০৬,৭৮০/- |
| ০৮। | সালতানাত অব ওমান | ১,০০,৭৮০/- |
| ০৯। | ইরাক | ১,২৯,৫৪০/- |
| ১০। | কাতার | ১,০০,৭৮০/- |
| ১১। | জর্ডান | ১,০২,৭৮০/- |
| ১২। | মিশর | ১,২০,৭৮০/- |
| ১৩। | রাশিয়া | ১,৬৬,৬৪০/- |
| ১৪। | মালদ্বীপ | ১,১৫,৭৮০/- |
| ১৫। | ব্রুনাই দারুস সালাম | ১,২০,৭৮০/- |
| ১৬। | লেবানন | ১,১৭,৭৮০/- |

সৌদি আরব এবং জর্ডানসহ বিশ্বের বিভিন্ন দেশে সম্পূর্ণ বিনা খরচে মহিলা কর্মী প্রেরণ করা হচ্ছে। যৌক্তিক অভিবাসন ব্যয়ে কর্মী প্রেরণের লক্ষ্যে প্রধান শ্রম বাজারসমূহ তথা সৌদিআরব, ওমান, কাতার, বাহরাইন, লেবানন, মালয়েশিয়া, সংযুক্ত আরব আমিরাত, হংকং, দক্ষিণ কোরিয়া, জর্ডান প্রভৃতি দেশের সাথে কর্মী প্রেরণের বিষয়ে বাংলাদেশ চুক্তি/সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন সরকারী রিক্রুটিং এজেন্সী বোয়েসেল কর্তৃক দেশ ভিত্তিক অভিবাসন খরচ নিম্নরূপঃ

| দেশের নাম | অভিবাসন ব্যয় | আনুমানিক সম্ভাব্য আয় |
|---|---|---|
| জর্ডান | অভিবাসন ব্যয় কোম্পানি বহণ করে। | =২০,০০০-২৫,০০০/- (ওভার টাইমসহ) |
| জাপান | জাপানে শূন্য অভিবাসন ব্যয়ে কর্মী গমন করছে। | ১,০০,০০০-১,৫০,০০০/- |
| দক্ষিণ কোরিয়া | দক্ষিণ কোরিয়ায় কর্মীদের বোয়েসেল-এর সার্ভিস চার্য =৩৩,৫২৪/- সহ বিমান ভাড়া ও আনুসঙ্গিক ফি বাবদ মোট অভিবাসী ব্যয় হয় = ১,১৩,০০০/- টাকা | ১,৫০,০০০-২,০০,০০০/- |
| সিশেলস | সিশেলস-এ কর্মী প্রেরণে অভিবাসন ব্যয় হয় =২৬,৮০০/- টাকা | ৩০,০০০-৫০,০০০/- |
| মরিশাস | মরিশাস-এ কর্মী প্রেরণে অভিবাসন ব্যয় হয় =৩৮,৯৪০/- টাকা | ২৫,০০০-৩৫,০০০/- (ওভারটাইমসহ) |
| কুয়েত ও | বিএসসি সনদধারী নার্সদের ক্ষেত্রে বোয়েসেলের সার্ভিস চার্য =৮৭,২৪০/- টাকা | বিএসসি=৯০,৮৮০/- |
| কাতারে (নার্স) | ডিপ্লোমা সনদধারী নার্সদের ক্ষেত্রে =৫২,৭৪০/- টাকা | ডিপোমা= ৭৯,৫২০/- |

### অভিবাসন ব্যয় কমানোর জন্য কার্যকর পদক্ষেপঃ

- বোয়েসেল হতে বিদেশে বাংলাদেশ দূতাবাসের সাথে যোগাযোগ করেও অভিবাসন ব্যয় কমানোর জন্য চেষ্টা অব্যাহত রেয়েছে।
- বোয়েসেল এথিকেল মাইগ্রেশন করে। সে কারণে অভিবাসন ব্যয় যাতে কম হয় সেদিকে বোয়েসেল সর্বোচ্চ নজরদারি করে।
- অভিবাসন ব্যয় কমানোর জন্য জর্ডানের গার্মেন্টস-এ বায়রার পক্ষ হতে নির্দেশনার প্রেক্ষিতে শূন্য অভিবাসন ব্যয়ে কর্মী নিয়োগ প্রদান করা হচ্ছে।
- বোয়েসেলে ১০০ জন বীর মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য, এতিম. দুঃস্থ এবং অনগ্রসর জাতিগোষ্ঠীদের বিনা অভিবাসন ব্যয়ে বিদেশ প্রেরণ করা হয়েছে।

**নির্দেশনাঃ - ৮ -**

প্রবাসী কর্মীগণ যাতে প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে কম খরচে দেশে অর্থ প্রেরণ করতে পারে এবং তাদের প্রেরিত অর্থ প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে লেনদেন করতে পারে সে জন্য সীমিত পরিসরে বাণিজ্যিক কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদানের জন্য অর্থ মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংকের সঙ্গে আলোচনাক্রমে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

**বাস্তবায়ন অগ্রগতিঃ**

প্রবাসী কল্যাণ ব্যাংকের সেবার পরিসর বৃদ্ধিকল্পে ০৮ (আট) টি বিভাগীয় শহরসহ প্রবাসী অধ্যুষিত জেলা ও উপজেলা পর্যায়ে ইতোমধ্যে মোট ১০০ (একশত) টি শাখা খোলা হয়েছে। ২০২২-২৩ অর্থবছরে ব্যাংকের আরোও ২০ (বিশ) টি শাখা খোলা হবে।

স্পটক্যাশ পদ্ধতিতে রেমিটেন্স বিতরণের লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের সাথে গত ২১.০৫.২০১৯ তারিখে এবং এনসিসি ব্যাংকের সাথে গত ১৬.০৮.২০২১ তারিখে সাব এজেন্ট হিসাবে Sub-Representative Agreement for Monthly Transfer Service between PKB & NCCBL নামে দ্বি-পাক্ষিক চুক্তি স্বাক্ষর হয়েছে। বর্তমানে ১৮ (আঠারো) টি এক্সচেঞ্জ হাউজের মাধ্যমে পৃথিবীর যে কোন দেশ হতে প্রেরিত রেমিটেন্স ২.৫% প্রণোদনাসহ ব্যাংকের সকল শাখার মাধ্যমে স্পটক্যাশ রেমিটেন্স বিতরণ করা হচ্ছে।

অত্র ব্যাংকের সিবিএস সফটওয়্যার বাস্তবায়নের কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে যা সম্পন্ন হলে ব্যাংকের গ্রাহকের সেভিংস একাউন্টে সরাসরি রেমিটেন্স প্রেরণের পাশাপাশি BEFTN এর সাহায্যে অন্যান্য তফসিলি ব্যাংকের মাধ্যমে রেমিটেন্স রিসিভ করার ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হবে।

**নির্দেশনা:**
**- ৯ -**

প্রবাসী কর্মীদের সন্তানদের লেখাপড়ায় উৎসাহ প্রদানের জন্য বিদ্যমান শিক্ষাবৃত্তি কার্যক্রম বাড়াতে হবে। যে সকল দেশে অধিক সংখ্যক বাংলাদেশি কর্মী কাজ করে সে সব দেশে চাহিদার নিরিখে বাংলাদেশের পাঠক্রম অনুযায়ী শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য স্কুল প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করতে হবে।

**বাস্তবায়ন অগ্রগতি:**

ক) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে ২০১২ সাল থেকে জুন/২২ পর্যন্ত ২০,৮৩৫ জন প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদেরকে শিক্ষাবৃত্তি হিসেবে মোট ৩৩,২৬,৫৯,৫০০/- টাকা বিতরণ করা হয়েছে।

খ) মন্ত্রণালয়ের আওতাধীন ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের তহবিল হতে গত ৪ আগষ্ট ২০২২ তারিখে মাননীয় মন্ত্রী এবং সম্মানিত মন্ত্রিপরিষদ সবিচ মহোদয়ের উপস্থিতিতে ঢাকা বিভাগের ১৫৯ জন (এসএসসি ক্যাটাগরিতে ১০৬জন এবং এইচএসসি ক্যাটাগরিতে ৫৩জন)-কে সর্বমোট ৪৭,১৭,০০০/- টাকা শিক্ষাবৃত্তির চেক হস্তান্তর করা হয়। শীঘ্রিই অন্যান্য বিভাগেও চেক হস্তান্তর করা হবে।

গ) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার প্রেক্ষিতে এবং মুজিববর্ষের কর্মসূচির অংশ হিসেবে বিদেশে বাংলাদেশের পাঠক্রম অনুযায়ী শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য স্কুল প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ কাজ ত্বরান্বিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

## বিদেশে বাংলাদেশি স্কুল প্রতিষ্ঠা সংক্রান্ত হালনাগাদ তথ্য

**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সেনটেনিয়াল স্কুল, রাস আল খাইমাহ, সংযুক্ত আরব আমিরাতঃ**

রাস আল খাইমাস্থ "বাংলাদেশ ইংলিশ প্রাইভেট স্কুল" এর নির্মিতব্য ভবন Bangabandhu Sheikh Mujibur Rahman এর নামে নামকরণের লক্ষ্যে দূতাবাসের ২০ (বিশ) কোটি টাকার চাহিদার প্রেক্ষিতে স্কুলটির নামকরণসহ আন্তর্জাতিকমানের নির্মাণকল্পে দুবাইস্থ শ্রম উইংয়ের অনুকূলে ২০২১-২২ অর্থবছরে ১.০০ (এক) কোটি টাকা বরাদ্দ দেয়া হয়। সম্প্রতি ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের পরিচালক (অর্থ ও কল্যাণ) মহোদয়সহ একটি টিম ১৯ মার্চ ২০২২ তারিখ স্কুলটি পরিদর্শন করেন। তাঁরা দেখেন যে স্কুলের জন্য জমি ক্রয় করা হয়েছে, স্কুল প্রতিষ্ঠার জন্য সে দেশের নিয়মানুযায়ী বিভিন্ন মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থার অনুমোদনের কার্যক্রম চলমান রয়েছে।

**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সেন্টেনিয়াল স্কুল, এথেন্স, গ্রীসঃ**

গ্রীসের এথেন্সে প্রস্তাবিত "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সেন্টেনিয়াল স্কুল" প্রতিষ্ঠার লক্ষ্যে ২৯৩তম বোর্ড সভায় বরাদ্দকৃত ২৬,২৪,৬৭,৫৫৮.৪৪ (ছাব্বিশ কোটি চব্বিশ লক্ষ সাতষট্টি হাজার পাঁচশত আটান্ন দশমিক চুয়ালিশ) টাকার মধ্যে ৩০৪তম বোর্ড সভার অনুমোদনক্রমে স্কুলের অনুকূলে ২০ সেপ্টেম্বর ২০২১ তারিখে ১.০০ (এক) কোটি টাকা রেমিট করা হয়। সম্প্রতি দূতাবাস হতে মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের মাধ্যমে জানা যায়, প্রবাসী বাংলাদেশিদের জন্য সুবিধাজনক একটি জায়গায় স্কুল প্রতিষ্ঠার জন্য জমি/ভবন ক্রয় করার খোঁজ করা হচ্ছে। এ বিষয়ে বাংলাদেশ কমিউনিটির সার্বিক সহযোগিতা পাওয়া যাবে মর্মে দূতাবাস চিঠিতে উল্লেখ করেছেন।

**বাংলাদেশ ইন্টারন্যাশনাল বাংলা স্কুল এন্ড কলেজ, রিয়াদ, সৌদিআরবঃ**

সৌদি আরবের রিয়াদস্থ বাংলাদেশ ইন্টারন্যাশনাল বাংলা স্কুল এন্ড কলেজের নাম "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সেন্টিনিয়াল স্কুল" নামকরণের শর্তে ২৯৩তম বোর্ড সভায় ১৭.৯২ কোটি টাকা বরাদ্দের নীতিগত অনুমোদন হয়। দূতাবাস কর্তৃক নির্বাচিত জমির বিষয়টি ৩০৬তম সভায় উপস্থাপিত হয়।

২৯ জুন ২০২২ তারিখে দূতাবাস হতে মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের মাধ্যমে জানানো হয় স্কুলের জমির পরিমাণ ৬১৬০ বর্গমিটার, জমির সম্ভাব্য মূল্য ৮.০০ (আট) কোটি টাকা, ভবনের সম্ভাব্য মূল্য ৪২.০০ (বিয়ালিশ) কোটি টাকা এবং ভবনের মূল্য স্কুল কর্তৃক প্রদত্ত সম্ভাব্য ব্যয়ের আলোকে প্রস্তুত করা হয়েছে। স্কুলের জমি ক্রয়ের বিষয়টি চূড়ান্ত হলে অনুমোদিত কনস্ট্রাকশন ফার্ম কর্তৃক স্কুলের ভবনসহ আনুষাঙ্গিক নকশা ও সম্ভাব্য ব্যয় নিরূপন করা সম্ভব হবে।

**বাংলাদেশ ইন্টারন্যাশনাল বাংলা স্কুল (ইংরেজি কারিকুলাম) দাম্মাম সৌদিআরবঃ**

দাম্মামে স্কুল প্রতিষ্ঠার লক্ষ্যে জমি ক্রয়সহ ভবন নির্মাণের জন্য ৬৩ (তেষট্টি লক্ষ) সৌদি রিয়াল (সমপরিমাণ আনুমানিক ১৩.৮৬ কোটি টাকা) ২৭৭ তম বোর্ড সভায় অনুমোদন প্রদানের বিষয়টি দূতাবাসকে জানানো হয়। দূতাবাস কর্তৃক নির্বাচিত জমির বিষয়টি বোর্ড সভায় উপস্থাপিত হয়। ২৯ জুন ২০২২ তারিখে দূতাবাস হতে মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের মাধ্যমে জানা যায় যে, স্কুলের জমির পরিমাণ ৮৫৮৯.৪০ বর্গমিটার, জমির সম্ভাব্য মূল্য ১৪.০০ (চৌদ্দ) কোটি টাকা, ভবনের সম্ভাব্য মূল্য ৩৬.০০ (ছত্রিশ) কোটি টাকা এবং ভবনের মূল্য স্কুল কর্তৃক প্রদত্ত সম্ভাব্য ব্যয়ের আলোকে প্রস্তুত করা হয়েছে। স্কুলের জমি ক্রয়ের বিষয়টি চূড়ান্ত হলে অনুমোদিত কনস্ট্রাকশন ফার্ম কর্তৃক স্কুলের ভবনসহ আনুষাঙ্গিক নকশা ও সম্ভাব্য ব্যয় নিরূপন করা সম্ভব হবে।

**বাংলা স্কুল, বাহরাইনঃ**

"বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সেন্টেনিয়াল স্কুল" নামকরণের শর্তে ২৯৩তম বোর্ডসভার সিদ্ধান্তের আলোকে উক্ত স্কুলের জন্য ৫৫.০০ (পঞ্চান্ন) লক্ষ টাকা কল্যাণ বোর্ড হতে রেমিট করা হয়। দূতাবাসের অনুরোধে গত ১৬ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত ৩১১তম বোর্ড সভায় স্কুলের ভবন Traffice Impact Assessment (TIA) এর কাজ সম্পন্ন করার নিমিত্তে ৩৯,৫০,০০০/- (উনচলিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ১১ মে ২০২২ তারিখে দূতাবাসের ব্যাংক হিসেবে রেমিট করা হয়। বর্তমানে স্কুল ভবনের নকশা চূড়ান্ত হয়েছে, Traffice Impact Assessment সম্পন্ন হয়েছে। নামকরণের বিষয়টি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। ভবন নির্মাণের জন্য সর্বনিম্ন দরদাতা নির্বাচনের বিষয়টি চূড়ান্ত খসড়া রয়েছে।

সৌদি আরবে বাংলা স্কুল সমূহে ২০১৫-১৬ অর্থ বছরে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে স্কুলের জমি ক্রয়ের জন্য ১০.০০ (দশ) কোটি টাকা রেমিট করা হয়। রেমিটকৃত অর্থ জমি ক্রয়ের পরিবর্তে ০৩টি স্কুলের অনুকূলে ৫.৭৭ কোটি টাকা (বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল, বাংলা কারিকুলাম, রিয়াদ ০৩ কোটি টাকা, বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল, বাংলা কারিকুলাম বুরাইদা ৭৭ লক্ষ টাকা এবং বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল ইংরেজি কারিকুলাম, জেদ্দা- ০২ কোটি টাকা) বিতরণ করা হয়। অবশিষ্ট অর্থ অব্যয়িত অবস্থায় দূতাবাসের ফান্ডে রয়েছে।

**বাংলা স্কুল, বাহরাইনঃ**

"বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সেন্টেনিয়াল স্কুল" নামকরণের শর্তে ২৯৩তম বোর্ডসভার সিদ্ধান্তের আলোকে উক্ত স্কুলের জন্য ৫৫.০০ (পঞ্চান্ন) লক্ষ টাকা কল্যাণ বোর্ড হতে রেমিট করা হয়। দূতাবাসের অনুরোধে গত ১৬ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত ৩১১তম বোর্ড সভায় স্কুলের ভবন Traffice Impact Assessment (TIA) এর কাজ সম্পন্ন করার নিমিত্তে ৩৯,৫০,০০০/- (উনচলিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ১১ মে ২০২২ তারিখে দূতাবাসের ব্যাংক হিসেবে রেমিট করা হয়। বর্তমানে স্কুল ভবনের নকশা চূড়ান্ত হয়েছে, ঞৎধভভরপব ওসঢ়ধপঃ অংংবংংসবহঃ সম্পন্ন হয়েছে। নামকরণের বিষয়টি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। ভবন নির্মাণের জন্য সর্বনিম্ন দরদাতা নির্বাচনের বিষয়টি চূড়ান্ত খসড়া রয়েছে।

সৌদি আরবে বাংলা স্কুল সমূহে ২০১৫-১৬ অর্থ বছরে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে স্কুলের জমি ক্রয়ের জন্য ১০.০০ (দশ) কোটি টাকা রেমিট করা হয়। রেমিটকৃত অর্থ জমি ক্রয়ের পরিবর্তে ০৩টি স্কুলের অনুকূলে ৫.৭৭ কোটি টাকা (বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল, বাংলা কারিকুলাম, রিয়াদ ০৩ কোটি টাকা, বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল, বাংলা কারিকুলাম বুরাইদা ৭৭ লক্ষ টাকা এবং বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল ইংরেজি কারিকুলাম, জেদ্দা- ০২ কোটি টাকা) বিতরণ করা হয়। অবশিষ্ট অর্থ অব্যয়িত অবস্থায় দূতাবাসের ফান্ডে রয়েছে।

**নির্দেশনা: - ১০ -**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে নবসৃষ্ট ১২টি শ্রম উইং-এর মধ্যে যে ০৯টি শ্রম উইং-এ (ব্রুনাই, মিলান-ইটালি, গ্রীস, স্পেন, পি.আর. জেনেভা, রাশিয়া, দক্ষিণ আফ্রিকা, থাইল্যান্ড এবং অস্ট্রেলিয়া) পদায়নকৃত কর্মকর্তাগণ এখনও সংশিষ্ট মিশনে যোগদান করতে পারেন নি পররাষ্ট্র মন্ত্রণালয় আগামী ০৭ (সাত) দিনের মধ্যে তাদের অনুকূলে কূটনৈতিক পাসপোর্ট প্রদানসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

## ৯.৫। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি:

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) মূলত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসেবে মন্ত্রিপরিষদ সচিব এবং সংশিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিবের মধ্যে স্বাক্ষরিত একটি সমঝোতা দলিল। ২০২১-২২ অর্থ বছরে মন্ত্রিপরিষদ সচিব এর সাথে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব এর মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষরিত হয়েছে। সরকারি কর্মকান্ডে স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির আওতায় এ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রবর্তন করা হয়েছে। এ চুক্তিতে সংশিষ্ট মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ, এ সকল কৌশলগত উদ্দেশ্য অর্জনের জন্য গৃহীত কার্যক্রমসমূহ এবং এ সকল কার্যক্রমের ফলাফল পরিমাপের জন্য কর্মসম্পাদন সূচক ও লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। মন্ত্রণালয়ের সাথে আওতাধীন দপ্তর/সংস্থা বিএমইটি, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, বোয়েসেল এর পৃথক পৃথকভাবে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে।




প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসংস্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ইমরান আহমদ, এমপি, মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

## ৯.৬। জাতীয় শুদ্ধাচার কৌশল

রূপকল্প: সুখী সমৃদ্ধ সোনার বাংলা এবং অভিলক্ষ্য: রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠার উদ্দেশ্য বাস্তবায়নের জাতীয় কৌশল হচ্ছে জাতীয় শুদ্ধাচার কর্ম পরিকল্পনা। এটি সুশাসন প্রতিষ্ঠায় জাতীয় একটি কৌশল-দলিল, যেখানে প্রাতিষ্ঠানিক আইনকানুন ও বিধি-বিধানের সুষ্ঠু প্রয়োগ, পদ্ধতিগত সংস্কার ও উন্নয়ন, সক্ষমতা বৃদ্ধি এবং প্রতিষ্ঠান সংশিষ্ট সকলের চরিত্রনিষ্ঠা প্রতিষ্ঠার লক্ষ্যে বিভিন্ন ধরনের উদ্ভাবনী ও সাধারণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার আওতায় ২০২১-২২ অর্থ বছরে এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব ফররুখ আহম্মদ, উপসচিব জনাব মোঃ আমিনুর রহমান, প্রশাসনিক কর্মকর্তা জনাব শামছুন নাহার এবং অফিস সহায়ক জনাব চন্দন চন্দ্র সরকারকে সনদ এবং আর্থিক পুরস্কার প্রদান করা হয়। এছাড়া সেরা দপ্তর/সংস্থা হিসেবে এ মন্ত্রনালয়ের আওতাধীন বাংলাদেশ ওভারসিজ এমপয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল) এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ বিলাল হোসেন সনদ ও আর্থিক পুরস্কারে ভূষিত করা হয়েছে।

## ৯.৭। ইনোভেশন

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় নতুন নতুন উদ্ভাবনী ধারণার বাস্তবায়নের মাধ্যমে জনগনের দোরগোড়ায় সেবা পৌঁছে দিতে সদাসচেষ্ট। ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় মন্ত্রণালয় থেকে উদ্ভাবনী ধারণা বা কনসেপ্ট আহ্বান করা হলে সকলেই এ ক্ষেত্রে সক্রিয়ভাবে এগিয়ে আসে। একটি কর্মশালার মাধ্যমে ধারণাগুলি বিশেষেণ করে কার্যকারিতা ও সময়োপযোগীতা বিবেচনায় নিয়ে কনসেপ্টগুলি চূড়ান্ত করা হয়।

- ❖ কোভিড-১৯ মহামারী পরিস্থিতিতে বিদেশগামী কর্মীদের ভ্যাকসিন পাওয়ার সুবিধার্থে সুরক্ষা এ্যাপ এর মাধ্যমে ৯১,০০৭ জন রেজিস্ট্রেশন কার্যক্রম চালুকরণ।
- ❖ আইআইসিটি, বুয়েট এর মাধ্যমে বিদেশ গমনেচ্ছু ও বিদেশগামী কর্মীদের জন্য ডেভেলপকৃত সমন্বিত আপগ্রেড ডাটাবেজ সফটওয়্যার ডেভেলপ করা হয়েছে।
- ❖ বিদেশ প্রত্যাগত কর্মীগণের ডাটাবেজ প্রণয়নের লক্ষ্যে আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (আইওএম) এর সহায়তায় Return Migrant Management Information System (ReMiMIS) সফটওয়্যারটি ডেভেলপ করা হয়।
- ❖ বিএমইটি'রজন্য ILO এর সহায়তায় Systech Digital Limited কর্তৃক ডেভেলপকৃত Recruiting Agencies Information Management System (RAIMS) ডেভেলপ করা হয়েছে। যা বিএমইটি'র সার্ভারে ইনস্টল ও হোস্টিং করা হয়েছে। উক্ত সফটওয়্যার ব্যবহারের জন্য www.raims.bmet.gov.bd এ নামে URL একটি ডোমেইন নাম নির্বাচন করা হয়েছে।
- ❖ ILO এর সহায়তায় D-net নামক প্রতিষ্ঠান কর্তৃক ডেভেলপকৃত Z Online Complaint Management Software ডেভেলপ করা হয়েছে। এ ছাড়া লিডস কর্পোরেশন কর্তৃক ডেভেলপকৃত ট্রেনিং মডিউল ব্যবহার করে অনলাইন ট্রেনিং সার্টিফিকেট চালুকরণ শুরু করা হয়েছে।

অধ্যায়
১০

# শ্রম কল্যাণ উইং

শ্রম কল্যাণ উইংসমূহে ৪৩ জন কূটনৈতিক মর্যাদার কর্মকর্তা এবং ১৪৫ জন সহায়ক কর্মকর্তা ও স্টাফ নিয়োজিত রয়েছে। বিদেশস্থ শ্রম কল্যাণ উইং এর মাধ্যমে নারী কর্মীসহ অভিবাসী কর্মীদের যাবতীয় সমস্যা ও অভিযোগ নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করা হয়েছে । এ মন্ত্রণালয়ের ২৯টি শ্রম কল্যাণ উইংয়ের মাধ্যমে জুলাই/২০২১ হতে জুন/২০২২ পর্যন্ত মোট ৪২৯১২ টি অভিযোগ পাওয়া যায়। তন্মধ্যে ৪২৭৬৮ টি আইনি সহায়তা প্রদান করা হয়।

শ্রম উইংসমূহের মাধ্যমে সহায়তা প্রত্যাশী প্রবাসী কর্মীদের আইনি সহায়তা প্রদান করা হয়ে থাকে। ২০২১-২২ অর্থ বছরে মোট ২২১০৬ টি আইনি সহায়তার আবেদন পাওয়া যায়। তন্মধ্যে ২১৯৯৯ টি আইনি সহায়তা প্রদান করা হয়।

প্রবাসী কর্মীদের সহায়তা প্রদানের বিষয়ে অংশীজনের সভা এবং বিদেশে রিক্রুটিং এজেন্ট/নিয়োগকারীদের সাথে সভা বিভিন্ন সভা আয়োজন করা হয়। ২০২১-২২ অর্থবছরে এরূপ ১৫৫৩ টি সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভায় প্রবাসী কর্মীর স্বার্থ সংশিষ্ট নানা বিষয়/সমস্যা নিয়ে আলোচনা করা হয়েছ এবং সমস্যা সমাধানের বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন ২৯টি শ্রম কল্যাণ উইং নিয়মিত শ্রম আবাসন, ক্যাম্প, কোর্ট, জেলখানা, হাসপাতাল, অভিবাসী আশ্রয়স্থল পরিদর্শন করে থাকেন। ২০২১-২২ অর্থবছরে ৪৩৫৯ টি শ্রম আবাসন, ক্যাম্প, কোর্ট, জেলখানা, হাসপাতাল, অভিবাসী আশ্রয়স্থল পরিদর্শন করা হয়েছে।

তাছাড়া, বিদেশে অবস্থানরত প্রবাসী কর্মীদের সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন প্রকার প্রচার কার্যক্রম/সভা, ইলেকট্রনিক্স ও প্রিন্ট মিডিয়ার প্রচার করা হয়ে থাকে। ২০২১-২২ অর্থ বছরে ২২৬ টি প্রচার কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। কয়েকটি শ্রম কল্যাণ ইউংয়ের প্রচার কার্যক্রম নিম্নে উল্লেখ করা হলো।

| ক্রমিক নং | দেশের নাম | কাজের বিবরণ |
|---|---|---|
| ০১ | রোম | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সদস্যপদ নিবন্ধনের জন্য লিফলেট প্রকাশ করা হয়েছে। পূর্বের ধারাবাহিকতায় লিফলেটটি দূতাবাসের ওয়েবসাইট, ফেসবুকে প্রকাশ করা ছাড়াও বিভিন্ন কমিউনিটি সভায় বিতরণ করা হয়েছে। |
| | | ফ্লুসি ডিক্রির আওতায় বৈধভাবে ইতালিতে কর্মী হিসেবে আসার প্রক্রিয়া এবং এতদসংক্রান্ত ব্যয় বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য প্রতারিত হওয়া থেকে সাবধান হওয়ার জন্য একটি লিফলেট প্রকাশ করা হয়েছে। পূর্বের ধারাবাহিকতায় লিফলেটটি দূতাবাসের ওয়েবসাইট, ফেসবুক প্রকাশ করা ছাড়াও বিভিন্ন কমিউনিটি সভায় বিতরণ করা হচ্ছে। |
| ০২ | ইরাক | ইরাকস্থ প্রবাসী কর্মীদের সেবা ও কল্যাণ নিশ্চিতকল্পে গত এপ্রিল-জুন ২০২২ মাসে দূতাবাসের দাপ্তরিক ফেসবুক পাতায় প্রচার কার্যক্রমের অংশ হিসেবে ০১ টি বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে। |
| ০৩ | ওমান | ওমানে দীর্ঘদিন ধরে বসবাসরত ও কর্মরত সম্মানিত বাংলাদেশি কর্মীদের ভবিষ্যতে বাংলাদেশ সরকার কর্তৃক প্রবাসীদের জন্য ঘোষিত ও প্রদত্ত যে কোন ধরনের সুযোগ সুবিধা প্রাপ্তির লক্ষ্যে যারা এতদিন নানাবিধ কারণে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশীপ কার্ড গ্রহণ করতে পারেননি অথবা বয়সসীমা ৫৯ নির্ধারিত থাকায় যারা মেম্বারশীপ কার্ড গ্রহণ করতে পারেননি তাদের সুবিধার্থে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর মেম্বারশীপ কার্ড গ্রহণের বিষয়ে প্রবাসী বাংলাদেশীদের অবগতির জন্য এবং তাদের মধ্যে ব্যাপকভাবে প্রচারের জন্য সদস্যপদ গ্রহণের সুবিধাদি ও ফরমপূরণের নির্দেশিকা বিভিন্ন ইলেকট্রনিক্স ও সোশ্যাল মিডিয়ায় প্রচার করা হয়েছে |
| ০৪ | গ্রীস | বাংলাদেশ দূতাবাস এথেন্স, গ্রীস হতে গ্রীসস্থ বাংলাদেশি কর্মীদের সেবা প্রদানের লক্ষ্যে নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে: |
| | | ক) গ্রীসের নিয়া মানোলাদায় গত ১৩-১৪ মে ২০২২২ তারিখে ভ্রাম্যমান কন্স্যুলার সেবা প্রদানের লক্ষ্যে লিফলেট বিতরণ/প্রচারণা করা হয়;<br>খ) গত ২০-২১ মে ২০২২ তারিখে মাল্টায় ভ্রাম্যমান কন্স্যুলার সেবা প্রদানের লক্ষ্যে লিফলেট বিতরণ/প্রচারণা করা হয়;<br>গ) গত ০৪-০৫ মে ২০২২ তারিখে গ্রীসের সান্তোরিনিতি ভ্রাম্যমান কন্স্যুলার সেবা প্রদানের লক্ষ্যে লিফলেট বিতরণ/প্রচারণা করা হয়; |
| ০৫ | লিবিয়া | গত ১১-১২ এপ্রিল ২০২২ তারিখে স্বেচ্ছায় দেশে গমনের জন্য দূতাবাসে আবেদনকৃত প্রবাসী নাগরিকগণের দূতাবাস প্রাঙ্গনে আইওএম এর সাথে আবেদনকারীদের রেজিস্ট্রেশন সাক্ষাৎকার এবং মেডিকেল পরীক্ষা সম্পন্ন হবে মর্মে দূতাবাসের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। |

এছাড়াও, ২০১৮ সালের নির্বাচনী ইশতেহারে মাননীয় প্রধানমন্ত্রীর ভাষ্য অনুযায়ী প্রবাসী কর্মীদের কল্যাণে বিদেশস্থ শ্রম কল্যাণ উইংসমূহ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। নিয়মিত প্রবাসী কর্মীদের খোঁজ খবর নেয়া, বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান, অসুস্থ কর্মীকে সেবা প্রদান, মৃতকর্মীকে দেশে প্রেরণ, আর্থিক সহযোগিতা প্রদান, প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা বৃত্তি প্রদান, বিপদগ্রস্ত কর্মীকে উদ্ধার করে ডিপোর্টেশন সেন্টারে নিয়ে আসা ও সার্বিক সহযোগিতা করা হয়ে থাকে।




প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমদ এমপি ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া ও সফর সঙ্গীদের জর্ডান সফরকালে বাংলাদেশ দূতাবাস পরিদর্শনের স্থিরচিত্র

অধ্যায়
১১

# আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২১

১। বর্তমানে বিশ্বের ১৭৬টি দেশে প্রায় ১ কোটি ২০ লক্ষ অভিবাসী কর্মী নিরলস পরিশ্রম করছে এবং ২১.০৩ বিলিয়ন রেমিটেন্স প্রেরণ করছে। 'শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা, অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা' এই প্রতিপাদ্য নিয়ে আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২১ অনুষ্ঠান বিশ্বব্যাপী একযোগে উদ্‌যাপিত হয়।

২। উপর্যুক্ত প্রেক্ষাপটে প্রতিবছর ১৮ ডিসেম্বর আন্তর্জাতিক অভিবাসী দিবস পালিত হয়। বাংলাদেশেও প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় যথাযথ গুরুত্ব সহকারে এই দিনটি উদযাপন করে আসছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ড. এ. কে আব্দুল মোমেন, এমপি। এছাড়া স্থানীয় জেলা/ উপজেলা প্রশাসন ও মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের উদ্যোগে জেলা ও উপজেলা পর্যায়েও দিনটি উদ্‌যাপন করা হয়। এসব উদ্‌যাপনের মাধ্যমে অভিবাসন বিষয়ে দেশব্যাপী ব্যাপক সচেতনতা সৃষ্টি হয় এবং প্রবাসী কর্মীদের মূল্যবান অবদানের স্বীকৃতি প্রদান করা হয়। অভিবাসী কর্মী ও তার পরিবারের সদস্যদের জন্য একমাত্র উৎসবমুখর দিবস হওয়াতে এবং আন্তর্জাতিক পর্যায়ে নিয়োগকারী দেশসমূহের সাথে নিবিড় যোগাযোগ স্থাপনের লক্ষ্যে প্রতিবছর ১৮ ডিসেম্বর-কে 'আন্তর্জাতিক অভিবাসী দিবস' হিসেবে যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের জন্য দিবসটিকে পরিপত্রে 'খ' শ্রেণিতে তালিকাভুক্তি করা হয়েছে।

৩। ১৮ ডিসেম্বর ২০২১ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত আন্তর্জাতিক অভিবাসী দিবস, ২০২১ উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ড. এ. কে আব্দুল মোমেন ভাষণ প্রদান করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমদ, এমপি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ, এমপি এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সম্মানিত সচিব ড. আহমেদ মুনিরুছ সালেহীন। আন্তর্জাতিক অভিবাসী দিবস, ২০২১ এর প্রতিপাদ্য ছিল :

> "শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
> অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা"




আন্তর্জাতিক অভিবাসী দিবস, ২০২১




আন্তর্জাতিক অভিবাসী দিবস উদযাপন উপলক্ষ্যে ডিবেট ফর ডেমোক্রেসি আয়োজিত বিতর্ক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ। উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মন্ত্রণালয়ের সচিব ড. আহমেদ মুনিরুছ সালেহীন।

অধ্যায়
১২

# প্রবাসী কল্যাণমূলক কার্যক্রম

বিশ্বের বিভিন্ন দেশে কর্মরত প্রবাসী বাংলাদেশি কর্মী ও তাঁদের পরিবারের সার্বিক কল্যাণ সাধনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মাধ্যমে প্রবাসী কর্মীদের বিভিন্ন কল্যাণমূলক সেবা প্রদান করা হয়ে। ২০২১-২২ অর্থবছরে প্রবাসী কর্মীদের প্রদত্ত সেবাসমূহের বিবরণ নিম্নরূপ:

| ক্রম: | সেবাসমূহের নাম | জুলাই ২০২১ থেকে জুন ২২ | |
|---|---|---|---|
| | | মোট সংখ্যা | মোট টাকা (কোটি) বিতরণ |
| ১ | প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান | ৫০৭৯ জন | ৯,০২,৯৫,০০০/- |
| ২ | মৃতদেহ পরিবহন ও দাফন বাবদ আর্থিক সাহায্য | ৩৭৮৬ জন | ১৩,২৫,১০,০০০/- |
| ৩ | মৃত কর্মীর প্রতি পরিবারকে ৩ লক্ষ টাকা করে আর্থিক অনুদান | ৬০৫৬ জন | ১৮০,১০,৪১,২২৫/- |
| ৪ | প্রবাসে মৃত কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ ও বকেয়া অর্থ বিতরণ | ১০৬১ জন | ৬৮,৪২,৬৪,৩৭৬/- |
| ৫ | অসুস্থ্য কর্মীর চিকিৎসার্থে আর্থিক সহায়তা | ২৮৫ জন | ২,২২,৪০,০০০/- |
| ৬ | বিদেশগামী কর্মীদের বীমার আওতায় আনয়ন | ৯৭২৭৩৭ জন | ৪৭,৬৬,৪১,১৩০/- |
| ৭ | প্রবাসী কর্মীদের বীমা দাবীর অর্থ প্রদান | ১৬৯ জন | ৫,৫৮,০০,০০০/- |
| ৮ | বিমানবন্দরে বিদেশ ফেরত নারী কর্মীদের বিশেষ সহায়তা | ৫৯৭৪ জন | ২,৯৭,০০,০০০/- |
| ৯ | সৌদিআরবগামী প্রবাসী কর্মীদের কোয়ারেন্টাইন খরচ বাবদ জনপ্রতি ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার আর্থিক সহায়তা প্রদানঃ | ২৩২৫৫ জন | ৫৮,১৩,৭৫,০০০/- |
| ১০ | প্রবাসী কর্মীদের RT-PCR টেস্ট ফি প্রদান | ৯১৬২৮ জন | ১৪,৬৬,০৪,৮০০/- |
| ১১ | প্রবাসী কর্মীর অটিস্টিক/ প্রতিবন্ধি সন্তানদের মাসিক ভাতা প্রদান | ২৯১ জন | ৩৪,৯২,০০০/- |

| ক্রম | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক গৃহীত সেবামূলক কার্যক্রম |
|---|---|
| ১. | বিদেশগামী ও প্রত্যাগত কর্মীদের কল্যাণে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নিকটবর্তী এলাকায় "বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টার" স্থাপন ও পরিচালনা |
| ২. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অর্থায়নে ও সার্বিক ব্যবস্থাপনায় ১৫টি জেলায় বিদেশ ফেরত অভিবাসী কর্মীর রিইন্টিগ্রেশন (পুনর্বাসন) কর্মসূচি গ্রহণ |
| ৩. | বিদেশে প্রবাসী বাংলাদেশি কর্মীর সন্তানদের জন্য স্কুল স্থাপন |
| ৪. | অনিবন্ধিত ও অনাবাসী প্রবাসী বাংলাদেশিদের বোর্ডের ডাটাবেজে অন্তর্ভুক্তি |
| ৫. | প্রবাসবন্ধু কলসেন্টারের (২৪/৭) মাধ্যমে কর্মী ও তাদের পরিবারের সদস্যদের দোরগোড়ায় সেবা প্রদান |
| ৬. | নিরাপদ বিদেশ গমনকালে বিমানবন্দরস্থ "প্রবাসী কল্যাণ ডেস্ক" এর মাধ্যমে কর্মীদের সার্বক্ষনিক সেবা প্রদান |
| ৭. | প্রবাসে কর্মরত বিপদগ্রস্থ নারী কর্মীদের নিরাপদ আশ্রয় প্রদানের লক্ষ্যে সেইফ হোম পরিচালনা ব্যয় নির্বাহ |
| ৮. | শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির নিমিত্ত বোর্ড কর্তৃক প্রত্যয়নপত্র প্রদান |
| ৯. | প্রবাস ফেরত অসুস্থ্য ও মৃত কর্মী পরিবহনে অ্যাম্বুল্যান্স সেবা প্রদান |
| ১০. | স্থানীয় প্রশাসনের মাধ্যমে আইনী সহায়তা |
| ১১. | প্রবাসে আইনী সহায়তা প্রদান |
| ১২. | প্রবাসে কর্মীদের কল্যাণে শ্রম কল্যাণ উইংয়ের বাজেট বরাদ্দ |
| ১৩. | প্রবাসবন্ধু কল সেন্টার ২৪ ঘন্টা খোলা রাখা হয়। কল সেন্টারের নম্বরসমূহ- ০১৭৮৪৩৩৩৩৩৩, ০১৭৯৪৩৩৩৩৩৩, ০২-৪৮৩১৪৮৮৮। |



নতুন আঙ্গিকে প্রবাস বন্ধু কল সেন্টারের কার্যক্রম উদ্বোধন করেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমদ এমপি। এসময় উপস্থিত ছিলেন ড. আহমেদ মুনিরুছ সালেহীন, সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ফাতিমা নুসরাত গাজ্জালি, ডেপুটি চিপ অব মিশন, আইওএম ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর মহাপরিচালক মোঃ হামিদুর রহমান, জনাব মো: বিলাল হোসেন, ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল এবং অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

অধ্যায় ১৩

# অভিবাসন সহায়তায় প্রবাসী কল্যাণ ব্যাংক

**ক. অভিবাসন ঋণঃ** বিদেশগামী পুরুষ ও নারী কর্মীদের ৯%সরল সুদে মাত্র ৩ দিনের মধ্যে জামানতবিহীন সর্বোচ্চ ৩ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়;

**খ. পুনর্বাসন ঋণঃ** নিষিদ্ধ নয় এবং বাণিজ্যিকভাবে লাভজনক উৎপাদনশীল/বানিজ্যিক/সেবামূলক যে কোন অর্থনৈতিক কর্মকান্ডে প্রত্যাগত পুরুষ ও নারী কর্মীদের যথাক্রমে ৯%এবং ৭% সরল সুদে জামানতবিহীন ৩লক্ষ টাকা এবং জামানতসহ সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়;

**গ. বঙ্গবন্ধু অভিবাসী বৃহৎ পরিবার ঋণঃ** চাকুরির উদ্দেশ্যে বিদেশে কর্মরত বাংলাদেশী কোন নাগরিকের দেশে অবস্থানরত তাঁর উপর নির্ভরশীল পরিবারের উপযুক্ত পুরুষ সদস্যকে ৯% সরল সুদে এবং নারী সদস্যকে ৭% সরল সুদে জামানতবিহীন ৩ লক্ষ টাকা এবংজামানতসহ সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়;

**ঘ. বিশেষ পুনর্বাসন ঋণঃ** কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগস্ত হয়ে দেশে ফেরত এসেছেন সে সকল কর্মী এবং বিদেশে মৃত্যুবরণ করেছেন এমন কর্মীর পরিবারের ১ (এক) জন উপযুক্ত সদস্যকে পুনর্বাসনের লক্ষ্যে ৪% সরল সুদে এককভাবে সর্বোচ্চ ৫ লক্ষ টাকা এবং গ্রুপে ২৫ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয় এক্ষেত্রে ৩ লক্ষ টাকা পর্যন্ত জামানতের প্রয়োজন হয় না;

**ঙ. আত্মকর্মসংস্থানমূলক ঋণঃ** বিদেশ ফেরত প্রবাসী কর্মীদের গ্রামীণ এলাকায় ব্যবসা ও আত্মকর্মসংস্থানমূলক কাজে যুক্ত হওয়ার জন্য ৪% সরল সুদে জামানতবিহীন ৩ লক্ষ টাকা এবং সর্বোচ্চ ৫ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়;

### চ. নারী উদ্যোক্তা কর্মসংস্থান ঋণের আওতায় বিদেশগামী নারী কর্মীদের জন্য "নারী অভিবাসন ঋণ" এবং বিদেশ ফেরত নারী জন্য"নারী পুনর্বাসন ঋণ":

বাংলাদেশী কোন নারী নাগরিক চাকুরীর উদ্দেশ্যে অন্য কোন দেশে গমন করলে সে ক্ষেত্রে ব্যাংক থেকে ঐ নারীর আবেদনের প্রেক্ষিতে সহজ শর্তে জামানত ব্যতিরেকেসর্বোচ্চ ০৩ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়। অপরপক্ষে বাংলাদেশী কোন নারী নাগরিক চাকুরীর উদ্দেশ্যে অন্য কোন দেশে গমন করার পরে বিভিন্ন কারণে স্বদেশে ফিরে আসার পর স্বাবলম্বী হওয়ার ইচ্ছায় কোন ধরণের প্রকল্প/ব্যবসা শুরু করলে সে ক্ষেত্রে সহজ শর্তে জামানত ব্যতিরেকে সর্বোচ্চ ৩ লক্ষ টাকা এবং জামানতসহ সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়। এক্ষেত্রে ১ (এক) লক্ষ টাকা পর্যন্ত ঋণের জন্য কোন ইক্যুইটি প্রয়োজন হয় না।

## ৩.০ প্রবাসী কল্যাণ ব্যাংক এর সঞ্চয়ী সেবাসমূহঃ

- সঞ্চয় প্রকল্প;
- বঙ্গবন্ধু মাসিক সঞ্চয় স্কিম;
- বঙ্গবন্ধু দ্বিগুণ আমানত স্কিম;
- বঙ্গবন্ধু শিক্ষা সঞ্চয় স্কিম;
- বিবাহ সঞ্চয় স্কিম।

## ৪.০ বিগত তিন বছরের ঋণ সেবা বিতরণ, আদায় ও শাখার সংখ্যার তুলনামূলক প্রবৃদ্ধিরচিত্র নিম্নরূপঃ

| ক্রম | বিষয় | অর্থবছর | | প্রবৃদ্ধি | অর্থবছর | | প্রবৃদ্ধি |
|---|---|---|---|---|---|---|---|
| | | ২০১৯-২০২০ | ২০২০-২০২১ | | ২০২০-২০২১ | ২০২১-২০২২ | |
| ০ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | সেবা গ্রহীতার সংখ্যা | ৩,৩৪০ জন | ১১,৫৩২ জন | ২৪৫.২৭% | ১১,৫৩২ জন | ৩৯,২২১ জন | ২৪০.১১% |
| ২. | ঋণ বিতরণের পরিমাণ | ১০৮.৯৬ কোটি | ২৬৭.৯৬ কোটি | ১৪৫.৯৩% | ২৬৭.৯৬ কোটি | ৯০০.১৭কোটি | ২৩৫.৯৩% |
| ৩. | ঋণ আদায়ের পরিমাণ | ৭৫.২০ কোটি | ৮০.০৬ কোটি | ৬.৪৬% | ৮০.০৬ কোটি | ২৪৯.৪৬ কোটি | ২১১.৫৯% |
| ৪. | শাখার সংখ্যা | ৬৩ টি | ৮৩ টি | ৩১.২৫% | ৮৩ টি | ১০০ টি | ২০.৪৮% |
| ৫. | পরিচালন আয় | ৩৫.৭০ কোটি | ৪২.৪০ কোটি | ১৮.৭৭% | ৪২.৪০ কোটি | ৬৩.৬৮ কোটি | ৫০.১৯%৬.০ |


সেবা গ্রহীতার সংখ্যা
৪৫,০০০
৪০,০০০
৩৫,০০০
৩০,০০০
২৫,০০০
২০,০০০
১৫,০০০
১০,০০০
৫,০০০
০
৩,৩৪০
১১,৫৩২
৩৯,২২১
২০১৯-২০২০
২০২০-২০২১
২০২১-২০২২


ঋণ বিতরণের পরিমাণ
১০০০.
৮০০.
৬০০.
৪০০.
২০০.
০.
১০৮.৯৬
২৬৭.৯৬
৯০০.১৭
২০১৯-২০২০
২০২০-২০২১
২০২১-২০২২


ঋণ আদায়ের পরিমাণ
৩০০.
২৫০.
২০০.
১৫০.
১০০.
৫০.
০.
৭৫.২
৮০.০৬
২৪৯.৪৬
২০১৯-২০২০
২০২০-২০২১
২০২১-২০২২

## ৬.০ ঋণ বিতরণে প্রবাসী কল্যাণ ব্যাংকঃ ব্যাংকটির প্রতিষ্ঠার পর থেকে ৩০ জুন ২০২২ পর্যন্তঃ

- সর্বমোট ৯৩,৫৩৭ জন ঋণ সেবা গ্রহীতাকে ১,৬৮৩.৭৭ কোটি টাকা ঋণ বিতরণ করেছে;
- বিদেশগামী মোট ৮০,২৭১ জন ঋণ সেবা গ্রহীতাকে মোট ১,৩২৪.১২ কোটি টাকা সকল ধরণের অভিবাসন ঋণ হিসেবে বিতরণ করেছে;
- দেশে প্রত্যাগত অভিবাসী কর্মীদের মধ্যে ১৩,২৬৬ জন ঋণ সেবা গ্রহীতাকে মোট ৩৫৯.৬৫ কোটি টাকা সকল ধরণের পুনর্বাসন ঋণ হিসেবে প্রদান করেছে;
- কোভিড-১৯-এর সৃষ্ট অর্থনৈতিক সংকট মোকাবেলায় অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ হতে প্রাপ্ত ৫০০ কোটি টাকা হতে ১১,২১৬ জনকে ২৬৯.২২ কোটি টাকা ঋণ সেবা প্রদান করা হয়েছে। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় হতে প্রাপ্ত ২০০ কোটি টাকা হতে ৬,৪৬০ জনকে ১৭১.২৮ কোটি টাকা বিশেষ পুনর্বাসন ঋণ (কোভিড-১৯) হিসেবে বিতরণ করা হয়েছে।

## ৭.০ ২০২১-২০২২ অর্থবছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলির বিবরণ নিম্নরূপঃ

**ক.** ২০২১-২২ অর্থবছরে প্রবাসী কল্যাণ ব্যাংকের শাখার সংখ্যা ৮৩ (তিরাশি) টি থেকে উন্নীত করে ১০০ (একশত) টি করা হয়েছে। বর্তমানে দেশের প্রতিটি জেলায় অত্র ব্যাংকের শাখা রয়েছে।

**খ.** ২০২০-২১ অর্থবছরের তুলনায় ২০২১-২২ অর্থবছরে প্রবাসী কল্যাণ ব্যাংকে ঋণ বিতরণে প্রবৃদ্ধির হার ২৩৫.৯৩% এবং ঋণ আদায়ের প্রবৃদ্ধির হার ২১১.৫৯%;

